(গ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Surplus, Terminology, Subsidy, Bail, Forecast, Census, Hostage, Leapyear, Copyright.

(ঘ) বিপরীত শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
তেজি, নিষিদ্ধ, ক্ষমা, দুরন্ত, বাচাল, ব্যষ্টি, গুপ্ত, গৃহী, দাতা।

(ঙ) সমার্থক শব্দ লেখ (যেকোনো তিনটির দুটি করে) :
স্বর্ণ, পাখি, পদ্ম, হাতি, আকাশ।

(চ) সন্ধি ও সমাসের প্রধান ছয়টি পার্থক্য উদাহরণসহ লেখ।

(ছ) শব্দ কাকে বলে? অর্থগত বিচারে বাংলা শব্দ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

(জ) উদাহরণসহ আধুনিক বাংলা বানানের ছয়টি নিয়ম লেখ।

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

অথবা (খ) স্বদেশের উপকারে নেই যার মন,
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

চট্টগ্রাম বোর্ড–২০১৩

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) মানবকল্যাণে বিজ্ঞান;

(খ) স্বদেশপ্রেম;

(গ) বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধি ও তার প্রতিকার;

(ঘ) জাতি গঠনে নারীসমাজের ভূমিকা;

(ঙ) একটি বর্ষণমুখর দুপুর।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫ = ৩০

(ক) একটি সার্থক বাক্য গঠনের জন্য কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখ।

(খ) অর্থগতভাবে বাংলা ভাষার শব্দসমহকে কয় ভাগে ভাগ করা যায়? উদাহরণসহ লেখ।

(গ) সন্ধি ও সমাসের পার্থক্য আলোচনা কর।

(ঘ) শুদ্ধ বানান লেখ (যেকোনো ছয়টি) :
ভূবন, ষ্টেশন, মহুর্ত, পুরান, স্বরস্বতী, অন্তভুক্ত, দ্রুন্ত, কর্মজীবি, গীতাঞ্জলী।

(ঙ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি–প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
মেঠো, পড়ুয়া, মিশুক, নিড়ানি, উৎরাই, দর্শন, জনক, চতুরালি, মোগলাই।

(চ) যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
কিরণ, পৃথিবী, সমুদ্র, চন্দ্র, আকাশ, রাত্রি।

(ছ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
ফুলকুমারী, কুসুমকোমল, পানাপুকুর, মাছধরা, ছায়াশীতল, মধুমাখা, রাজপথ, বিয়েপাগল, পদচ্যুতি।

(জ) বাংলা পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Dialect, Global, Rank, Registration, Cartoon, Editor, Sabotage, Lien, Interim.

৬. (ক) তোমার কলেজে সম্পতি অনুষ্ঠিত নবীনবরণ অনুষ্ঠানের বিবরণ দিয়ে বন্ধুর নিকট একটি পত্র লেখ। ১০

অথবা, (খ) প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসাবে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র তৈরি কর।

৭। (ক) ঘর্ণিঝড় উপদ্রুত একটি এলাকার বিপর্যস্ত জনজীবন সম্পর্কে প্রতিবেদন রচনা কর। ১০

অথবা, (খ) 'আলোকিত সমাজ গড়' শিরোনামে আলোচনা সভার প্রধান অতিথির জন্য একটি ভাষণ তৈরি কর।

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) মঙ্গল করিবার শক্তিই ধন, বিলাস ধন নহে।

অথবা, (খ) যে সহে, সে রহে।

সিলেট বোর্ড–২০১৩

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ : ২০

(ক) কম্পিউটার ও আধুনিক সভ্যতা;

(খ) পরিবেশ দষণ ও তার প্রতিকার;

(গ) বাংলাদেশের পর্যটন শিল্প;

(ঘ) আমাদের মুক্তিযুদ্ধ;

(ঙ) শীতের সকাল।

৫। (ক) কোনো কলেজে 'প্রভাষক' পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে অনুষ্ঠিতব্য সাংস্কৃতিক প্রতিযোগিতা উপলক্ষে একটি আমন্ত্রণপত্র তৈরি কর।

৬। (ক) 'জাতি গঠনে ছাত্রসমাজের ভূমিকা' শীর্ষক আলোচনা সভায় উপস্থাপনের জন্য প্রধান অতিথির একটি মঞ্চভাষণ প্রস্তুত কর। ১০

অথবা, (খ) নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের মল্যবৃদ্ধি সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন তৈরি কর।

৭। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫= ৩০

(ক) উৎপত্তিগতভাবে বাংলা শব্দ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

(খ) সন্ধি ও সমাসের মধ্যকার প্রধান ছয়টি পার্থক্য বর্ণনা কর।

(গ) নিচের শব্দগুলোর শুদ্ধরূপ লেখ (যেকোনো ছয়টি) :
ইতিমধ্যে, অপরাহ্ন, শিরচ্ছেদ, মনোপুত, আকাংখা, শান্তনা, দৈন্যতা, নুপুর, মুখস্ত।

(ঘ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
জ্যোৎস্নারাত, অনাশ্রিত, বজ্রকণ্ঠ, যথাসাধ্য, যাদুকর, গৃহান্তর, মোহনিদ্রা, সেতার, মিঠেকড়া।

(ঙ) যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
মেঘ, সর্য, জল, সমুদ্র, বৃক্ষ।

(চ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
জেলে, মেঠো, পানসে, ত্যাগ, কারক, সাহিত্য, কান্না, মৃন্ময়, মিঠাই।

(ছ) বিপরীতার্থক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
বন্ধুর, আর্দ্র, ঐহিক, আকিঞ্চন, অপচয়, ক্ষয়িষ্ণু, গৃহী, বিরল, নিরক্ষর।

(জ) বাংলা পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Goods, Nursery, Manuscript, Zone, Venue, Reform, Global, Auditor, Rank.

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।

অথবা, (খ) স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

বরিশাল বোর্ড–২০১৩

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) শিষ্টাচার;
(খ) মানবকল্যাণে বিজ্ঞান;
(গ) একুশ আমার অহংকার;
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প;
(ঙ) ডিজিটাল বাংলাদেশ।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০

(ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের লক্ষণ কী কী? উদাহরণসহ বর্ণনা কর।
(খ) উৎস বা উৎপত্তির বিচারে বাংলা শব্দ কয় প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।
(গ) সন্ধি ও সমাসের পার্থক্য উদাহরণসহ বর্ণনা কর।
(ঘ) নিচের যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
সংযম, মুকুল, নারী, সমুদ্র, অগ্নি।
(ঙ) যেকোনো ছয়টি শব্দের বিপরীত শব্দ লেখ :
কৃতজ্ঞ, ঐহিক, স্থাবর, এঁড়ে, বরখাস্ত, হরণ, স্তাবক, ক্ষীয়মাণ, তিরস্কার।
(চ) যেকোনো ছয়টি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ :
Allegation, Bench, Broadcast, Client, Deposit, Eye-witness, Famine, Honorary, Pay-slip.
(ছ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
বাজিকর, অনিবার্য, অকালবার্ধক্য, জন্মান্ধ, ওলকপি, শশব্যস্ত, চতুর্ভুজ, গোলাপফুল, সুশীল।
(জ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
নায়ক, মুগ্ধ, বক্তব্য, জেলে, হাসি, সাহিত্যিক, সাঁতারু, বাঙালি, দ্রাঘিমা।

৬। (ক) তোমার এলাকায় সন্ত্রাসীদের উপদ্রব সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে নববর্ষ উদ্‌যাপনের বর্ণনা দিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।

৭। (ক) "ইভটিজিং প্রতিরোধে ছাত্র সমাজের ভূমিকা" শীর্ষক সেমিনারে উপস্থাপনের জন্য প্রধান বক্তা হিসেবে একটি মঞ্চভাষণ প্রস্তুত কর। ১০

অথবা, (খ) তোমার কলেজে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার ওপর পত্রিকায় প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন রচনা কর।

৮। ভাব–সম্প্রসারণ কর :

(ক) জ্ঞানহীন মানুষ পশুর সমান।

অথবা, (খ) আমার একার আলো সে যে অন্ধকার,
যদি না সবারে অংশ দিতে পারি তার।

দিনাজপুর বোর্ড–২০১৩

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় প্রবন্ধ রচনা কর : ২০

(ক) স্বদেশপ্রেম;
(খ) কৃষিক্ষেত্রে বিজ্ঞানের প্রয়োগ;
(গ) অপসংস্কৃতি ও আমাদের যুবসমাজ;
(ঘ) জাতি গঠনে নারীসমাজের ভূমিকা;
(ঙ) নদীতীরে সর্যাস্তের দৃশ্য।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫ = ৩০

(ক) সন্ধি ও সমাসের ছয়টি প্রধান পার্থক্য লেখ।

(খ) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের ছয়টি নিয়ম উদাহরণসহ লেখ।

(গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
সহৃদয়, অনাচার, যথাসাধ্য, বনভোজন, সৈন্য–সামন্ত, আয়কর, ত্রিলোক, শ্বাপদ, পুষ্পসৌরভ।

(ঘ) যেকোনো ছয়টি শব্দের বিপরীত শব্দ লেখ :
তীব্র, প্রবল, বিরল, সৌম্য, বিদ্বান, বনভোজন, সৈন্য–সামন্ত, আয়কর, ত্রিলোক, শ্বাপদ, পুষ্পসৌরভ।

(ঙ) নিচের যেকোনো তিনটি শব্দের দু'টি করে সমার্থক শব্দ লেখ :
চাঁদ, বন, পৃথিবী, বাতাস, নারী।

(চ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
বার্ষিক, জেলে, শ্রবণ, মানব, খেলনা, দারোয়ান, পান্তা, মৃন্ময়, ঘাতক।

(ছ) নিচের বানানগুলো শুদ্ধ করে লেখ (যেকোনো ছয়টি) :
আলচ্যমান, উপযোগীতা, কল্যান, জীবীকা, বিদষি, পিপিলিকা, ব্যপ্ত, মুখস্ত, সংস্কৃতিক।

(জ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Bond, Global, Allotment, Dialect, Optional, Rank, Manuscript, Crown, Surplus.

৬। (ক) দ্রব্যমল্যের ঊর্ধ্বগতি রোধে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখ। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে অফিস সহকারীর শন্য পদে নিয়োগের আবেদন জানিয়ে পত্র লেখ।

৭। (ক) মাদকাসক্তির কুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে একটি ভাষণ তৈরি কর। ১০

অথবা, (খ) ঘর্ণিঝড় উপদ্রুপ একটি এলাকার বিপর্যস্ত জনজীবন সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৮। ভাব–সম্প্রসরণ কর : ১০

(ক) অন্যায় যে করে আর অন্যায় যে সহে তব ঘৃণা যেন তারে তৃণ–সম দহে।

অথবা, (খ) দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য।

ঢাকা বোর্ড–২০১৪

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম;

(খ) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;

(গ) একবিংশ শতাব্দীর নারীসমাজ;

(ঘ) ষড়ঋতুর বাংলাদেশ;

(ঙ) বাংলাদেশের পর্যটন শিল্প।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫ = ৩০

(ক) গঠন অনুসারে বাক্যের প্রকারভেদ উদাহরণসহ আলোচনা কর।

(খ) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"– আলোচনা কর।

(গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
আলুনি, বাহুলতা, মহাজন, আয়কর, যুগান্তর, সলিল সমাধি, সপ্তডিঙ্গা, অনাশ্রিত, কানাকানি।

(ঘ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
পার্থিব, দ্রাঘিমা, ঐহিক, নোনতা, মালাই, ঘোলাটে, হাতুড়ে, মুগ্ধ, জ্যান্ত।

(ঙ) বিপরীত শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
গৃহীত, ঐক্য, সৌম্য, চিরায়ত, সুশীল, অগ্রজ, উৎকর্ষ, তিমির, দুর্জন।

(চ) বানান শুদ্ধ কর (যেকোনো ছয়টি) :
ইতিমধ্যে, সমিচিন, চতুস্কোন, পিপিলিকা, পানিনী, ঐক্যমত্য, মনিষি, শ্রদ্ধাঞ্জলী, সম্বর্ধনা।

(ছ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Deputation, Bookpost, Civilwar, Hostage, Principle, Embargo, Interim, Acting, Witness.

(জ) যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
পর্বত, ঢেউ, ভ্রমর, অন্ধকার, সর্য।

৬। (ক) শিক্ষাসফরের অনুমতি চেয়ে অধ্যক্ষের নিকট আবেদনপত্র লেখ। ১০

অথবা, (খ) একটি বেসরকারি প্রতিষ্ঠানে ব্যবস্থাপক পদে নিয়োগের জন্য একটি আবেদন পত্র লেখ।

৭। (ক) 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষে একজন বক্তা হিসেবে একটি ভাষণ তৈরি কর। ১০

অথবা, (খ) 'খাদ্যে ভেজাল ও তার প্রতিকার' চেয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) জন্ম হোক যথা, তথা কর্ম হোক ভালো।

SINCE 1993 NABARUN PUBLICATION

অথবা, (খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

রাজশাহী বোর্ড–২০১৪

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর: ২০
(ক) কৃষিক্ষেত্রে বিজ্ঞান;
(খ) পরিবেশ দষণ ও তার প্রতিকার;
(গ) স্বদেশপ্রেম;
(ঘ) শীতের সকাল;
(ঙ) সংবাদপত্রের স্বাধীনতা ও গণতন্ত্র।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৬ × ৫ = ৩০
(ক) উৎপত্তি অনুসারে বাংলা শব্দ কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর।
(খ) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর।
(গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
নবপৃথিবী, আমরা, উপবন, রাজপথ, প্রগতি, বাকবিতণ্ডা, সপ্তর্ষি, বীণাপাণি, শশব্যস্ত।
(ঘ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
নেতা, দোলনা, লালিমা, উক্তি, জয়, মেটে, টেকো, লজ্জিত, গন্তব্য, দিশারী।
(ঙ) পারিভাষিক রূপ লেখ (যেকোনো ছয়টি) :
Walk-out; Embargo; Ballot-paper; Cabinet; Galaxy; Campus; Zone; Phonetics; Skill.
(চ) যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ:
কণক, পক্ষী, নারী, বৃক্ষ, পদ্ম।
(ছ) বিপরীত শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
বিধবা, ঋজু, আবাহন, মসৃণ, সৃষ্টি, গ্রাম্য, নিন্দুক, খল, অমৃত, কদাচিৎ।
(জ) বানান শুদ্ধ করে লেখ (যেকোনো ছয়টি) :
সমিচীন, লজ্জাক্ষর, সন্যাসী, পীপিলীকা, গীতাঞ্জলী, শশুষা, স্বরস্বতী, আবিস্কার, ঐক্যতান, মুমুর্ষু, অপরাহ্ন, ষ্টেশন।

৬। (ক) 'মাদকাসক্তির কুফল' জানিয়ে তোমার ছোট ভাইকে একটি উপদেশমূলক পত্র লেখ। ১০
অথবা, (খ) কোনো শিক্ষা প্রতিষ্ঠানে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগের জন্য আবেদনপত্র রচনা কর।

৭। (ক) ঘাতক ব্যাধি 'এইডস' এর ভয়াবহ পরিণতি সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে যুবসমাজের উদ্দেশ্যে একটি ভাষণ তৈরি কর। ১০
অথবা, (খ) বর্তমানে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম বৃদ্ধি সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০
(ক) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে; বয়সের মধ্যে নহে।
অথবা, (খ) স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

কুমিল্লা বোর্ড–২০১৪

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০
(ক) অধ্যবসায়;
(খ) আধুনিক তথ্য–প্রযুক্তি ও আমাদের জীবন;
(গ) শীতের সকাল;
(ঘ) গণতন্ত্র ও বাংলাদেশ;
(ঙ) একজন মুক্তিযোদ্ধার আত্মকাহিনি।

৫। (ক) আর কে গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ঢাকা নামের কোম্পানিতে 'হিসাবরক্ষণ কর্মকর্তা' পদে একজন লোক নিয়োগ করা হবে। এ পদের একজন প্রার্থী হিসেবে একটি আবেদনপত্র লেখ। (তোমার নাম হাসিন আহম্মদ; ঠিকানা লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা) ১০
অথবা, (খ) তোমার কলেজের অধ্যক্ষ মহোদয়ের 'অবসরজনিত বিদায়' উপলক্ষে একটি মানপত্র লেখ।

৬। (ক) "আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য"– শীর্ষক আলোচনা সভায় বক্তা হিসেবে একটি মঞ্চভাষণ রচনা কর। ১০
অথবা "খাদ্যে ভেজাল ও তার প্রতিকার" শিরোনামে একটি প্রতিবেদন রচনা কর।

৭। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫ = ৩০
(ক) অর্থ অনুসারে শব্দ কত প্রকার ও কী কী? উদাহরণসহ বর্ণনা কর।

(খ) "উপসর্গের অথবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"– আলোচনা কর।
(গ) একটি সার্থক বাক্যের কী কী বৈশিষ্ট্য থাকা দরকার? বুঝিয়ে দাও।
(ঘ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
দম্পতি, কচুকাটা, উপজেলা, তেপায়া, দেশান্তর, প্রাণপাখি, প্রগতি, সপ্তর্ষি, কাজলকালো।
(ঙ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি–প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
নীলিমা, ধর্ম, সৈনিক, মানব, লাজুক, জেলে, সাঁতারু, ভক্ত, সম্রাট।
(চ) যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
পৃথিবী, কোকিল, পতাকা, বৃক্ষ, অশ্রু।
(ছ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Agenda, Bail, Cartoon, Dialect, Manifesto, Rank, File, White-paper, Zone.
(জ) শুদ্ধভাবে বানান লেখ (যেকোনো ছয়টি) :
ঐক্যমত; সহযোগীতা; ইতিমধ্যে; স্বার্থকতা; শান্তনা; আকাংখা; শ্রদ্ধাঞ্জলী; লজ্জাস্কর; সৃষ্ট।

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০
(ক) প্রাণ থাকলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।
অথবা, (খ) সংসার সাগরে দুঃখ তরঙ্গের খেলা,
আশা তার একমাত্র ভেলা।

যশোর বোর্ড–২০১৪

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর: ২০
(ক) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ;
(খ) নারীশিক্ষা;
(গ) কৃষিক্ষেত্রে বিজ্ঞান;
(ঘ) বাংলাদেশের উৎসব;
(ঙ) মানবাধিকার।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫ = ৩০
(ক) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
খড়মপা, পদদলিত, নীলকণ্ঠ, যথেষ্ট, তেরোনদী, আয়কর, হিতাহিত, লাঠালাঠি, যুগান্তর।
(খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
বরণীয়, মিঠাই, দোলনা, বেলে, চেনা, মিথ্যুক, মিশুক, ইতরামি, দৈনিক।
(গ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Year book, Corruption, Manuscript, Civil war, Biography, Public fund, War crime, Dead lock, Fine arts.
(ঘ) বিপরীত শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
বরখাস্ত, অন্ধ, বিরত, বিপন্ন, মহাজন, সৌম্য, নিরক্ষর, কৌতূহলী, সুশীল।
(ঙ) শব্দ শুদ্ধ করে লেখ (যেকোনো ছয়টি) :
একত্রিক, বয়ঃজেষ্ঠ্য, সমিচিন, দৈন্যতা, ভৌগলীক, নুন্যতম, পৈত্রিক, শিরচ্ছেদ, আকাংখা।
(চ) সমার্থক শব্দ লেখ (যেকোনো তিনটির দুটি করে) :
সন্ধ্যা, চোখ, কোকিল, আগুন, আকাশ।
(ছ) "উপসর্গের অর্থবাচকতা নাই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"– ব্যাখ্যা কর।
(জ) বাক্য কাকে বলে? গঠনগতভাবে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ তাদের পরিচয় দাও।

৬। (ক) তোমার এলাকার রাস্তা–ঘাটের দুরবস্থার প্রতি যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে দৈনিক পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র রচনা কর। ১০
অথবা, (খ) তোমার দেখা 'বইমেলা' সম্পর্কে বিস্তারিত জানিয়ে প্রবাসী বন্ধুকে পত্র লেখ।

৭। 'মোবাইল ফোনের অপব্যবহার' বিষয়ে একটি প্রতিবেদন লেখ। ১০
অথবা 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদযাপন অনুষ্ঠানের প্রধান অতিথির একটি ভাষণ রচনা কর।

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০
(ক) যে সহে, সে রহে।
অথবা, (খ) স্বদেশের উপকারে নেই যার মন,
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

চট্টগ্রাম বোর্ড–২০১৪

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) শিষ্টাচার;
(খ) বাংলাদেশের কৃষি ও কৃষক;
(গ) মুক্তিযুদ্ধের চেতনা;
(ঘ) পরিবেশ সংরক্ষণে বনায়ন;
(ঙ) জাতীয় উন্নয়নে তথ্য প্রযুক্তির ভূমিকা।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬ × ৫ = ৩০

(ক) শব্দ কাকে বলে? গঠন অনুসারে শব্দের শ্রেণিবিভাগ করে প্রত্যেক প্রকারের সংজ্ঞাসহ উদাহরণ দাও।
(খ) ণ–ত্ব বিধান কী? ণ–ত্ব বিধানের পাঁচটি নিয়ম লেখ।
(গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
অলসতন্দ্রা, ঈগল পাখি, উদ্বেল, কলঙ্করেখা, গাছপাকা, চা–বাগান, জয়মুকুট, জনাকীর্ণ, মিঠেকড়া।
(ঘ) শুদ্ধ বানান লেখ (যেকোনো ছয়টি) :
সহকারী, হীনমন্যতা, সম্বর্ধনা, শ্বাশুড়ি, মুখস্ত, ভস্ম, প্রাণীজগৎ, পন্য, ঘুরাঘুরি।
(ঙ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি–প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
তন্বী, নবান্ন, ঢাকেশ্বরী, ডাকাত, রঢ়, সিংহ, হিমাচল, শীতার্ত, অন্যান্য।
(চ) যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
অঙ্গ, ইচ্ছা, ঊর্মি, ঘর, হাতি।
(ছ) বিপরীত শব্দ লেখ (যেকোনো ছয়টি):
আবিল, আদ্য, শুরু, ঐচ্ছিক, বিনয়, পুরস্কার, জটিল, ক্ষমা, সার্থক।
(জ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
By-election, Administrative, Current Account, Death Certificate, Edition, Guard, Highway, Leap Year, Prescription.

৬. (ক) স্মার্ট ফোন ব্যবহার সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ জানিয়ে ছোট ভাইকে পত্র লেখ। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে অফিস সহকারীর শন্যপদে নিয়োগের আবেদন জানিয়ে পত্র লেখ।

৭। (ক) 'ছাত্র রাজনীতির একাল ও সেকাল' শীর্ষক সেমিনারে উপস্থাপনের জন্য প্রধান বক্তা হিসেবে একটি মঞ্চভাষণ প্রস্তুত কর। ১০

অথবা, (খ) 'তোমার কলেজ গ্রন্থাগার' সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) অর্থই অনর্থের মল।

অথবা, (খ) স্বার্থমগ্ন যে জন বিমুখ বৃহৎ জগৎ হতে
সে কখনো শেখেনি বাঁচিতে।

সিলেট বোর্ড–২০১৪

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ : ২০

(ক) দৈনন্দিন কাজে বিজ্ঞান;
(খ) সাম্প্রদায়িক সম্প্রীতি;
(গ) মানবসম্পদ উন্নয়নে শিক্ষার গুরুত্ব;
(ঘ) স্বদেশপ্রেম;
(ঙ) একটি পর্ণিমা রাত।

৫। (ক) যানজটের সমস্যা রোধের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লেখ। ১০

অথবা, (খ) তোমার পড়া একটি বই সম্পর্কে মতামত জানিয়ে প্রবাসী বন্ধুর নিকট পত্র লেখ।

৬। (ক) 'মাদকদ্রব্যের ভয়াবহ পরিণতির' সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে যুব সমাজের উদ্দেশ্যে একটি ভাষণ তৈরি কর। ১০

অথবা, (খ) 'পরিবেশগত ভারসাম্যের জন্য চাই বৃক্ষরোপণ'– এই শিরোনামে পত্রিকায় প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন রচনা কর।

৭। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬ × ৫ = ৩০

(ক) একটি সার্থক বাক্যে কী কী গুণ থাকা প্রয়োজন? উদাহরণসহ বর্ণনা কর।
(খ) উপসর্গ কাকে বলে? 'পরি' অথবা 'প্রতি' উপসর্গযোগে চারটি শব্দ গঠন কর।
(গ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
প্রাণভয়, তপোবন, ত্রিফলা, বিষাদসিন্ধু, দম্পতি, তেপান্তর, কোলাকুলি, গাছপাকা, যথারীতি।
(ঘ) নিচের শব্দগুলোর শুদ্ধরূপ লেখ :

অধ্যায়ন, শারীরিক, মুমর্ষ, পিপিলীকা, মনিষী, শুশ্রুষা, উজ্জল, আইনজীবি, ইতিমধ্যে।

(ঙ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
বক্তব্য, শ্রবণ, মানব, বৈঠক, মহিমা, মন্ত্রী, বহতা, মেধাবী, রাঁধুনি।

(চ) যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
চাঁদ, পাখি, পৃথিবী, পানি, আগুন।

(ছ) বিপরীতার্থক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
বিনীত, সন্ধ্যা, মহৎ, নির্লজ্জ, অলীক, হ্রাস, জোয়ার, সঞ্চয়, গ্রহণ।

(জ) বাংলা পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Option, Green-room, Salary, Banker, Adhoc, Virus, Validity, Tax, Urban.

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) পথের প্রান্তে আমার তীর্থ নয়
পথের দু'ধারে আছে মোর দেবালয়।

অথবা, (খ) সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই।

বরিশাল বোর্ড–২০১৪

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) স্বদেশপ্রেম;
(খ) সাম্প্রদায়িক সম্প্রীতি;
(গ) তোমার প্রিয় ব্যক্তিত্ব;
(ঘ) বাংলাদেশের পোশাক শিল্প;
(ঙ) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬ × ৫ = ৩০

(ক) অর্থগতভাবে শব্দ কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর।

(খ) বাক্য কাকে বলে? গঠনগত ভাবে বাক্যের শ্রেণিবিভাগ করে সংজ্ঞাসহ উদাহরণ দাও।

(গ) নিচের যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ।
সর্য, রাত্রি, পাখি, আনন্দ, বাতাস।

(ঘ) যেকোনো ছয়টি শব্দের বিপরীত শব্দ লেখ :
প্রলয়, নিরক্ষর, নৈসর্গিক, ঋজু, গুপ্ত, বিরক্ত, আর্দ্র, গৃহী, অর্বাচীন।

(ঙ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি):
সংবাদপত্র, দেহলতা, আরক্তিম, শীতাতপ, মহাত্মা, তেভাগা, লোকভয়, দ্রুতগামী, রাতকানা।

(চ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
মিঠাই, ফেরত, নাটুকে, নেতা, মানব, মেধাবী, পার্থিব, মুক্তি, ফুলেল।

(ছ) যেকোনো ছয়টি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ :
Census, Lease, Surplus, Initial, Pay order, Gratuity, Audio, Mineral, Duel.

(জ) যেকোনো ছয়টি শব্দের শুদ্ধ বানান লেখ :
ঐক্যতান, মুমুর্ষ, শান্তনা, ইতিপর্বে, সামীগৃহ, ঐক্যমত, বাল্মিকি, নুন্যতম, মনোকষ্ট।

৬। (ক) কোনো বেসরকারি উচ্চ বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে চাকরির জন্য একটি দরখাস্ত লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে অনুষ্ঠিতব্য নজরুল জন্ম–জয়ন্তী উপলক্ষে একখানি আমন্ত্রণপত্র রচনা কর।

৭। (ক) "দুর্নীতি প্রতিরোধে প্রয়োজন মূল্যবোধের পরিবর্তন"– শীর্ষক সেমিনারের উদ্দেশ্যে একখানি মঞ্চভাষণ প্রস্তুত কর। ১০

অথবা, (খ) শিশুশ্রম বন্ধের আবশ্যকতা তুলে ধরে একটি প্রতিবেদন রচনা কর।

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) সততাই সর্বউৎকৃষ্ট পন্থা।

অথবা, (খ) সবার উপরে মানুষ সত্য
তাহার উপরে নাই।

দিনাজপুর বোর্ড–২০১৪

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা পর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) অধ্যবসায়;
(খ) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) খাদ্যে ভেজাল ও তার প্রতিকার;
(ঘ) পোশাকশিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(ঙ) একটি জোৎস্নাশোভিত রাত।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৬ × ৫ = ৩০

(ক) কী কী উপায়ে শব্দ গঠিত হতে পারে? উদাহরণসহ আলোচনা কর।
(খ) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"– আলোচনা কর।
(গ) একটি সার্থক বাক্যের গুণগুলো কী কী? আলোচনা কর।
(ঘ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
আরক্তিম, যাদুকর, তেপান্তর, গায়েহলুদ, ঘোড়ারডিম, হাসাহাসি, প্রবচন, নাতজামাই, দম্পতি।
(ঙ) নিচের যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
আকাশ, সর্ষ, রাত, ইচ্ছা, কোকিল।
(চ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
দাতা, লালচে, সাংবাদিক, ধনবান, জ্যান্ত, ডাকাত, অনুরাগী, সোনালি, শিক্ষানবিস।
(ছ) নিচের বানানগুলো শুদ্ধ করে লেখ (যেকোনো ছয়টি):
শ্রদ্ধাঞ্জলী, আইনজীবি, ইংরেজী, পুরস্কার, সাতন্ত্র, ভৌগলীক, ফটোস্টেট, প্রাণীবিদ্যা, শান্তনা।
(জ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Census, Fiction, Index, Leap-year, Oath, Sabotage, Venue, Zone, Deed.

৬। (ক) তোমার কলেজে একজন বরেণ্য ব্যক্তির আগমন উপলক্ষে একটি অভিনন্দনপত্র রচনা কর। ১০

অথবা, (খ) সম্প্রতি পড়া একটি বই সম্পর্কে ধারণা দিয়ে তোমার বন্ধুকে একটি পত্র লেখ।

৭। (ক) 'সড়ক দুর্ঘটনা : কারণ ও প্রতিরোধের উপায়' শীর্ষক সেমিনারে উপস্থাপনের উপযোগী একটি ভাষণ রচনা কর। ১০

অথবা, (খ) 'শীতার্ত মানুষদের দুঃসহ জীবন' শিরোনামে একটি প্রতিবেদন রচনা কর।

৮। ভাব–সম্প্রসরণ কর : ১০

(ক) স্পষ্টভাষী শত্রু নির্বাক মিত্র অপেক্ষা ভালো।

অথবা, (খ) স্বদেশের উপকারে নাই যার মন
কে বলে মানুষ তারে পশু সেইজন।

NABARUN PUBLICATION

ঢাকা বোর্ড–২০১৫

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা পর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) মানবজীবনে শিষ্টাচার;
(খ) কৃষিকাজে বিজ্ঞান;
(গ) জাতিগঠনে নারীসমাজের ভূমিকা;
(ঘ) বৈশ্বিক উষ্ণায়ন ও জলবায়ু পরিবর্তন;
(ঙ) বাংলাদেশের পর্যটন শিল্প।

৫। (ক) তোমার কলেজে 'নজরুল জন্মজয়ন্তী' উদযাপন উপলক্ষে একটি আমন্ত্রণ পত্র রচনা কর। ১০

অথবা, (খ) সদ্য পঠিত একটি বই সম্পর্কে বন্ধুকে একখানা পত্র লেখ।

৬। (ক) 'আলোকিত মানুষ চাই।'– শীর্ষক আলোচনা সভার প্রধান বক্তা হিসেবে একটি ভাষণ তৈরি কর। ১০

অথবা, (খ) তোমার কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার ওপর একটি প্রতিবেদন রচনা কর।

৭। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০

(ক) শব্দ কাকে বলে? গঠন অনুসারে শব্দ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।
(খ) গঠন অনুসারে বাক্যের প্রকারভেদ উদাহরণসহ লেখ।
(গ) যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ:

আকাশ, কেশ, মাতা, রাত্রি, সমুদ্র।

(ঘ) শুদ্ধ বানান লেখ (যেকোনো ছয়টি) :
আকাংখা, সম্বর্ধনা, শুশ্রুষা, দৈন্যতা, শিরচ্ছেদ, মনোকস্ট, নুন্যতম, জ্যেষ্ঠ্য, প্রতিযোগীতা।

(ঙ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি):
তোমরা, ভাতরাঁধা, বীণাপাণি, ষড়ঋতু, দুর্ভিক্ষ, তেপায়া, কুসুমকোমল, মোহনিদ্রা, পল্লীকবি।

(চ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
ছুটি, পানসে, হাতুড়ে, মুক্তি, দারোয়ান, বক্তব্য, নেতা, সাহিত্যিক, মেধাবী।

(ছ) যেকোনো ছয়টি শব্দের পারিভাষিক রূপ লেখ :
Census, Legend, Book-post, Lien, Sabotage, Subsidy, Index, Hostage, Excuse.

(জ) বিপরীত শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
ঋতু, ঐহিক, মর্ত, চিন্ময়, বিদ্বান, সৌম্য, বিরাগ, ভূত, আশীর্বাদ।

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।

অথবা, (খ) স্বদেশের উপকারে নাই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

রাজশাহী বোর্ড–২০১৫

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ : ২০
(ক) মানবকল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি;
(খ) বাংলাদেশের পর্যটন শিল্প;
(গ) একুশ আমার অহংকার;
(ঘ) বাংলাদেশের সামাজিক উৎসব;
(ঙ) অধ্যবসায়।

৫। (ক) তোমার এলাকায় আইন–শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কথা জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে 'নজরুল জয়ন্তী' উদ্‌যাপন উপলক্ষে একটি নিমন্ত্রণ পত্র রচনা কর।

৬। (ক) "আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য" শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণ তৈরি কর। ১০

অথবা, (খ) সম্প্রতি দেশে সড়ক দুর্ঘটনা বেড়ে যাওয়ার কারণ ও প্রতিকার সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৭। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০

(ক) "ভাষায় অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কারের নামই ব্যাকরণ।"– আলোচনা কর।

(খ) অর্থগতভাবে বাংলা ভাষার শব্দসমহকে কয়ভাগে ভাগ করা যায়? উদাহরণসহ লেখ।

(গ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
তপোবন, অনতিবৃহৎ, পকেটমার, অল্পপ্রাণ, মন্দভাগ্য, নবপৃথিবী, বিপত্নীক, যৌবনসর্য, দেশান্তর।

(ঘ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
কারক, সম্রাট, নশ্বর, মৃন্ময়, নীলিমা, শৈশব, উক্তি, বিদ্যুৎ, পানতা।

(ঙ) বিপরীতার্থক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
অশন, অপচয়, ঐশ্বর্য, ঈষৎ, কৃষ্ণ, তাপ, তীব্র, মিত্র, বন্ধুর।

(চ) যেকোনো পাঁচটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ:
নদী, মেঘ, অশ্ব, অগ্নি, রাত্রি।

(ছ) নিচের যেকোনো ছয়টি শব্দের শুদ্ধরূপ লেখ :
শান্তনা, সন্যাসী, তোরন, দৈন্যতা, সমিরন, প্রনয়ন, পানিনি, স্বরস্বতী, মনোপুত।

(জ) বাংলা পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Legend, Embargo, Dialect, Civil-war, Cartoon, Biography, Global, File, Allotment.

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

অথবা, (খ) দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।

কুমিল্লা বোর্ড–২০১৫

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) একুশ আমার অহংকার;

(খ) জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব;

(গ) সভ্যতার বিকাশে বিজ্ঞান;

(ঘ) গণতন্ত্র ও বাংলাদেশ;

(ঙ) আমার শৈশব।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০

(ক) শব্দ গঠন বলতে কী বোঝায়? উদাহরণসহ বাংলা শব্দ গঠনের বিভিন্ন প্রক্রিয়ার বর্ণনা দাও।

(খ) বাক্য কাকে বলে? উদাহরণসহ বাংলা বাক্যের গঠনানুগ শ্রেণিবিন্যাস দেখাও।

(গ) "উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে।" প্রমাণ কর।

(ঘ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
কালরাত, উপজেলা, ষড়ঋতু, রাজনীতি, পঙ্কজ, অরুণরাঙা, সহোদর, আমরা, বাক্যান্তর।

(ঙ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
দীঘল, ত্যাগ, প্রগতি, রাখাল, গাইয়ে, দোলনা, পানসে, শোষক, নোনা।

(চ) বিপরীত শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
উপচয়, আদিষ্ট, ঐহিক, অবতরণ, ঔদ্ধত্য, সাকার, মহৎ, খাতক, বন্ধুর।

(ছ) যেকোনো ছয়টির পারিভাষিক রূপ লেখ :
Quota, Impeachment, Migration, Will, Spokesman, Paradox, Study, Thesis, Fiction.

(জ) শুদ্ধরূপ লেখ (যেকোনো ছয়টি) :
শান্তনা, সর্বশান্ত, শিরোচ্ছেদ, প্রোজ্জ্বলন, স্মরনার্থী, নন্যতম, এসিস্টেন্ট, মুহমহ, দারিদ্রতা।

৬। (ক) তোমার কলেজের সাহিত্য–সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান উপলক্ষে আমন্ত্রণপত্র রচনা কর। ১০

অথবা, (খ) নিজ এলাকায় কোনো জনকল্যাণমলক কাজে অংশগ্রহণের অভিজ্ঞতা ও আত্মতৃপ্তি বর্ণনা করে প্রবাসী বন্ধুকে পত্র লেখ।

৭। (ক) "এইডস–মৃত্যুর অপর নাম : বাঁচতে হলে জানতে হবে" শীর্ষক আলোচনা অনুষ্ঠানের উপযোগী ভাষণ প্রস্তুত কর। ১০

অথবা, (খ) 'বাজারে খাদ্যে ভেজাল ও বিষাক্ত রাসায়নিক দ্রব্য প্রয়োগ' সম্পর্কিত একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৮। **ভাব–সম্প্রসারণ কর :** ১০

(ক) সাহিত্য জাতির দর্পণস্বরূপ।

অথবা (খ) স্বদেশের উপকারে নাই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

যশোর বোর্ড–২০১৫

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য;

(খ) দেশ গঠনে ছাত্রসমাজের ভূমিকা;

(গ) ইন্টারনেট;

(ঘ) আমাদের মুক্তিযুদ্ধ ও দায়িত্ববোধ;

(ঙ) জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ন।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০

(ক) বাক্য কাকে বলে? গঠনগত দিক থেকে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর।

(খ) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের ছয়টি নিয়ম উদাহরণসহ লেখ।

(গ) সন্ধি ও সমাসের মধ্যে ছয়টি পার্থক্য উদাহরণসহ লেখ।

(ঘ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি):
নিরুদ্বেগ, অপর্যাপ্ত, অলসতন্দ্রা, নবরত্ন, উদ্বাস্ত, প্রত্যক্ষ, দম্পতি, কুশীলব, বজ্রকণ্ঠ।

(ঙ) নিচের যেকোনো তিনটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
কিরণ, পৃথিবী, স্বর্ণ, সিংহ, পাথর।

(চ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
আর্থিক, করণীয়, গ্রাম্যতা, জেলে, নকলনবিশ, পানীয়, বার্ষিক, বিধাতা, মন্ত্রী।

(ছ) নিচের বানানগুলো শুদ্ধ করে লেখ (যেকোনো ছয়টি) :
প্রনয়ন, ইতিপর্বে, দারিদ্রতা, উপরোক্ত, উচ্চাস, উচীৎ, স্বামীগৃহ, প্রতিদ্বন্দ্বীতা, ষ্টেশন।

(জ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Academic, Broker, Catalogue, Copyright, Dynamic, Equation, Terminology, Pay-bill, Global.

৬। (ক) কোনো শিক্ষা প্রতিষ্ঠানে অফিস সহকারীর শন্য পদে চাকরির জন্য আবেদন লেখ। ১০

অথবা, (খ) তোমার এলাকার আইন–শৃঙ্খলার অবনতির কথা জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্যে একটি পত্র লেখ।

৭। (ক) শহিদ দিবস উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে একুশের তাৎপর্য ব্যাখ্যা করে একটি ভাষণ রচনা কর। ১০

অথবা, (খ) 'দ্রব্যমল্যের ঊর্ধ্বগতির কারণ এবং তার প্রতিকারের' উপায় সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৮। ভাব–সম্পসারণ কর : ১০

(ক) ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়,
পর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।

অথবা, (খ) কীর্তিমানের মৃত্যু নেই।

চট্টগ্রাম বোর্ড–২০১৫

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা পর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) জাতীয় উন্নয়নে নারীসমাজের ভূমিকা;
(খ) বই পড়ার আনন্দ;
(গ) বাংলাদেশের পোশাক শিল্প;
(ঘ) পরিবেশ দষণ ও তার প্রতিকার;
(ঙ) বাংলাদেশের লোকজ উৎসব।

৫। (ক) তোমার কলেজে অনুষ্ঠিতব্য জাতীয় কবি কাজী নজরুল ইসলামের 'জন্মজয়ন্তী' উপলক্ষে একটি আমন্ত্রণপত্র রচনা কর। ১০

অথবা, (খ) কলেজ থেকে শিক্ষাসফরের অনুমতি চেয়ে অধ্যক্ষ বরাবর একটি আবেদনপত্র লেখ।

৬। (ক) 'নৈতিক অবক্ষয় উন্নয়নের অন্তরায়'– শিরোনামে প্রধান অতিথির একটি ভাষণ তৈরি কর। ১০

অথবা, (খ) তোমার এলাকায় অনুষ্ঠিত একটি তথ্য ও প্রযুক্তি মেলার ওপর প্রতিবেদন রচনা কর।

৭। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০

(ক) বাংলা ভাষায় কী কী উপায়ে শব্দ গঠিত হয়? উদাহরণসহ লেখ।

(খ) গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

(গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
ভবনদী, চিরকুমার, জনাকীর্ণ, উদ্বেল, যুগান্তর, রাজধানী, রাজনীতি, কুসুমকোমল, উপকূল।

(ঘ) বিপরীত শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
সৌম্য, নিরক্ষর, কৌতূহলী, আবাহন, অমৃত, কদাচিৎ, উদার, অর্বাচীন, বন্য।

(ঙ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
দাতা, বুনো, ঘাতক, দৈত্য, বেলে, উপ্ত, সাংবাদিক, পান্থা, সৃষ্টি।

(চ) ণ–ত্ব বিধান কী? ণ–ত্ব বিধানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

(ছ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Manuscript, Initial, Prepaid, Hygiene, Bio-data, Copyright, Nutrition, By-law, Broker.

(জ) যেকোনো পাঁচটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
পর্বত, ইচ্ছা, মেঘ, ময়র, পবন।

৮। ভাবসম্পসারণ কর : ১০

(ক) যে সহে সে রহে।

অথবা, (খ) শুনহ্ মানুষ ভাই,
সবার উপরে মানুষ সত্য তাহার উপর নাই।

সিলেট বোর্ড–২০১৫

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) শীতের সকাল;
(খ) জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশ;
(গ) কৃষিকাজে বিজ্ঞান;
(ঘ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;
(ঙ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০

(ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা কর।
(খ) কী কী উপায়ে বাংলায় নতুন শব্দ গঠিত হয়? উদাহরণসহ লেখ।
(গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি):
নবযৌবন, মোহনিদ্রা, মেঘলুপ্ত, হাত–পায়ে, গলাগলি, যথাসাধ্য, সপ্তর্ষি, দম্পতি, আমল।
(ঘ) বিপরীত শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
নিন্দিত, নৈসর্গিক, অপচয়, ক্ষয়িষ্ণু, বিনয়, যশ, সহযোগী, তীব্র, দৃঢ়।
(ঙ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
হাতল, ঢাকাই, মেধাবী, কমতি, বক্তব্য, লাজুক, দোলনা, মৃন্ময়, ধার্মিক।
(চ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Census, Feudal, Agenda, Legend, Lease, Galaxy, Bio-data, Surplus, Manifesto.
(ছ) আধুনিক বাংলা বানানের ছয়টি নিয়ম উদাহরণসহ লেখ।
(জ) যেকোনো পাঁচটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
পৃথিবী, আগুন, কনক, বাতাস, সমুদ্র।

৬। (ক) তোমার এলাকায় 'বিদ্যুৎ বিভ্রাট' নিরসনকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখ। ১০

অথবা, (খ) 'বাংলা নববর্ষ' উদযাপনের বর্ণনা দিয়ে তোমার প্রবাসী বন্ধুকে একটি পত্র লেখ।

৭। (ক) "সড়ক দুর্ঘটনা রোধে চাই সকলের সচেতনতা"– শীর্ষক আলোচনা সভায় প্রদানের জন্য একটি ভাষণ রচনা কর। ১০

অথবা, (খ) তোমার কলেজ গ্রন্থাগার সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) স্বদেশের উপকারে নাই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন!

(খ) বিশ্বে যা কিছু মহান সৃষ্টি, চির কল্যাণকর,
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।

বরিশাল বোর্ড–২০১৫

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) মুক্তিযুদ্ধের চেতনা;
(খ) জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশ;
(গ) মানবকল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি;
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প;
(ঙ) সেই যে আমার নানা রঙের দিনগুলো।

৫। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×৬=৩০

(ক) একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখ।
(খ) "উপসর্গের অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে"– আলোচনা কর।

NABARUN PUBLICATIONS

(গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) : দম্পতি, মোহনিদ্রা, তেপান্তর, কুম্ভকার, লোকভয়, উপবন, ছায়াতরু, হাসাহাসি, আয়কর।

(ঘ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
নেতা, মানব, মুক্তি, বহতা, মোড়ক, ডাকাত, বৈঠক, পাচক, মুগ্ধ।

(ঙ) যেকোনো পাঁচটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
মা, সাগর, চাঁদ, চোখ, ঘোড়া।

(চ) বিপরীত শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
প্রাচীন, বিরাগ, উদ্ধত, স্বাতন্ত্র্য, স্নিগ্ধ, গৌণ, ঐহিক, বাচাল, গৃহী।

(ছ) শুদ্ধ বানান লেখ (যেকোনো ছয়টি) :
সুষ্ঠ, প্রতিযোগীতা, আকাংখা, স্বস্ত্রীক, সখ্যতা, ইতিমধ্যে, মুমুর্ষ, প্রাণীবিদ্যা, উচ্ছল।

(জ) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
Audio, Bidder, Brand, Credit, Design, Exit, Justice, Myth, Up-to date.

৬। (ক) বাংলা একাডেমি আয়োজিত একুশে বইমেলার বিবরণ দিয়ে প্রবাসী বন্ধুর কাছে একটি পত্র লেখ। ১০

অথবা, (খ) কোনো শিক্ষা প্রতিষ্ঠানে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র লেখ।

৭। (ক) 'বাংলা নববষ' উপলক্ষে আয়োজিত আলোচনা সভার প্রধান বক্তার ভাষণ তৈরি কর। ১০

অথবা, (খ) তোমার কলেজে উদ্‌যাপিত 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' উপলক্ষে একটি প্রতিবেদন রচনা কর।

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

অথবা, (খ) জীবে প্রেম করে যেইজন,
সেইজন সেবিছে ঈশ্বর।

দিনাজপুর বোর্ড–২০১৫

বাংলা (আবশ্যিক) **দ্বিতীয় পত্র** বিষয় কোড **1 0 2**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

৪। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ : ২০

(ক) ইন্টারনেট ও আজকের বিশ্ব;

(খ) একুশের চেতনা;

(গ) বাংলাদেশের পর্যটন শিল্প;

(ঘ) পরিবেশ দষণ ও তার প্রতিকার;

(ঙ) আমাদের মুক্তিযুদ্ধ।

৫। (ক) কোনো কলেজে 'প্রভাষক' পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে 'নজরুল জয়ন্তী' উদ্‌যাপন উপলক্ষে সাংস্কৃতিক সম্পাদক হিসেবে একখানা আমন্ত্রণপত্র রচনা কর।

৬। (ক) 'দুর্নীতির কারণ ও প্রতিকার' শীর্ষক আলোচনা সভার প্রধান বক্তা হিসেবে একটি ভাষণ তৈরি কর। ১০

অথবা, (খ) 'খাদ্যে ভেজাল ও তার প্রতিকার' বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৭। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০

(ক) অর্থগতভাবে বাংলা শব্দ কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর।

(খ) "ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কারের নামই ব্যাকরণ।"– আলোচনা কর।

(গ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যেকোনো ছয়টি) :
সৈন্যসামন্ত, নবপৃথিবী, জোৎস্নারাত, আয়কর, আমরা, গ্রামান্তর, গায়েহলুদ, গৃহকর্ত্রী, জীবনপ্রদীপ।

(ঘ) নিচের শব্দগুলোর শুদ্ধরূপ লেখ (যেকোনো ছয়টি) :
শুশ্রুশা, দারিদ্রতা, শান্তনা, সমিচীন, অপরাহ্ন, আকাংখা, ইতিপর্বে, শিরোচ্ছেদ, ব্রাহ্মন।

(ঙ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো ছয়টি) :
দোলনা, সাঁতারু, কারক, ঐতিহাসিক, বক্তা, দ্রাঘিমা, কাঠুরে, নায়ক, জেলে।

(চ) যেকোনো পাঁচটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখ :
ইচ্ছা, ঘর, ঢেউ, পদ্ম, অশ্ব।

(ছ) বিপরীতার্থক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :
জঙ্গম, আকুঞ্চন, খাতক, বিরল, বিদ্বান, তীব্র, নশ্বর, উদার, তাপ।

(জ) বাংলা পারিভাষিক শব্দ লেখ (যেকোনো ছয়টি) :

NABARUN PUBLICATION

White paper, Agenda, Book-post, Bio-data, Principle, Global, Editor, Allotment, Rank.

৮। ভাব–সম্প্রসারণ কর : ১০

(ক) স্বদেশের উপকারে নাই যার মন,
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

অথবা, (খ) দাও ফিরে সে অরণ্য, লও এ নগর।

.ঢাকা বোর্ড-২০১৬.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
মন, ব্যাখ্যা, নদী, ব্রাহ্মণ, এক, অসীম, পদ্ম, আবৃত্তি।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
শ্রদ্ধাঞ্জলী, ঐক্যমত, শান্তনা, বুদ্ধিজীবি, কর্ণেল, পোষ্টমাষ্টার, শিরোচ্ছেদ, নুন্যতম।

৩। (ক) বাংলা ক্রিয়াপদের শ্রেণিবিভাগ দেখাও। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
(i) এগিয়ে চলেছে প্রতিবাদী মিছিল।
(ii) পড়ন্ত বিকেলে হাঁটতে ভালো লাগে।
(iii) অনেকেই ভাতের বদলে রুটি খায়।
(iv) আজ নয় কাল সে আসবেই।
(v) পয়লা বৈশাখ বাঙালির উৎসবের দিন।
(vi) শাবাশ! দারুণ খেলছে আমাদের ছেলেরা।
(vii) চলো কোথাও বেড়াতে যাই।
(viii) অধিক ভোজন অনুচিত।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে'– আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যেকোনো **পাঁচটি**)
সত্যাসত্য, আদিগন্ত, তেপান্তর, হজ্বযাত্রা, প্রাণভোমরা, মতান্তর, কোলাকুলি, লালগোলাপ।

৫। (ক) কোন কোন বিষয়ের উপর বাক্যের সার্থকতা নির্ভর করে তা ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যের বাক্যান্তর কর :
(i) তাদের ঘুম এখনও ভাঙেনি। (অস্তিবাচক)
(ii) ওরা আগামীকাল আসবে। (প্রশ্নবাচক)
(iii) মাতৃভূমিকে সকলেই ভালোবাসে। (জটিল)
(iv) এখানে আসতেই হলো। (নেতিবাচক)
(v) জীবনের জন্য বৃক্ষের দিকে তাকানো প্রয়োজন। (অনুজ্ঞাবাচক)
(vi) যাদের বুদ্ধি নেই, তারাই এ কথা বিশ্বাস করবে। (সরল)
(vii) বৃষ্টির অভাবে ফসল নষ্ট হবে। (জটিল)
(viii) মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণ করা উচিত। (যৌগিক)

৬। (ক) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
দারিদ্র্যতা আজ আর বাংলাদেশের প্রধান সমস্যা নয়। আমাদের দেশ এখন সমৃদ্ধশালী। কেবলমাত্র দুর্নীতিই আমাদের পেছনে টানে। এ থেকে মুক্তির পাশাপাশি জাতীয় জীবনের সর্বক্ষেত্রে কৃচ্ছতা সাধন প্রয়োজন। প্রয়োজন দলমত নির্বিশেষ সখ্যতাও।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) কারো দৈন্যতা নিয়ে উপহাস কোরো না।
(ii) আমি অহর্নিশি সে কথাই ভেবেছি।
(iii) শুধুমাত্র টাকার জোরে সব কিছু হয় না।
(iv) তার দু'চোখ অশ্রুজলে ভেসে গেল।
(v) এ মামলায় আমি সাক্ষী দেব না।
(vi) নিরোগী লোক প্রকৃত অর্থেই সুখী।
(vii) বেগম রোকেয়ার মতো বিদ্বান নারী একালেও বিরল।
(viii) আমৃত্য পর্যন্ত দেশের সেবা করে যাব।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Attestation, Cargo, Ratio, Tradition, War crime, Donor, Exchange, Humanity, Forecast, Bond, Immigrant, Museum, Pass-word, Stock-market, Nursery.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Books are man's best companion in life. You must have very good friends but you cannot get them when you need them. They may not speak gently to you. One or two may prove false and do you much harm. But books are always ready to be by your side. Some books may make you laugh. Some other may give you much pleasure. So, making friendship with books costs us nothing but gives us much.

৮। (ক) সমুদ্র সৈকতের অভিজ্ঞতা বর্ণনা করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের উপর একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) তোমাদের কলেজে অনুষ্ঠিতব্য সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার আমন্ত্রণ জানিয়ে একজন দেশবরেণ্য ব্যক্তিত্ব বরাবর একটি ই-মেইল তৈরি কর। ১০

অথবা,(খ) স্টোর কিপার পদে চাকরির জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
অভাব আছে বলিয়াই জগৎ বৈচিত্র্যময় হইয়াছে। অভাব না থাকিলে জীব সৃষ্টি বৃথা হইত। অভাব আছে বলিয়া অভাব পূরণে এত উদ্যোগ। সংসার অভাবক্ষেত্র বলিয়া কর্মক্ষেত্র। অভাব না থাকিলে সকলেই স্থানু স্থবির হইত। মনুষ্যজীবন বিড়ম্বনাময় হইত। মহাজ্ঞানীগণ অপরের অভাব দূর করিতে সর্বদা ব্যস্ত। জগতে অভাব আছে বলিয়াই মহাপুরুষদের মানুষ সেবা করিবার সুযোগ হইয়াছে। সেবা মানব জীবনের পরম ধর্ম। সুতরাং অভাব হইতেই সেবাধর্মের সৃষ্টি হইয়াছে। আর এই সেবাধর্মের দ্বারাই মানুষের মনুষ্যত্বসুলভ গুণ সার্থকতা লাভ করিয়াছে।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :
সাহিত্য জাতির দর্পণস্বরূপ।

১১। (ক) বৃক্ষের প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিম্নোক্ত ইঙ্গিত অবলম্বনে একটি খুদে গল্প রচনা কর :
ছুটিতে দাদুবাড়ি এসেছে আনন্দ। পড়ন্ত বিকেলে সে দাঁড়ায় তার স্মৃতি বিজড়িত নদীটির তীরে ...

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) মুক্তিযুদ্ধের চেতনা ও আমাদের দেশপ্রেম;

(খ) আধুনিক তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) বাংলাদেশের পোশাক শিল্প;
(ঘ) বৈশ্বিক উষ্ণায়ন ও বাংলাদেশ;
(ঙ) বৃষ্টি ভেজা দিন।

.রাজশাহী বোর্ড-২০১৬.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অধ্যক্ষ, প্রজ্ঞা, দুরন্ত, নিষিদ্ধ, পদ্য, ঔষধ, অনিঃশেষ, ভবিষ্যৎ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
ইতিপূর্বে, কৃতীত্ব, মনোকষ্ট, মুর্চ্ছনা, স্বরস্বতী, পৈত্রিক, বনস্পতি, আকাংখা।

৩। (ক) আবেগ-শব্দ কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে লেখ। ৫
অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** সর্বনাম নির্বাচন কর :
কবি কাজী নজরুলের জীবনের পরিণাম অত্যন্ত করুণ। মস্তিষ্কের পক্ষাঘাতে আক্রান্ত হয়ে ১৯৪২ সাল থেকেই তিনি ছিলেন জীবিত থেকেও মৃত। দীর্ঘকাল তিনি ছিলেন নির্বাক ও ভাবশূন্য। ১৯৭৬ সালে কবির জীবনপ্রদীপ নির্বাপিত হলে তার সমাধি রচিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদ প্রাঙ্গণে। গানে তিনি এ আশা ব্যক্ত করেছিলেন, "মসজিদেরই পাশে আমায় কবর দিয়ো ভাই।" তাঁর সে ইচ্ছা পূর্ণ হয়েছে।

৪। (ক) উপসর্গ কাকে বলে? বাংলা শব্দ গঠনে উপসর্গের গুরুত্ব আলোচনা কর। ৫
অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যেকোনো **পাঁচটি**)
হিতাহিত, চিরস্থায়ী, দ্বীপ, পঙ্কজ, রাজপথ, মিশকালো, ভবনদী, কালান্তর।

৫। (ক) একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখ। ৫
অথবা, (খ) নির্দেশ অনুসারে বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)
(ক) শিশুরা দূষণমুক্ত পরিবেশ চায়। (নেতিবাচক)
(খ) এখন খাঁটি জিনিস সহজলভ্য নয়। (অস্তিবাচক)
(গ) নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ করতে আহ্বান জানাই। (অনুজ্ঞাসূচক)।
(ঘ) পঞ্চাশের মন্বন্তরের ঘটনা ছিল অত্যন্ত ভয়াবহ। (বিস্ময়সূচক)
(ঙ) রচনায় সহজবোধ্য শব্দ ব্যবহার করা উচিত। (জটিল)
(চ) তিনি আর নেই। (যৌগিক)।
(ছ) যেসব পশু মাংস খায়, তারা অত্যন্ত বলবান। (সরল)
(জ) বাংলাদেশের চির স্থায়িত্ব কামনা করি। (ইচ্ছাসূচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
এইবার স্যার আমাদের উপর রাগিয়া গিয়াছেন। সেদিন বল্লেন, 'তোমরা ম্যাট্রিক পাস করিয়া আসিলে কি করে? মুহুর্ত, মনীষি, দন্দ, বেবধান, নুপুর, বানিজ্য ইত্যাদি বানান পর্যন্ত ভুল কর। মনে রেখ এই সমস্ত ভুলের জন্য তোমাদের মাফ করা হবে না।'
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(ক) আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানী ঘটে।
(খ) আসছে আগামীকাল কলেজ বন্ধ থাকবে।
(গ) দশচক্রে ঈশ্বর ভূত।
(ঘ) বাংলাদেশ একটি উন্নতিশীল দেশ।
(ঙ) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে।
(চ) মেয়েটি বিদ্বান কিন্তু ঝগড়াটে।
(ছ) আমি এই ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
(জ) উৎপন্ন বৃদ্ধির জন্য কঠোর পরিশ্রম প্রয়োজন।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Plosive, Sabotage, Dialect, Legend, Copyright, Lien, By-election, Leap year, Bail, Census, Hostage, Subsidy, Phonetics, Cabinet, Agenda.
অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
The aim of education is to make a man fully fit for himself and the society. It means to develop the whole man who consists of body, mind and soul. It is education which aims at providing a child with opportunities so that it can bring to light its all latent qualities. An educated man should be gentle, thoughtful, creative, kind, respectful, sympathetic and co-operative. If education offers no spiritual beauty, it has no value.

৮। (ক) বাংলা নববর্ষ উদ্‌যাপন বিষয়ে একটি দিনলিপি রচনা কর। ১০
অথবা, (খ) স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের ওপর একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ।
অথবা, (খ) প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
দেশে দেশে কালে কালে সত্যমিথ্যার দ্বন্দ্ব ছিল। মিথ্যার দাপটে দুর্বল হয়েছে সত্য। সত্যবাদী বিপদে পড়েছে পদে পদে মিথ্যাবাদীদের আপাত জয়োল্লাস সত্যানুরাগীদের হতাশ করেছে। দিনশেষে ধৈর্যশীল সত্যাশ্রয়ীদের বিজয় সুনিশ্চিত হয়েছে। অমোঘ উচ্চারণ, "সত্য সমাগত মিথ্যা অপসৃত; সত্যের জয় অবশ্যম্ভাবী।"
অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :
পড়িলে বই আলোকিত হই
না পড়িলে বই অন্ধকারে রই।

১১। (ক) সম্প্রতি পড়া একটি বই সম্পর্কে দু'বন্ধুর কথোপকথন রচনা কর। ১০
অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'আমার ছোট বোন' বিষয়ে একটি খুদে গল্প রচনা কর :
ফোনটা বাজছে। বাড়ি থেকে ফোন। আমি নিশ্চিত ফোনটা

আমার ছোট বোনই করেছে...।

১২। নিচের যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০
(ক) আদব-কায়দা;
(খ) পোশাকশিল্প : বর্তমান ও ভবিষ্যৎ;
(গ) তথ্য-প্রযুক্তির মহাসড়কে বাংলাদেশ;
(ঘ) অমর একুশের বই মেলা;
(ঙ) বাংলাদেশের সামাজিক উৎসব।

.যশোর বোর্ড-২০১৬.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বিশুদ্ধ উচ্চারণ প্রয়োজন কেন আলোচনা কর। ৫
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অধ্যক্ষ, এখন, গণিত, তটিনী, ঐশ্বর্য, একা, দক্ষ, পদ্য।

২। (ক) প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
প্রতিযোগীতা, অত্যান্ত, প্রানীবিদ্যা, উচ্ছাস, ভাষন, গৌন, আকাংখা, গীতাঞ্জলী।

৩। (ক) ব্যাকরণিক শব্দ শ্রেণি বলতে কী বোঝ? কত প্রকার ও কী কী উদাহরণসহ লেখ। ৫
অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর :
আজ সাদা মেঘে আকাশ ছেয়ে গেছে। হঠাৎ গুড়ি গুড়ি বৃষ্টি শুরু হল। তালহা ভাঙা ছাতা দিয়ে বৃষ্টি ঠেকানোর বৃথা চেষ্টা করছিল। তার বেখেয়ালি মন হালকা বৃষ্টি আর মৃদু হাওয়ায় অস্থির হয়ে উঠল।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে"— আলোচনা কর। ৫
অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
যুগান্তর, রাজপুত্র, নীলপদ্ম, নদীমাতৃক, দোয়াত-কলম, চিরসুখী, প্রবচন, গৃহস্থ।

৫। (ক) বাক্য বলতে কী বোঝ? একটি সার্থক বাক্য গঠনে কী কী বৈশিষ্ট্য থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা কর। ৫
অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যের রূপান্তর কর : (যেকোনো **পাঁচটি**)
(i) হৈম তাহার অর্থ বুঝিল না। (অস্তিবাচক)
(ii) সরস্বতী বর দেবেন না। (প্রশ্নবাচক)
(iii) ছাত্রদের অধ্যয়নই তপস্যা। (জটিল)
(iv) যাদের বুদ্ধি নেই তারাই এ কথা বিশ্বাস করবে। (সরল)
(v) দৃশ্যটি বড়ই সুন্দর। (বিস্ময়সূচক)
(vi) বিদ্বান হলেও তার অহংকার নেই। (যৌগিক)
(vii) শাহানার স্বাস্থ্য ভালো। (নেতিবাচক)
(viii) কী ভয়ংকর ঘটনা! (নির্দেশাত্মক)

৬। (ক) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
নিরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকের গান শোনায়। অনুভূতির কান দ্বারা সে গান শুনিতে হবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধর্ম্মের মানেও তাই।
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) দুর্বলবশত তিনি আসতে পারেননি।
(ii) পৃথিবী সর্বদা সূর্যের চারিদিকে ঘূর্নীয়মান।
(iii) সভায় অনেক ছাত্রগণ এসেছিল।
(iv) বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
(v) বিরাট গরু-ছাগলের হাট।
(vi) দৈন্যতা সবসময় ভালো নয়।
(vii) এটা হচ্ছো ষষ্ঠদশ বাষিক সাধারণ সভা।
(viii) চোখে হলুদফুল দেখছি।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Acting, Broker, Copyright, donation, File, Hostage, Embargo, Renew, X-ray, Signal, Fact, Data, Eye-wash, Bail, Quack.
অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলা ভাষায় অনুবাদ কর :
Health is wealth. The sound condition of body means health. A good health is guarantee for happiness. A healthy day labourer also can enjoy a sound sleep at night with his entire satisfaction of mind. A healthy man is an asset to his family. On the other hand, a sick man is a liability to all.

৮। (ক) বাংলা নববর্ষ উদ্‌যাপনের উপর একটি দিনলিপি লেখ। ১০
অথবা, (খ) বর্তমানে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি সম্পর্কে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) একটি অগ্নিকাণ্ডের বর্ণনা দিয়ে তোমার বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০
অথবা, (খ) শিক্ষা সফরে যাবার অনুমতি ও আর্থিক সাহায্যের আবেদন জানিয়ে অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
অনেকের ধারণা এই যে, মহৎ ব্যক্তি শুধু উচ্চ বংশেই জন্মগ্রহণ করিয়া থাকেন। নীচ কুলে মহত্ত্বের জন্ম হয় না। কিন্তু প্রকৃতির দিকে দৃষ্টিপাত করলে দেখা যায় যে, মানুষের এই ধারণা অতিশয় ভ্রমাত্মক। পদ্মফুল ফুলের রাজা, রূপে ও গন্ধে এটি অতুলনীয়। কিন্তু ইহার জন্ম হয় পানের অযোগ্য পানি ভরা এঁদো পুকুরে। পক্ষান্তরে, বটবৃক্ষ বৃক্ষকুলের মধ্যে বিশেষ মর্যাদাসম্পন্ন বটে। অথচ বহু বৃক্ষের ফল আমরা আস্বাদন করি। কিন্তু এত খ্যাতনামা যে বটবৃক্ষ, তাহার ফল আমাদের অখাদ্য।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :
সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

১১। (ক) সাম্প্রদায়িক সম্প্রীতি সম্পর্কে বাবা ও মেয়ের মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রতিবন্ধী শিশুদের নিয়ে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) স্বদেশপ্রেম;

(খ) দৈনন্দিন কাজে বিজ্ঞান;

(গ) নারী শিক্ষার গুরুত্ব;

(ঘ) জলবায়ুর পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ন;

(ঙ) একটি শীতের সকাল।

.কুমিল্লা বোর্ড-২০১৬.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
পদ্য, চর্যাপদ, অত্যাচার, বিজ্ঞপ্তি, স্বাগত, আহ্বান, স্মর্তব্য, ব্রহ্মাণ্ড।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
শ্রদ্ধাঞ্জলী, পিপিলীকা, অপোরাহ্ন, আকাংখা, প্রোজ্জ্বলন, মনোকষ্ট, প্রতিদন্দ্বি, শমিচীন।

৩। (ক) যোজক কাকে বলে? যোজক কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** ক্রিয়া বিশেষণ শনাক্ত কর :
বাবা সকালে দ্রুত বেরিয়ে গেছেন। তখন টিপটিপ বৃষ্টি পড়ছিল। ঘরে বসে একমনে টিভি দেখছিল ছোটবোন। এসময় কেউ টিভিতে গুনগুনিয়ে গান করছিল। হঠাৎ বাবা এসে বললেন, তাঁর চশমাটা চট করে খুঁজে দিতে।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"— প্রমাণ কর। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের সমাসের নামসহ সমাস নির্ণয় কর।
বিশালাক্ষী, আমরা, অতীন্দ্রিয়, রাজনীতি, আয়কর, বজ্রকঠোর, তেপান্তর, কানাকানি।

৫। (ক) বাক্য কাকে বলে? উদাহরণসহ বাংলা বাক্যের গঠনানুগ শ্রেণিবিভাগ দেখাও। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশনা অনুযায়ী যেকোনো **পাঁচটির** বাক্যান্তর কর :
(i) ফরিয়াদি প্রসন্ন গোয়ালিনী। (জটিল)
(ii) অনুগ্রহ করে সব খুলে বলুন। (যৌগিক)
(iii) মানুষটা সমস্ত রাত খেতে পাবে না। (প্রশ্নবাচক)
(iv) ধর্ম আমাদের ইসলাম, কিন্তু প্রাণের ধর্ম আমাদের তারুণ্য। (সরল)
(v) বাড়িটা তারা দখল করেছে। (নেতিবাচক)
(vi) এখনই ডাক্তার ডাকা উচিত। (অনুজ্ঞাবাচক)
(vii) দেখি, সে বিছানায় নাই। (অস্তিবাচক)
(viii) মুক্ত বাতাসে খুব ভালো লাগছে। (বিস্ময়বাচক)

৬। (ক) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
নিজ ব্যক্তিত্বের বৈচিত্র্যতা দেখাতে সে সর্বদা সচেষ্ট। এ লক্ষ্যে বিনা প্রয়োজনে মিটিং চলাকালীন সময়েও সে যখন-তখন দাঁড়িয়ে পড়ে। কেউ তার সমালোচনা করলে অপমানবোধ করে সে। নিজের দৈন্যতা সে বুঝতেই পারে না কখনো। তাই নিজ অহংকারবোধ নিয়েই চলতে থাকে সে।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) তিনি স্বপরিবারে ঢাকায় থাকেন।
(ii) অন্যান্য বিষয়গুলোর আলোচনা পরে হবে।
(iii) তিনি মোকদ্দমায় সাক্ষী দেবেন।
(iv) আগত শনিবারে তারা যাবে।
(v) সকল ছাত্রগণ পাঠে মনোযোগী নয়।
(vi) ছেলেটি ভয়ানক মেধাবী।
(vii) বর্তমানে খাঁটি গরুর দুধ পাওয়া মুশকিল।
(viii) শুধুমাত্র সেই পারবে এ কাজটি করতে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Architecture; War-criminal; Booklet; Misconduct; Deed of gift; Parole; Ethics; Executive; Refugee; Justice; Interim; Lien; Migration; Option; Notification.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
The great advantage of early rising is the good start it gives in our day's work. The early riser has done huge quantity of hard work before other men have got out of bed. In early morning the mind is fresh and there are fewer disturbances. So the work done at that time is generally well done. By beginning so early, he knows that he has plenty of time to do all the work thoroughly. He is not, therefore, tempted to hurry over any part of it.

৮। (ক) একটি বিজ্ঞান মেলা পরিদর্শন নিয়ে দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজের গ্রন্থাগার সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) বাংলা নববর্ষ উদ্‌যাপনের বৈচিত্র্য তুলে ধরে প্রবাসী বন্ধুকে পাঠানোর জন্য একটি ই-মেইল প্রস্তুত কর। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'বিপণন কর্মকর্তা' পদে নিয়োগলাভের উদ্দেশ্যে আবেদন কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের উপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ডবেগে শুধুই আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে, যেখান থেকে আর

হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :
সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমরা পরের তরে।

১১। (ক) বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও বিশ্ব জলবায়ু পরিবর্তনের সাম্প্রতিক প্রবণতা বিষয়ে দুই বন্ধুর কথোপকথন রচনা কর। ১০

অথবা, (খ) মোবাইল ফোনে বন্ধুত্বের পরিণাম– বিষয়ে নিচের ইঙ্গিত অবলম্বনে একটি খুদে গল্প রচনা কর :
অপর প্রান্ত থেকে ভেসে আসা অপরিচিত এক নারীকণ্ঠ শুনে সাগর বুঝতে পারে,
সে ডায়াল করেছে ভুল নম্বরে ...

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০
(ক) শিষ্টাচার;
(খ) বাংলাদেশে নারী উন্নয়ন;
(গ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(ঘ) শিক্ষা ক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার;
(ঙ) মুক্তিযুদ্ধ ও আজকের বাংলাদেশ।

.চট্টগ্রাম বোর্ড-২০১৬.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অধ্যক্ষ, দীনবন্ধু, পরীক্ষিত, ঋগবেদ, একাডেমি, রূপসী, আবৃত্তি, চিহ্ন।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
কৃতিবাস, উদীচি, কুপমন্ডুক, পানিনি, ভূল, পোষ্টমাষ্টার, হীনমন্যতা, স্বরস্বতী।

৩। (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর :
সাদা মেঘে আকাশ ছেয়ে আছে। হঠাৎ টিপটিপ বৃষ্টি শুরু হল। করিম ভাঙা ছাতা দিয়ে বৃষ্টি ঠেকানোর বৃথা চেষ্টা করছিল। তার বেখেয়ালি মন হালকা বৃষ্টি আর মৃদু হাওয়ায় অস্থির হয়ে উঠল।

৪। (ক) দুঃ ও নিঃ উপসর্গের সঙ্গে সন্ধিতে বিসর্গ হয়েছে এমন কয়েকটি সন্ধি গঠিত শব্দ দেখাও। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
ফুলকুমারী, স্বাক্ষর, পঁসুরি, ফৌজদারি-আদালত, উর্ণনাভ, ইন্দ্রজিৎ, সৈন্যসামন্ত।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি আদর্শ বাক্যে কী কী গুণ থাকা আবশ্যক? আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)
(i) দেশের সেবা করা উচিত। (অনুজ্ঞাসূচক)
(ii) শীতে দরিদ্র মানুষের খুব কষ্ট হয়। (বিস্ময়বোধক)
(iii) আমি এ সাক্ষী চাই না। (জটিল)
(iv) সত্য কথা না বলে বিপদে পড়েছ। (যৌগিক)
(v) যা বার্ধক্য, তাকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (সরল)
(vi) আমার বুকের ভেতরটা হু হু করিয়া উঠিল। (নেতিবাচক)
(vii) আমরা বাঁধা দিতে পারলাম না। (অস্তিবাচক)
(viii) তার নাম রেশমা। (জিজ্ঞাসাসূচক)

৬। (ক) অনুচ্ছেদটির অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
আজকাল বানানের ব্যাপারে সকল ছাত্ররাই অমনোযোগী। বানান শুদ্ধ করে লেখার জন্য তাহারা ত সচেষ্টিত নহেই, বরং অবস্থাদৃষ্টে মনে হয়, তাহারা সবাই ভুল করার প্রতিযোগিতায় নেমেছে।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) নতুন নতুন ছেলেগুলো কলেজে বড় উৎপাত করছে।
(ii) বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি।
(iii) দশচক্রে ঈশ্বর ভূত।
(iv) অন্যায়ের প্রতিফল দুনিবার্য।
(v) অল্প দিনের মধ্যে তিনি আরোগ্য হলেন।
(vi) বাজারে খাঁটি গরুর দুধ দুর্লভ।
(vii) বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
(viii) গাছটি সমূলসহ উৎপাটিত হয়েছে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Affidavit, Bond, Chiefwhip, Deputation, Embargo, Walk-out, Hostage, Lien, Memorandum, Oath, X-ray, Revenue, Sabotage, Worship, Unclaimed.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Man is the architect of his own life. If he makes proper division of his time and does his duties accordingly, he is sure to prosper in life. But, if he does otherwise, he is sure to repent when he is too late and he will have to drag a miserable existence from day to day.

৮। (ক) তোমার কলেজে নববর্ষ উদ্‌যাপনকে কেন্দ্র করে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার কলেজ গ্রন্থাগার সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বন্ধুকে একটি ই-মেইল পাঠাও। ১০

অথবা, (খ) কম্পিউটার প্রোগ্রামার পদে নিয়োগের জন্য জীবনবৃত্তান্তসহ একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের উপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ড বেগে শুধুই আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন একপর্যায়ে এসে পৌঁছেছে, যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই। এবার উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :

স্বার্থমগ্ন যে জন বিমুখ বৃহৎ জগত হতে
সে কখনো শেখেনি বাঁচিতে।

১১। (ক) সম্প্রতি সাফ গেমস ফুটবলে ব্যর্থতা নিয়ে দুই বন্ধুর সংলাপ তৈরি কর। ১০

অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'আমার শৈশব স্মৃতি' বিষয়ে একটি খুদে গল্প রচনা কর :

হারানো সে দিনের কথা বলব কীরে হায়...

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০

(ক) মানব কল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি;

(খ) বাংলাদেশের পর্যটন শিল্প;

(গ) দারিদ্র্য বিমোচনে নারী সমাজের ভূমিকা;

(ঘ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার;

(ঙ) স্বদেশপ্রেম।

.সিলেট বোর্ড-২০১৬.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ :

খাদ্য, যজ্ঞ, মন্তব্য, ধার্য, চলন্ত, লক্ষণ, শুষ্ক, সমন্বয়।

২। (ক) প্রমিত বাংলা বানানে 'ই'-কার ব্যবহারের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

গিতাঞ্জলি, পিপিলিকা, ঐক্যতান, উর্ধ্ব, বহিস্কার, আকাঙ্খা, ঔজ্জল্য, অনুসূয়া।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ হতে **পাঁচটি** বিশেষণ নির্বাচন কর :

সকালে মা তার ঘুমন্ত শিশুকে জাগিয়ে গরম দুধ খাওয়ালেন। এরপর আড়াই বছরের অবুঝ শিশুটিকে নিয়ে বাগানে লাল লাল ফুল দেখালেন। সদ্যোজাত ফুলগুলো ছিল চমৎকার। ঝকঝকে রোদে পরিবেশও ছিল সুখকর।

৪। (ক) নিচের উপসর্গ যোগে শব্দ গঠন কর এবং বাক্য রচনা কর : (যেকোনো **পাঁচটি**)

প্র, পরা, অনু, বি, পরি, প্রতি, অভি, উপ। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

আয়কর, যথেষ্ট, কুম্ভকার, রাজনীতি, অনাশ্রিত, গুণমুগ্ধ, বজ্রকঠোর, আমরা।

৫। (ক) একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ বিশ্লেষণ কর। ৫

অথবা, (খ) বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) কীর্তিমানের মৃত্যু নেই। (জটিল)
(ii) ছেলেটি অসুস্থতার জন্য অনুপস্থিত। (যৌগিক)
(iii) যারা পরিশ্রমী তারা সফল হয়। (সরল)
(iv) বিড়ালকে বুঝান দায় হইল। (নেতিবাচক)
(v) তারা নিয়মিত শিক্ষার্থী নয়। (অস্তিবাচক)
(vi) মানুষটা সমস্ত রাত খেতে পাবে না। (প্রশ্নবাচক)
(vii) এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়সূচক)
(viii) দেশের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাবাচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

কিছুক্ষণ পর মিজান বলল, এটি লজ্জাষ্কর ব্যাপার; আমরা থাকতে মেয়েরা গাছে উল্লম্ফন করবে এটি সঠিক নয়। এই বলে মিজান একটি বৃক্ষ বেয়ে ওপরে উঠল। অন্যরা তা দেখে গৌরবান্বিত বোধ করল।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) এ কথা প্রমাণ হয়েছে।
(ii) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।
(iii) অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ অনুচিত।
(iv) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।
(v) সকল ছাত্ররা উপস্থিত আছে।
(vi) কলেজ চলাকালীন সময়ে হর্ন বাজানো নিষেধ।
(vii) ছেলেটি দুর্দান্ত মেধাবী।
(viii) আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানী ঘটে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Surplus, Co-ordinator, Agent, Dynamic, Treaty, Affidavit, Bulletin, Catalogue, Gist, External, Encyclopedia, Grade, Hearing, Irrigation, Sponsor.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Books are men's best companions in life. You must have very good friends but you cannot get them when you need them. They may not speak gently to you. One or two may prove false and do your much harm. But books are always ready to be by your side. Some books may make you laugh. Some other may give you much pleasure.

৮। (ক) বাংলা নববর্ষ উদ্‌যাপন বিষয়ে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) খাদ্যে ভেজাল ও তার প্রতিকার সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি

কর।

৯। (ক) জরুরি রক্তের প্রয়োজনের কথা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি ই-মেইল লেখ। ১০

অথবা, (খ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০

এটা স্মরণ রাখা কর্তব্য যে, পৃথিবীতে যেখানে এসে তুমি থামবে, সেখান হতেই তোমার ধ্বংস আরম্ভ হবে। কারণ তুমিই কেবল একলা থামবে, আর কেউ থামবে না। জগৎ প্রবাহের সঙ্গে সমগতিতে যদি না চলতে পার তো প্রবাহের সমস্ত সচল বেগ তোমার উপর এসে আঘাত করবে, একেবারে বিদীর্ণ, বিপর্যস্ত হবে কিংবা অল্পে অল্পে ক্ষয়প্রাপ্ত হয়ে কালস্রোতের তলদেশে অন্তর্হিত হয়ে যাবে। হয় অবিরাম চল এবং জীবনচর্চা কর, নয় বিশ্রাম কর এবং বিলুপ্ত হও, – পৃথিবীর এই রকম নিয়ম।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :

সাহিত্য জাতির দর্পণ স্বরূপ।

১১। (ক) উচ্চ শিক্ষা গ্রহণে আগ্রহী দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ তৈরি কর। ১০

অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'পানি-দূষণ' বিষয়ে একটি খুদে গল্প রচনা কর :

লঞ্চ ভ্রমণের সময় বুড়িগঙ্গা নদীর পানির রং দেখে রাহাত বিস্মিত হয়।...

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০

(ক) মাদকাসক্তি ও আমাদের যুবসমাজ;

(খ) পোশাক শিল্প ও বাংলাদেশ;

(গ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;

(ঘ) কৃষি কাজে বিজ্ঞান;

(ঙ) সাম্প্রদায়িক সম্প্রীতি।

.বরিশাল বোর্ড-২০১৬.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের প্রমিত উচ্চারণ লেখ :

অধ্যক্ষ, আহ্বান, গ্রীষ্মকাল, পুনঃপুন, ষান্মাসিক, জ্ঞাত, স্বাগত, সংগ্রহ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের আধুনিক নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের যেকোনো পাঁচটি বানান সূত্র উদাহরণসহ লিখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ কর :

নিশিথিনি, নমষ্কার, পেসাজীবী, ব্রাহ্মন, আকাংখা, নুন্যতম, বিভিষিকা, ভোগলিক।

৩। (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নলিখিত অনুচ্ছেদে রেখাঙ্কিত পদগুলোর নাম লেখ : (যেকোনো **পাঁচটি**)

(i) প্রগাঢ় নিকুঞ্জ;

(ii) সিক্ত নীলাম্বরী;

(iii) পুলকিত স্বচ্ছলতা;

(iv) তিনটি ফুল আর অনেক পাতা;

(v) নীল, হলুদ, বেগুনি অথবা সাদা,

(vi) তুমি আমার পূর্ব বাংলা।

(vii) নিপুণ দক্ষতায় কাজটি শেষ হল।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে।"– ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

দম্পতি, চোখাচোখি, পকেটমার, বাহুলতা, সেতার, ব-দ্বীপ, তুষারধবল, অমানুষ।

৫। (ক) অর্থানুসারে বাংলা বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

অথবা, (খ) বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) লোকটি গরিব কিন্তু সৎ। (জটিল)

(ii) যে পরিশ্রম করে, সে সুখী হয়। (সরল)

(iii) মাতৃভূমিকে সবাই ভালোবাসে। (নেতিবাচক)

(iv) যদিও তুমি ধনী, তথাপি তুমি কৃপণ। (যৌগিক)

(v) সে কিছুতেই সন্তুষ্ট নয়। (অস্তিবাচক)

(vi) মরতে তো একদিন হবেই। (প্রশ্নবাচক)

(vii) দয়া করে কিছু বলবেন না। (নির্দেশাত্মক)

(viii) বিপদে অধীর হতে নেই। (অনুজ্ঞাসূচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর। এ কথা প্রমাণ হয়েছে। জীবনে সার্থকতা লাভ করতে হইলে পাঠে মনোযোগি হইতে হয়। দূরবস্থা আকা ক্ষার অন্তরায়। দৈন্যতা ভাল নয়।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) বিরাট গরু ছাগলের হাট।

(ii) সকল ছাত্র-ছাত্রীগণ ক্লাসে উপস্থিত ছিল।

(iii) ইহার আবশ্যক নাই।

(iv) একের বোঝা, দশের লাঠি।

(v) আপনি স্বপরিবারে আমন্ত্রিত।

(vi) দারিদ্রতাকে জয় করতে তোমার ইচ্ছাই যথেষ্ট।

(vii) শকুনের দোয়ায় হাতি মরে না।

(viii) সে সভায় উপস্থিত ছিলেন।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Conduct, Aid, Agenda, Deed, Subsidy, Vision, X-ray, Copyright, Manuscript, Vice-Chancellor, Bail, Legend, Vehicle, Zone, Para.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Can you say why Bangladesh came out victorious in this war? There are two reasons. First, the people of Bangladesh believed that they fought

for freedom of the nation. They fought in the name of the freedom of our homeland Bangladesh. The Pakistanis were defeated because they wanted to take the country of others. Second, we had a very great leader.

৮। (ক) তোমার এস.এস.সি পরীক্ষার ফল প্রকাশের দিন একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) 'পরিবেশগত ভারসাম্যের জন্য চাই বৃক্ষরোপণ'– এ শিরোনামে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বন্ধুর মায়ের মৃত্যুতে সমবেদনা জানিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) স্টোর কিপার পদে চাকরির জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০

কোন সভ্য জাতিকে অসভ্য করার ইচ্ছা যদি তোমার থাকে তাহলে তাদের সব বই ধ্বংস কর এবং সকল পণ্ডিতকে হত্যা কর, তোমার উদ্দেশ্য সিদ্ধ হবে। লেখক, সাহিত্যিক ও পণ্ডিতেরাই জাতির আত্মা। এই আত্মাকে যারা অবহেলা করে, তারা বাঁচে না। দেশকে বা জাতিকে উন্নত করতে চেষ্টা করলে, সাহিত্যের সাহায্যেই তা করতে হবে। মানব মঙ্গলের জন্য যত অনুষ্ঠান আছে, তার মধ্যে এটাই প্রধান ও সম্পূর্ণ। জাতির ভেতর সাহিত্যের ধারা সৃষ্টি কর, আর কিছুর আবশ্যকতা নেই।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :

সুশিক্ষিত ব্যক্তি মাত্রেই স্বশিক্ষিত।

১১। (ক) বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে দুই বন্ধুর কথোপকথন রচনা কর। ১০

অথবা, (খ) 'স্বনির্ভরতার জন্য চাই ইচ্ছা শক্তি' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। নিচের যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) বই পড়ার আনন্দ;
(খ) বিজ্ঞান ও আধুনিক তথ্য প্রযুক্তি;
(গ) রূপসী বাংলাদেশ;
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প;
(ঙ) জাতি গঠনে ছাত্র সমাজের ভূমিকা।

.দিনাজপুর বোর্ড-২০১৬.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উচ্চারণ রীতি কাকে বলে? বাংলা উচ্চারণের চারটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

অধ্যাপক, উদাহরণ, খাদ্য, নাগরিক, ছাত্র, একাডেমি, ধন্যবাদ, প্রথম।

২। (ক) বাংলা বানানে ই-কার (ি) ব্যবহারের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানানের শুদ্ধরূপ লেখ :

মরিচিকা, আশীষ, কথোপোকোথন, শ্বাশত, সম্বর্ধনা, বুৎপত্তি, পীপিলিকা, মনযোগ।

৩। (ক) উদাহরণসহ বিশেষ্যপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** ক্রিয়াপদ চিহ্নিত কর :

"এতদিন যে প্রতি সন্ধ্যায় আমি বিনুদাদার বাড়িতে গিয়া তাঁহাকে অস্থির করিয়া তুলিয়াছিলাম! বিনুদার বর্ণনার ভাষা অত্যন্ত সংকীর্ণ বলিয়াই তাঁর প্রত্যেক কথাটি স্ফুলিঙ্গের মতো আমার মনের মাঝখানে আগুন জ্বালিয়া দিয়াছিল। বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য; কিন্তু না দেখিলাম তাহাকে চোখে, না দেখিলাম তাহার ছবি, সমস্তই অস্পষ্ট হইয়া রহিল।

৪। (ক) 'সংস্কৃত ও বাংলা ব্যাকরণে উপসর্গের সংজ্ঞার্থ এক নয়।'– আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

নব পৃথিবী, সপ্তর্ষি, আয়কর, সহোদর, রাজনীতি, আলুনি, অনাশ্রিত, বিলাতফেরত।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের গুণ বা বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) শিক্ষিত লোককে সবাই শ্রদ্ধা করেন। (জটিল)
(ii) যারা দেশপ্রেমিক তারা দেশকে ভালোবাসে। (সরল)
(iii) ছেলেটি গরিব হলেও মেধাবী। (যৌগিক)
(iv) আজকাল কোনো জিনিসই সুলভ নয়। (অস্তিবাচক)
(v) এখানে আমি বহুদিন আগে এসেছি। (নেতিবাচক)
(vi) ভুল সবার হয়। (প্রশ্নবোধক)
(vii) দোষ করেছে অতএব শাস্তি পাবে। (জটিল)
(viii) যে অন্ধ তাকে আলো দাও। (সরল)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

আজিকাল বানানের ব্যাপারে সকল ছাত্ররাই অমনযোগী। বানান শুদ্ধতম করে লিখার ব্যাপারে তাহারা ত সচেষ্টিত নয়ই বরং অবস্থাদৃষ্টে মনে হয় তাহারা যেন সর্বদাই ভুল করার প্রতিযোগিতায় নেমেছে। তা যথার্থই লজ্জার ব্যাপার। ভাষার শিক্ষা বহুলাংশে বানানের মাধ্যমেই সিদ্ধ হয়। অতএব বানানের শিক্ষা খুবই গুরুত্বপূর্ণ।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
(ii) বঙ্কিমচন্দ্রের ভয়ঙ্কর প্রতিভা ছিল।
(iii) দৈন্যতা প্রশংসনীয় নয়।
(iv) সকল লোকেরাই সেখানে উপস্থিত ছিল।
(v) আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
(vi) অপরাহ্ন লিখতে অনেকেই ভূল করে।
(vii) এক অগ্রহায়নে শীত যায় না।
(viii) নদীর জলে অস্তমান সূর্যের ছায়া পড়েছে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Agenda, Dynamic, Millennium, Octave, Surplus, Undertaking, X-Ray, Note, Mineral, Oath, Adjust,

Free-market, Hostile, Registration, Theory.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Home is the first school where the child learns his first lessons. The first lessons are very important for the development of his mind. He sees, hears and begins to learn at home. It is home that builds his character. In a good home honest and healthy men are made.

৮। (ক) একটি বর্ষণমুখর দিনের অভিজ্ঞতা বর্ণনা করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজ ছাত্রাবাসের বর্তমান অবস্থা বর্ণনা করে একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) বাংলাদেশের পুরাকীর্তির বর্ণনা দিয়ে প্রবাসী বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) বাংলা একাডেমিতে কেরানি পদে চাকরির জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ডবেগে শুধু আত্মবিনাসের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়। উঠবার সিঁড়িটা না খুঁজে পেলে আমাদের আত্মবিনাশ যে অনিবার্য তাতে আর কোনো সন্দেহ থাকে না।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :

কীর্তিমানের মৃত্যু নাই।

১১। (ক) নারী শিক্ষার গুরুত্ব বিষয়ে বাবা ও মেয়ের মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত শিরোনাম অবলম্বনে ক্ষুদে গল্প লেখ :

'স্বপ্নের চাবি'

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) তথ্য-প্রযুক্তি ও বাংলাদেশ;

(খ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;

(গ) একবিংশ শতাব্দীর নারী সমাজ;

(ঘ) জাতীয় জীবনে বিজয় দিবসের তাৎপর্য;

(ঙ) বাংলাদেশের ঋতু বৈচিত্র্য।

.ঢাকা বোর্ড-২০১৭.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উদাহরণসহ 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

উপস্থিত, দরখাস্ত, প্রায়শ্চিত্ত, অতি, মর্যাদা, লাবণ্য, স্বল্প, ব্যবহার।

২। (ক) ণত্ব-বিধি কী? উদাহরণসহ ণত্ব-বিধির পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

পিপিলিকা, মনিষী, পানিনী, সূস্বাগত, মহত্ব, জৈষ্ট্য, ন্যুনতম, ননদি।

৩। (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর :

অপরের জন্য তুমি তোমার প্রাণ দাও– আমি বলতে চাই না। অপরের ক্ষুদ্র ক্ষুদ্র দুঃখ তুমি দূর কর। অপরকে একটুখানি সুখ দাও। অপরের সঙ্গে একটুখানি মিষ্টি কথা বল। পথের অসহায় মানুষটির দিকে একটা করুণ কটাক্ষ নিক্ষেপ কর– তাহলেই অনেক হবে।

৪। (ক) নিচের যেকোনো পাঁচটি উপসর্গ যোগে শব্দ গঠন কর। ৫

উপ, আব, পরি, বে, প্র।

অথবা, (খ) সমাস কাকে বলে? বাংলা ভাষায় সমাসের প্রয়োজনীয়তা আলোচনা কর।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যের রূপান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) মাতৃভূমিকে সকলেই ভালোবাসে। (নেতিবাচক)

(ii) আমার কেনা বইটি খুব দামি। (জটিল)

(iii) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক)

(iv) কেউ অন্ধের দুঃখ বুঝল না। (প্রশ্নবোধক)

(v) পৃথিবী চিরস্থায়ী নয়। (অস্তিবাচক)

(vi) দেশের সেবা করা উচিত। (অনুজ্ঞাবাচক)

(vii) লোকটি অত্যন্ত দরিদ্র। (বিস্ময়সূচক)

(viii) যে সত্য কথা বলে, সবাই তাকে ভালোবাসে। (সরল)

৬। (ক) অনুচ্ছেদে বিদ্যমান অপপ্রয়োগসমূহ শুদ্ধ কর : ৫

ইদানিংকালে ইংরেজি ধাঁচে বাংলা বলার অপচেষ্টা দেখা যাচ্ছে। বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি। শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না। পরীক্ষা চলাকালীন সময়ে শিক্ষার্থীরা অনেক বেশি অমনোযোগী থাকে বলে বানান ভুল করে। সরকারি পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সর্বস্তরে বাংলা ভাষা চালু করতে হবে।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) সব ছাত্ররা উপস্থিত আছে।

(ii) আমার টাকার আবশ্যক নাই।

(iii) এটি লজ্জাস্কর ব্যাপার।

(iv) বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।

(v) ছেলেটি বংশের মাথায় চুনকালি দিল।

(vi) বিরাট গরু-ছাগলের হাট।

(vii) সে এ মোকদ্দমায় সাক্ষী দিয়েছে।

(viii) অশ্রু জলে বুক ভেসে গেল।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Pen-friend, Oath, Trial, Walk-out, Token, Uniform, Lease, Sabotage, Retirement, Marketing, Global, Forecast, Epitaph, Bail, Allegation.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলা ভাষায় অনুবাদ কর :

Bangladesh is now a free country. She suffered much during the last twenty five years. But for her, the days of suffering are over. She is going to enter into an age of great prosperity. The golden land of Bangladesh will again be flowing with milk and honey.

৮। (ক) বইমেলা পরিদর্শনের উল্লেখ করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজের শিক্ষার পরিবেশ সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুকে ই-মেইল প্রেরণ কর। ১০

অথবা, (খ) একটি স্বনামধন্য কলেজে প্রভাষক হিসাবে নিয়োগ লাভের জন্য কর্তৃপক্ষ বরাবর আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

খুব ছোট ছিদ্রের মধ্য দিয়ে যেমন সূর্যকে দেখা যায়, তেমনি ছোট ছোট কাজের ভিতর দিয়েও কোন ব্যক্তির চরিত্রের পরিচয় ফুটে উঠে। বস্তুত মর্যাদাপূর্ণভাবে ও সুচারুরূপে সম্পন্ন ছোট ছোট কাজেই চরিত্রের পরিচয়। অন্যের প্রতি আমাদের ব্যবহার কিরূপ তাই হচ্ছে আমাদের চরিত্রের অন্যতম শ্রেষ্ঠ পরীক্ষা। বড়, ছোট ও সমবয়সীদের প্রতি সুশোভন ব্যবহার আনন্দের নিরবচ্ছিন্ন উৎস।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

১১। (ক) বাংলাদেশ ক্রিকেট দলের সম্প্রতি অর্জিত কোনো সাফল্য সম্পর্কে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'মানুষ মানুষের জন্যে' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০

(ক) অধ্যবসায়;
(খ) আমার প্রিয় কবি;
(গ) বাংলাদেশের পোশাক শিল্প;
(ঘ) জাতীয় জীবনে মুক্তিযুদ্ধের চেতনা;
(ঙ) বিদ্যুৎ ও আধুনিক জীবন।

রাজশাহী বোর্ড-২০১৭.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা শব্দে আদ্য অ-কারের উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

একা, অসীম, পদ্য, অক্ষ, বৈশাখ, বিদ্বান, ছাত্র, সভ্য।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

আবিষ্কার, প্রতিযোগীতা, দুঃস্ত, স্বরস্বতী, বুদ্ধিজীবি, ফটোষ্ট্যাট, প্রনয়িণী, বাংগালী।

৩। (ক) বাংলা ভাষার শব্দ শ্রেণিকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** ক্রিয়া বিশেষণ চিহ্নিত কর :

ইট বসানো রাস্তা দিয়ে করিম বাড়ি ফিরছিল। হঠাৎ দেখতে পেল চলন্ত বাস থেকে যাত্রীরা লাফিয়ে নামছে। হাঁটা-পথের অনেকেই দৃশ্যটি তাকিয়ে দেখল। কয়েক জনের যায়-যায় অবস্থা। কাঁদো-কাঁদো চেহারার মানুষগুলোকে দেখে করিম মনে কষ্ট পেল।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে'– আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

চতুষ্পদী, আমরণ, সত্যভ্রষ্ট, চাঁদমুখ, নদীমাতৃক, সাত-সতের, রাজপুত্র, ইন্দ্রজিৎ।

৫। (ক) বাক্য বলতে কী বোঝ? বাক্যের গঠনগত শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) যে লোক চরিত্রহীন, সে পশুর চেয়েও অধম। (সরল বাক্য)
(ii) বিদ্বান হলেও তাঁর অহঙ্কার নেই। (যৌগিক বাক্য)
(iii) তিনি ধনী ছিলেন, কিন্তু সুখী ছিলেন না। (জটিল বাক্য)
(iv) যদি পরিশ্রম কর, তাহলে ফল পাবে। (যৌগিক বাক্য)
(v) মানুষ মরণশীল। (নেতিবাচক বাক্য)
(vi) বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। (প্রশ্নবোধক বাক্য)
(vii) ফুলটি খুব সুন্দর। (বিস্ময়বোধক বাক্য)
(viii) আমরা নড়লাম না। (অস্তিবাচক বাক্য)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

মাননীয় রাষ্ট্রপতি আসছে আগামীকাল সন্ধ্যা ৮ ঘটিকার সময় সমগ্র জাতির উদ্দেশ্যে ভাষণ দিবেন। আমাদের বন্ধুমহলের সকলের মধ্যে কিন্তু সাজ সাজ উত্তেজনা শুরু হলো।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) বিধি লঙ্ঘন হয়েছে।
(ii) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাব।
(iii) হৃষিতা বুদ্ধিমান মেয়ে।
(iv) তার পানিতে সমাধি হয়েছে।
(v) নজরুল সাহেব স্বপরিবারে বেড়াতে গেলেন।
(vi) সময় বড় সংক্ষেপ।
(vii) তাকে বাড়ি যাইতে দাও।
(viii) গীতাঞ্জলী একটি কাব্যগ্রন্থ।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Prepaid, Hygiene, Embargo, Impeachment, Legend, Validity, Biography, Principle, Nutrition, Oath,

Dialect, War-crimianl, Museum, Dual, Up-to-date.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

We are social beings and have to consider the effect of our behaviour on others. There are two terms to describe our social behaviour—'etiquette' and 'manners'. 'Etiquette' means the rules of correct behaviour in society. The word 'manner' means the behaviour to be polite in particular society or culture. No one likes a bad-mannered person.

৮। (ক) 'কলেজের প্রথম দিন' বিষয়টি অবলম্বন করে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার দেখা একটি পরীক্ষাকেন্দ্রের পরিবেশ সম্পর্কে প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বন্ধুর নিকট একটি ই-মেইল প্রেরণ কর। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'অফিসার পদে' নিয়োগলাভের জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) ভাব-সম্প্রসারণ কর : ১০

মানুষ বাঁচে তার কর্মের মধ্যে বয়সের মধ্যে নয়।

অথবা, (খ) সারাংশ লেখ :

জাতি শুধু বাইরের ঐশ্বর্য সম্ভার, দালান-কোঠার সংখ্যা বৃদ্ধি কিংবা সামরিক শক্তির অপরাজেয়তায় বড় হয় না, বড় হয় অন্তরের শক্তিতে, নৈতিক চেতনায় আর জীবনপণ করে অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর ক্ষমতায়। জীবনের মূল্যবোধ ছাড়া জাতীয় সত্তার ভিত কখনো শক্ত আর দৃঢ়মূল হতে পারে না। মূল্যবোধ জীবনাশ্রয়ী হয়ে জাতির সর্বাঙ্গে ছড়িয়ে পড়লেই তবে জাতি অর্জন করে মহত্ত্ব আর মহৎ কর্মের যোগ্যতা। সবরকম মূল্যবোধের বৃহত্তম বাহন ভাষা তথা মাতৃভাষা, আর তা ছড়িয়ে দেয়ার দায়িত্ব লেখক আর সাহিত্যিকদের।

১১। (ক) নারী শিক্ষার গুরুত্ব সম্পর্কে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'রক্তদানের পুণ্য' শীর্ষক একটি খুদে গল্প রচনা কর :

মহান শহিদ দিবসে শহিদ মিনারের পাদদেশে রক্তদান কর্মসূচি চলছে। শহিদ মিনারে শ্রদ্ধা নিবেদন করতে গিয়ে ডা. জাওয়াদ সেখানে উপস্থিত হলেন .....।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) মুক্তিযুদ্ধের চেতনা;
(খ) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(ঘ) জাতীয় উন্নয়নে নারী সমাজের ভূমিকা;
(ঙ) স্বদেশপ্রেম।

যশোর বোর্ড-২০১৭.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

ঐক্য, কবিতা, দক্ষ, বিজ্ঞান, ব্যতীত, মর্যাদা, সৃজনশীল, হিংস্র।

২। (ক) ণ-ত্ব বিধান কাকে বলে? ণ-ত্ব বিধানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

মুমুর্ষ; অপরাহ্ন; গীতাঞ্জলী; দৈন্যতা; বাল্মিকী; সন্যাসী; শান্তনা; ষ্টেডিয়াম।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? বিশেষ্যের প্রকারভেদ উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ নির্বাচন কর :

আদি কবি বাল্মীকি একদিন কাক ডাকা ভোরে সবুজ ঘাসের উপর আনমনে বসে—গাছের ডালে বসা চঞ্চল দুটি সাদা বক ও বকীর দিকে তাকাচ্ছিলেন। এমন সময় একজন শিকারী নিচ থেকে সোনালি রঙের তীর নিক্ষেপ করলেন। একটি বকের দেহে তীর বিদ্ধ হলো। বেখেয়ালি কবি বললেন দুটি শ্লোক। এভাবেই প্রথম কবিতার জন্ম।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"—আলোচনা কর। ৫

অথবা, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

উচিত, দোলনা, পাঠক, নেয়ে, বাঙালি, মানব, সম্রাট, সূর্য।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কয় প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নির্দেশ অনুসারে বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) তারা কি পাষাণ? (নেতিবাচক)
(ii) ওকে চেনাই যায় না। (অস্তিবাচক)
(iii) বিপদে অধীর হতে নেই। (অনুজ্ঞাসূচক)
(iv) সরস্বতী বর দেবেন না। (প্রশ্নবাচক)
(v) দেশপ্রেমিককে কে না ভালোবাসে। (নির্দেশাত্মক)
(vi) যদি সাফল্য চাও তাহলে পরিশ্রম কর। (যৌগিক)
(vii) শিক্ষিত লোককে সবাই শ্রদ্ধা করেন। (জটিল)
(viii) দৃশ্যটি বড়ই সুন্দর। (বিস্ময়সূচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

ছেলেটি ভয়ানক মেধাবী ও বিনয়ী। তার মেধা পরিদর্শন করে সবাই মুগ্ধ। শিক্ষকবৃন্দরা মনে করেন, আগামী ভবিষ্যতে সে অসামান্য সাফল্যতা বয়ে আনবে, যা ইতিপূর্বে এ প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থীর পক্ষে সম্ভব হয়নি।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) একথা প্রমাণ হয়েছে।
(ii) ছেলেটি ভয়ানক মেধাবী।
(iii) আমি সাক্ষী দিব না।
(iv) তার বৈমাত্রেয় সহোদর ডাক্তার।
(v) তিনি আরোগ্য হয়েছেন।

(vi) কালীদাস বিখ্যাত কবি।

(vii) অন্যায়ের ফল দুর্নিবার্য।

(viii) অধ্যাপনাই ছাত্রদের তপস্যা।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Aid, Book-post, Cartoon, Dialect, Editor, Fiction, Green room, Index, Justice, Manuscript, Nursery, Oath, Quack, Venue, Zone.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলা ভাষায় অনুবাদ কর :

A patriot is a man who loves his country, works for it and is willing to fight and die for it. Every soldier is bound to do his duty, but the best soldiers do more than this. They risk their lives because they love the country. They are the best friends of the people.

৮। (ক) লঞ্চডুবির ঘটনা নিয়ে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) 'শিক্ষার মান উন্নয়নে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকের ভূমিকা' শীর্ষক মুক্ত আলোচনা সভার একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) পুস্তকের তালিকা প্রেরণের অনুরোধ জানিয়ে প্রকাশকের কাছে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) তোমার এলাকার পৌরসভার অফিস সহকারীর শূন্য পদে নিয়োগের জন্য আবেদন জানিয়ে একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ডবেগে শুধু আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়ি না খুঁজলেই নয়।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :

মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

১১। (ক) বৃক্ষের প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর।১০

অথবা, (খ) প্রদত্ত শিরোনাম অবলম্বনে খুদে গল্প রচনা কর :

মোবাইল ফোনে বন্ধুত্ব।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) একটি শীতের সকাল;

(খ) কৃষিকাজে বিজ্ঞান;

(গ) জাতি গঠনে নারী সমাজের ভূমিকা;

(ঘ) অধ্যবসায়;

(ঙ) জাতীয় জীবনে মুক্তিযুদ্ধের চেতনা।

.কুমিল্লা বোর্ড-২০১৭.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের প্রমিত উচ্চারণ লেখ :

গঞ্জনা, লক্ষ্মণ, আহ্বান, ওজস্বী, অশিক্ষিত, উদ্যোগ, অধ্যক্ষ, মন্তব্য।

২। (ক) বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

শান্তনা, লজ্জাস্কর, আকাংখা, বুদ্ধিজীবি, পুরষ্কার, পৈত্রিক, স্নেহাশীষ, সমিচিন।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নলিখিত অনুচ্ছেদে রেখাঙ্কিত যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

(i) তুমি যে আমার কবিতা।

(ii) আমাদের ছোট গাঁয়ে ছোট ছোট ঘর।

(iii) করিম ও রহিম দুই ভাই।

(iv) ভালো আমটি খাও।

(v) বাঃ! চমৎকার একটা গল্প লিখেছ।

(vi) যথা ধর্ম তথা জয়।

(vii) শুভ্র সমুজ্জ্বল এ তাজমহল।

(viii) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।'— আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যেকোনো **পাঁচটি**)

কাজলকালো, পথেঘাটে, অনাশ্রিত, উর্ণনাভ, অপরাহ্ণ, বজ্রকঠোর, রাষ্ট্রপতি, ভবনদী।

৫। (ক) গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ কর। ৫

অথবা, (খ) বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) ধনীর কন্যা তার পছন্দ নয়। (অস্তিবাচক)

(ii) এখানে আসতেই হলো। (নেতিবাচক)

(iii) যদিও সে দরিদ্র তথাপি সে চরিত্রবান। (যৌগিক)

(iv) ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)

(v) এতে দোষ নেই। (প্রশ্নবাচক)

(vi) এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়বাচক)

(vii) দেশের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাবাচক)

(viii) তোমার দীর্ঘ জীবন কামনা করছি। (প্রার্থনাসূচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

কিছুক্ষণ পর মিজান বলল, এটি লজ্জাস্কর ব্যাপার; আমরা থাকতে মেয়েরা গাছে উল্লম্ফন করবে এটি সঠিক নয়। এই বলে মিজান একটি বৃক্ষ বেয়ে ওপরে উঠল। অন্যরা তা দেখে গৌরবান্বিত বোধ করলো।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) বাংলাদেশ একটি উন্নতশীল রাষ্ট্র।

(ii) প্রতিযোগীতায় অংশগ্রহণ করাই বড় কথা।

(iii) সারা জীবন ভুতের মজুরি খেটে মরলাম।

(iv) মাদকাশক্তি ভালো নয়।

(v) নিরোগী লোক আসলে সুখী।
(vi) কীর্তিবাস বাংলা রামায়ন লিখেছেন।
(vii) শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না।
(viii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Annexation, Edition, Blue-Print, Catalogue, Brand, Deputation, Fine-Arts, Pass-Word, Attestation, Concession, Surety, Myth, Subsidy, Publicity, White-paper.

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Walking is the best suited to all kinds of health. Both the young and the old can walk and help their bodies make active as long as they live. On the other hand, gymnastic exercises are best suited to young people only. However, today most doctors advise some patients, suffering from particular diseases, for jogging.

৮। (ক) একটি গ্রাম্যমেলা দেখার অনুভূতি ব্যক্ত করে দিনলিপি রচনা কর। ১০
অথবা, (খ) 'যুবসমাজের নৈতিক অবক্ষয়ের কারণ ও প্রতিকার' বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) 'বিশ্ব ভালোবাসা দিবস' উপলক্ষে শুভেচ্ছা জানিয়ে প্রবাসী বন্ধুকে ই-মেইল পাঠাও। ১০
অথবা, (খ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
নীরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকতার গান গেয়ে শোনায়। অনুভূতির কান দিয়ে সে গান শুনতে হবে। তাহলে বুঝতে পারা যাবে, জীবনের মানে বৃদ্ধি, ধর্মের মানেও তাই। প্রকৃতির যে ধর্ম, মানুষেরও সেই ধর্ম। পার্থক্য শুধু এটুকুই যে, তরুলতা ও জীবজন্তুর বৃদ্ধির ওপর তাদের নিজেদের কোনো হাত নেই, কিন্তু মানুষের বৃদ্ধির উপর তার নিজের হাত রয়েছে। আর এখানেই মানুষের মর্যাদা। মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও। মানুষকে আত্মা সৃষ্টি করে নিতে হয়, তা তৈরি পাওয়া যায় না। সুখ-দুঃখ বেদনা উপলব্ধির ফলে অন্তরের পরিপক্বতা, তাই তো আত্মা।
অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
গতিই জীবন, স্থিতিতে মৃত্যু।

১১। (ক) বইমেলা সম্পর্কে দুই বন্ধুর মধ্যকার সংলাপ উপস্থাপন কর। ১০
অথবা, (খ) 'রক্তঝরা ফাগুন' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২। নিচের যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) মাদকাসক্তি ও যুব সমাজ;
(খ) আধুনিক তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) এক মুক্তিযোদ্ধার আত্মকাহিনী;
(ঘ) পরিবেশ দূষণ ও বাংলাদেশ;
(ঙ) দুর্নীতি : কারণ ও প্রতিকার।

.চট্টগ্রাম বোর্ড-২০১৭.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) ম-ফলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
একটি, কর্ম, নিঃশর্ত, ধন্যবাদ, মর্যাদা, যথাক্রমে, দ্রষ্টব্য, অতীত।

২। (ক) ণত্ব বিধান কী? ণত্ব বিধানের চারটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
প্রাণীবিদ্বা, ঐক্যতান, ভৌগলিক, পৈত্রিক, শারিরীক, মুমুর্ষ, সম্বর্ধনা, শিরচ্ছেদ।

৩। (ক) বাংলা ভাষায় শব্দ কী কী উপায়ে গঠিত হয়? উদাহরণসহ লেখ। ৫
অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
(i) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?
(ii) সাদা কাপড় পরলেই মন সাদা হয় না।
(iii) মোদের গরব মোদের আশা আ মরি বাংলা ভাষা।
(iv) রবীন্দ্রনাথ তো আর দু'জন হয় না।
(v) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য।
(vi) শাবাশ ! দারুণ খেলেছে আমাদের মেয়েরা।
(vii) আমাদের সমাজ আর ওদের সমাজ এক রকম নয়।
(viii) তিনি হো হো করে হেসে উঠলেন।

৪। (ক) উপসর্গ কাকে বলে? বাংলা উপসর্গ কয় ভাগে বিভক্ত? উদাহরণসহ আলোচনা কর। ৫
অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
কালান্তর, হিতাহিত, ত্রিফলা, প্রগতি, ধর্মঘট, ঊর্ণনাভ, যথেষ্ট, বাগদত্তা।

৫। (ক) একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখ। ৫
অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যান্তর কর :
(i) আমায় পথ দেখাবে আমার সত্য। (জটিল)
(ii) যখন মেঘ গর্জন করে তখন ময়ূর নৃত্য করে। (সরল)
(iii) শম্ভুনাথ এ কথায় একেবারে যোগই দিলেন না। (অস্তিবাচক)
(iv) বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। (নেতিবাচক)
(v) যদিও সে দরিদ্র, তথাপি চরিত্রবান। (যৌগিক)
(vi) শীতে দরিদ্র মানুষের খুব কষ্ট হয়। (বিস্ময়বাচক)
(vii) তোমাকে এই খাতায় লিখতে হবে। (অনুজ্ঞাবাচক)
(viii) ফুল সকলেই ভালোবাসে। (প্রশ্নবাচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
ইদানীংকালে ইংরেজি ধাচে বাংলা বলার অপচেষ্টা দেখা যাচ্ছে। বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি। এমন লজ্জাস্কর ব্যাপার কখনো দেখি নাই। ভাষা-আন্দোলন চলাকালীন সময়ে বাংলার প্রধান প্রতিপক্ষ ছিল উর্দু। হয়তো আসছে আগামীতে বাংলার প্রতিপক্ষ হবে হিন্দি।
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) আমি, তুমি ও তিনি আজ বাগানে যাবেন।

(ii) পূর্বদিকে সূর্য উদয় হয়।
(iii) তার বৈমাত্রেয় সহোদর ডাক্তার।
(iv) চোরে চোরে চাচাতো ভাই।
(v) আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
(vi) এখানে প্রবেশ নিষেধ।
(vii) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে।
(viii) তাহাকে এখান থেকে যাইতে হবে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Nursery, Manifesto, Idiom, Referendum, Green-room, Subsidy, Tribunal, Eye-wash, Ad-hoc, Debate, Bankrupt, Public-works, Measure, Circle, Prime.

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teachers. A good teacher makes lessons interesting. He keeps pupils and students awake. He also makes them confident and proves them clever. Everybody has something valuable in him. A good teacher discovers the treasure hidden inside each student.

৮. (ক) ডিশ অ্যান্টেনা বা ক্যাবল টিভির সুফল ও কুফল সংক্রান্ত একটি প্রতিবেদন লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে একুশে ফেব্রুয়ারি উদ্‌যাপনের দিনটির দিনলিপি লেখ।

৯। (ক) যৌতুক প্রথা সম্পর্কে তোমার অভিমত জানিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'বিপণন কর্মকর্তা' পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে আবেদন কর।

১০. (ক) সারাংশ লেখ : ১০
সময় ও স্রোত কারও অপেক্ষায় বসে থাকে না। চিরকাল চলতে থাকে। সময়ের নিকট অনুনয় কর, একে ভয় দেখাও, ভ্রূক্ষেপও করবে না, সময় চলে যাবে আর ফিরবে না। নষ্ট স্বাস্থ্য ও হারানো ধন পুনঃপ্রাপ্ত হওয়া যায়; কিন্তু সময় একবার গত হয়ে গেলে আর ফিরে আসে না। গত সময়ের জন্য অনুশোচনা করা নিষ্ফল। যতই কাঁদ না কেন, গত সময় কখনও ফিরে আসবে না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

১১। (ক) বাল্যবিবাহ নিরোধের গুরুত্ব সম্পর্কে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচে প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'আশায় বসতি' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর :
বাড়ি বাড়ি ঘুরে কাজ করে বাবুলের মা। বাবুলকে লেখাপড়া শিখিয়ে মানুষ করার আশা বুকে। হঠাৎ সেদিন .....

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০
(ক) নাগরিক অধিকার ও কর্তব্য;
(খ) বাংলাদেশের সামাজিক উৎসব;
(গ) বই মেলায় একদিন;
(ঘ) রূপসী বাংলাদেশ;
(ঙ) পরিবেশ সংরক্ষণে বনায়ন।

.সিলেট বোর্ড-২০১৭.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অকৃতজ্ঞ, অতঃপর, আবশ্যক, চিহ্নিত, ঐকতান, শ্লেষ্মা, প্রশ্ন, জিহ্বা।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
ইতিপূর্বে, জাজ্জল্যমান, দূরাবস্থা, বাল্মিকি, উপরোক্ত, রেজিষ্ট্রেশন, শিরঃচ্ছেদ, মুহুর্মুহূ।

৩। (ক) উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর :
এখন প্রচণ্ড শীত। কফিল ঠাণ্ডা থেকে রক্ষা পেতে উঠানে বসে সকালের মিষ্টি রোদে গা গরম করছিল। রান্নাঘর থেকে মা তাকে ডাক দেয় ভাঁপা পিঠা খেতে। তার মায়ের হাতের পিঠা যেন অমৃত। লোভাতুর জিহ্বার পরিতৃপ্তি সাধনে সে নগ্নপায়ে রান্নাঘরে দৌড় দেয়।

৪। (ক) নিচের উপসর্গ যোগে শব্দ গঠন কর এবং বাক্য রচনা কর : (যেকোনো **পাঁচটি**)
প্র, পরা, অনু, বি, পরি, প্রতি, অভি, উপ, নি। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
অহোরাত্র, বিশালাক্ষী, পকেটমার, সপ্তডিঙা, মকরমুখো, অতীন্দ্রিয়, গুরুভক্তি, বাক্যান্তর।

৫। (ক) পদক্রম কী? বাংলা বাক্যে পদক্রমের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)
(i) দুর্জনকে দূরে রেখো। (নির্দেশক)
(ii) বিদ্বান হলেও তাঁর অহংকার নেই। (যৌগিক)
(iii) সে কথাই এরা ভাবে। (নেতিবাচক)
(iv) নির্বোধকে এত বুঝিয়ো না। (জটিল)
(v) আমাদের দেশ সুন্দরভাবে এগিয়ে যাচ্ছে। (বিস্ময়বোধক)
(vi) লোকটি অশিক্ষিত কিন্তু অশিষ্ট নয়। (সরল)
(vii) হৈমন্তী কোন কথা বলিল না। (অস্তিবাচক)
(viii) সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার্থে সকলের কাজ করা উচিত। (অনুজ্ঞাবাচক)

৬। (ক) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
রাত জেগে ফেইসবুক দেখে অনেক ছাত্ররা নিজেদের শরীরের ক্ষতি করছে। এতে তারা যেমন মানসিক দৌর্বল্যতায় ভুগছে তেমনি পড়াশুনায় হচ্ছে অমনোযোগী। তাছাড়া আবশ্যকীয় প্রস্তুতির অভাবে কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করতে না পেরে অনেকে চোখে সর্ষে পুষ্প দেখে।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) দৈন্যতা কোনো সময়ই প্রশংসনীয় নয়।
(ii) দুঃসংবাদটি শুনে সে চোখের অশ্রুজল সংবরণ করতে পারলো না।
(iii) এ বিষয়ে অজ্ঞানতাই তার পতনের কারণ।

(iv) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ন বাজানো নিষেধ।
(v) পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্রতা আমাদের মুগ্ধ করে।
(vi) আমরা তার বিদেহী আত্মার চিরশান্তি কামনা করছি।
(vii) তিনি স্বস্ত্রীক নিউমার্কেট গিয়েছেন।
(viii) দেশের উন্নয়নের গতি ত্বরান্বিত করার জন্য কৃচ্ছতা সাধন দরকার।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Acknowledgement; Banquet; Dialect; Eye-wash; Fiction; Green-room; Honorarium; Invoice; Lease; Manuscript; Public service; Quarterly; Racism; Vice-versa; War-crime.

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Many people put off for tomorrow the work they can do today. Students also very often put off their class lessons for tomorrow. Nothing is more injurious than this habit. Men do not know what will happen tomorrow. This is why it is wise to value the present moments to make our life meaningful. A lot of troubles and dangers may come and upset everything. So, we must not neglect our time, the flowing capital.

৮। (ক) 'বাংলা নববর্ষ' উদযাপন বিষয়ে একটি দিনলিপি রচনা কর। ১০
অথবা, (খ) নিত্য প্রয়োজনীয় খাদ্য-দ্রব্যে সাম্প্রতিক ভেজাল মিশ্রণ প্রবণতা বিষয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৯। (ক) সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত কোনো মেধাবী বন্ধুর জন্য জরুরিভাবে রক্ত ও আর্থিক সাহায্য চেয়ে একটি 'ই-মেইল' তৈরি কর। ১০
অথবা, (খ) কোনো মাধ্যমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগলাভের উদ্দেশ্যে আবেদন কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
স্বাধীন হওয়ার জন্য যেমন সাধনার প্রয়োজন, তেমনি স্বাধীনতা রক্ষার জন্যও প্রয়োজন সত্যনিষ্ঠা ও ন্যায়পরায়ণতা। সত্যের প্রতি শ্রদ্ধাবোধহীন জাতি যতই চেষ্টা করুক, তাদের আবেদন-নিবেদনে ফল হয় না। যে জাতির অধিকাংশ ব্যক্তি মিথ্যাচারী, সেখানে দু'চারজন সত্যনিষ্ঠকে বহু বিড়ম্বনা সহ্য করতে হয়, দুর্ভোগ পোহাতে হয়। কিন্তু মানুষকে জাতি হিসেবে মাথা তুলে দাঁড়াতে হলে তাকে সে কষ্ট সহ্য না করে উপায় নেই।
অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
স্বদেশের উপকারে নেই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

১১। (ক) সাম্প্রতিক 'জঙ্গিবাদ' সমস্যা প্রসঙ্গে শিক্ষার্থী ও শিক্ষকের সংলাপ রচনা কর। ১০
অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প লেখ :
প্রকৃতি তাকে খুব টানে। তাই প্রতিবারের মতো শীতের ছুটিতে সে এসেছে পরিচিত প্রকৃতির কোলে। কিন্তু সারি সারি গাছ উজাড় হতে দেখে তার হৃদয়ে ওঠে বেদনার ঝড়.....

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০
(ক) গণতন্ত্রে আমাদের উত্তরণ;
(খ) বাংলাদেশের পর্যটন শিল্প; সমস্যা ও সম্ভাবনা;
(গ) আমার যা হতে ও করতে ইচ্ছে করে;
(ঘ) একুশ বাঙালির অহঙ্কার;
(ঙ) বাংলাদেশের কৃষি ও কৃষক।

.বরিশাল বোর্ড-২০১৭.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অদ্য, ইতঃপূর্বে, উপমা, কক্ষ, পদ্ম, তন্ময়, বিজ্ঞ, মৃন্ময়।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
সমিচিন, মুমুর্ষু, স্বরস্বতী, পানিনি, আকাংখা, স্বান্তনা, পোষ্টমাষ্টার, নুন্যতম।

৩। (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫
অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর :
"নীল আকাশ। রোদেলা দুপুর। পাখিটি পাখনা মেলে দিগন্তের পথে পাড়ি জমাচ্ছে। দখিনা বাতাসে টকটকে লাল পলাশ ফুল দুলছে। তাই দেখে সাদা মেঘের দলও বলাকার মত উড়ছে; যাবে দূরে বহুদূরে।"

৪। (ক) "উপসর্গের নিজস্ব কোনো অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"– আলোচনা কর। ৫
অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
তেপান্তর, অনুধাবন, নাতিদীর্ঘ, জীবন প্রদীপ, মতান্তর, গজানন, বন্য-শ্বাপদ-সঙ্কুল, কুসুমকোমল।

৫। (ক) গঠন অনুসারে বাক্যের প্রকারভেদ উদাহরণসহ লেখ। ৫
অথবা, (খ) নির্দেশানুসারে বাক্য রূপান্তর কর : (যেকোনো **পাঁচটি**)
(i) কীর্তিমানের মৃত্যু নাই। (জটিল)
(ii) দেখি, সে বিছানায় নাই। (অস্তিবাচক)
(iii) মানুষ মরণশীল। (নেতিবাচক)
(iv) দৃশ্যটি বড়ই সুন্দর। (বিস্ময়সূচক)
(v) তিনি আর নেই। (যৌগিক)
(vi) দেশের সেবা করা উচিত। (অনুজ্ঞা)
(vii) মাতৃভূমিকে সকলেই ভালবাসে। (জটিল)
(viii) যারা পরিশ্রমী তারা সফল হয়। (সরল)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

নিরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকতার গান শোনায়। অনুভূতির কান দ্বারা সে গান শুনিতে হবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধম্মের মানেও তাই।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) অন্যায়ের প্রতিফলন দুর্নিবার।
(ii) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।
(iii) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাব।
(iv) একথা প্রমাণ হয়েছে।
(v) সে সভায় উপস্থিত ছিলেন।
(vi) ইহার আবশ্যক নাই।
(vii) বিরাট গরু ছাগলের হাট।
(viii) সাবধান পূর্বক চলবে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Principle, Ballot, Lien, Neutral, Copyright, Keyword, Unskilled, Reality, Worship, Payee, Get-up, Goodwill, Lease, Invoice.

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলা ভাষায় অনুবাদ কর :

Bangladesh is the land of our birth. The blue sky and the air of this land are very dear to us. It is our duty to build up our dear Bangladesh. It is our sacred duty. If we do our respective duties, only then our country will make progress.

৮। (ক) পয়লা বৈশাখ বা বাংলা নববর্ষ উদযাপনের উপর একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) 'ঘূর্ণিঝড় উপদ্রুত এলাকার বিপর্যস্ত জনজীবন' সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) একটি মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্যপদে নিয়োগের জন্য আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০

ছাত্রজীবন আমাদের ভবিষ্যৎ জীবনের বীজ বপনের সময়। এ সময় যে যেমন বীজ বপন করবে, ভবিষ্যৎ জীবনে সে সেরূপ ফল ভোগ করবে। এ সময় যদি আমরা নিষ্ঠার সঙ্গে জ্ঞানের অনুশীলন করে যাই তবে ভবিষ্যৎ সম্ভাবনাময় হবে। আর যদি হেলায় সময় কাটিয়ে দেই, তাহলে জীবনের মহৎ উদ্দেশ্য ব্যর্থ হতে বাধ্য। যে শিক্ষা জীবন ও জীবিকার পথে কল্যাণকর, যে শিক্ষা মানুষকে উন্নত চরিত্রের অধিকারী করে তাই সর্বোৎকৃষ্ট শিক্ষা। ছাত্রদের জীবন গঠনে শিক্ষকসমাজ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তাঁদের সুষ্ঠু পরিচালনার মধ্য দিয়েই ছাত্রদের জীবন গঠিত হয় এবং উন্মুক্ত হয় মহত্তর সম্ভাবনার পথ।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

১১। (ক) জনজীবনের উপর বিজ্ঞাপনের প্রভাব সম্পর্কে দু'বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'সাম্প্রদায়িক সম্প্রীতির মেলবন্ধন' বিষয়ক একটি খুদে গল্প লেখ।

১২। নিচের যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) একুশের চেতনা বা আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;
(খ) কৃষিকাজে বিজ্ঞান;
(গ) স্বদেশ প্রেম;
(ঘ) একটি শীতের সকাল;
(ঙ) অধ্যবসায়।

.দিনাজপুর বোর্ড-২০১৭.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

অসীম; গ্রীষ্মকাল; জ্ঞাত; ব্যাখ্যা; পরীক্ষা; প্রণীত; দায়িত্ব; একতা।

২। (ক) আধুনিক বাংলা বানানে ই-কার ব্যবহারের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

প্রত্যুশ, ইতিমধ্যে, দৈন্যতা, শিরচ্ছেদ, শান্তনা, সম্বর্ধনা, বুদ্ধিজীবি, কথোপোকোথন।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে। উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর :

আজ সাদা মেঘে আকাশ ছেয়ে গেছে। হঠাৎ গুড়ি গুড়ি বৃষ্টি শুরু হলো। সাবিত ভাঙা ছাতা দিয়ে বৃষ্টি ঠেকানোর বৃথা চেষ্টা করছিল। তার বেখেয়ালি মন হালকা বৃষ্টি আর মৃদু হাওয়ার অস্থির হয়ে উঠল।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে।"— আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যেকোনো **পাঁচটি**)

উদ্বেল; জয়ন্তী; দম্পতি; সপ্তর্ষি; ক্ষুধানল; ঢেঁকিছাটা; বিলাতফেরত; নদীমাতৃক।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নির্দেশ অনুসারে বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে। (নেতিবাচক)
(ii) বিদ্বান হলেও তার অহংকার নেই। (যৌগিক)
(iii) কীর্তিমানের মৃত্যু নেই। (জটিল)
(iv) যা বার্ধক্য, তাকে সবসময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (সরল)

(v) তারা নিয়মিত শিক্ষার্থী নয়। (অস্তিবাচক)
(vi) সদা সত্য বলা উচিত। (অনুজ্ঞা)
(vii) দৃশ্যটি বড়ই সুন্দর। (বিস্ময়সূচক)
(viii) সরস্বতী বর দেবেন না। (প্রশ্নবাচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর। জীবনে স্বার্থকথা লাভ করিতে হইলে পাঠে মনোযোগি হতে হইবে। দূরাবস্থা আকাঙ্খার অন্তরায়। দৈন্যতা প্রশংসনীয় নয়। এটি লজ্জাস্কর ব্যাপার।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) এটা লজ্জাস্কর ব্যাপার।
(ii) অপমান হবার ভয় নেই।
(iii) এক অগ্রহায়ণে শীত যায় না।
(iv) বঙ্কিমের ভয়ঙ্কর প্রতিভা ছিল।
(v) সব পাখিরা নীড় বাঁধে না।
(vi) অশ্রুজলে বুক ভেসে গেল।
(vii) ষড়ঋতুর সমাহারের দেশ বাংলাদেশ।
(viii) প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বীতা থাকবেই।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Analysis; Memorandum; Embargo; Legend; Vehicle; Worship; Biography; Deed; Galaxy; Sanction; Rank; Quack; Pay bill; Campus; Home Ministry.

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
The life of a student is a life of preparation — preparation for the struggle of life. To make him well fitted for the struggle, education is necessary. Students of today will lead the nation tomorrow. But if their education is not completed they will not be able to lead the country to peace and prosperity.

৮। (ক) মনে কর, কোনো একটি বইমেলা তোমার জীবনে স্মরণীয় হয়ে আছে। সেই বইমেলার কথা উল্লেখ করে একটি দিনলিপি লেখ।১০

অথবা, (খ) 'দুর্নীতি ও এর প্রতিকার' বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) সম্প্রতি পঠিত একটি বই সম্পর্কে মতামত জানিয়ে তোমার বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) শিক্ষা সফরে যাওয়ার অনুমতি চেয়ে অধ্যক্ষের নিকট একখানা আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
স্বাধীন হওয়ার জন্য যেমন সাধনার প্রয়োজন, তেমনি স্বাধীনতা রক্ষার জন্যও প্রয়োজন সত্যনিষ্ঠা ও ন্যায়পরায়ণতা। সত্যের প্রতি শ্রদ্ধাবোধহীন জাতি যতই চেষ্টা করুক তাদের আবেদন-নিবেদনে ফল হয় না। যে জাতির অধিকাংশ ব্যক্তি মিথ্যাচারী, সেখানে দু'চারজন সত্যনিষ্ঠকে বহু বিড়ম্বনা সহ্য করতে হয়, দুর্ভোগ পোহাতে হয়। কিন্তু মানুষকে জাতি হিসেবে মাথা তুলে দাঁড়াতে হলে তাকে সে কষ্ট সহ্য না করে উপায় নেই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
সুশিক্ষিত লোকমাত্রই স্বশিক্ষিত।

১১। (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের পর ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত সংকেত অনুসরণে 'বিপদে বন্ধুর পরিচয়' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর :
নদীপথে দুই বন্ধুর নৌকা ভ্রমণ — পরস্পরের জন্য আত্মত্যাগের অঙ্গীকার — আকস্মিক নৌকা ডুবে যায় — এক বন্ধু সাঁতার জানে আরেক বন্ধু সাঁতারে অক্ষম।.....

১২। নিচের যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০
(ক) স্বদেশ প্রেম;
(খ) তোমার প্রিয় লেখক;
(গ) দেশ গঠনে ছাত্র সমাজের ভূমিকা;
(ঘ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান;
(ঙ) রূপসী বাংলাদেশ।

.অভিন্ন বোর্ড-২০১৮.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১. (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
শ্রাবণ, রাষ্ট্রপতি, শ্রদ্ধাস্পদ, নক্ষত্র, অত্যাবশ্যক, দায়িত্ব, প্রেতাত্মা, প্রজ্ঞা।

২. (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে ই, উ, ক্ষ, শ এবং রেফ (র্) ব্যবহারের নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
স্বত্ত্বা, সমিচীন, আইনজীবি, পোষ্টমাষ্টার, মূর্চ্ছনা, বিদূষি, উচ্ছাস, ইতিমধ্যে।

৩. (ক) যোজক কাকে বলে? যোজক কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে নিম্নরেখ শব্দগুলোর ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
সে ছিল চমৎকার এক সুন্দরী তরুণী। নিয়তির ভুলেই যেন এক কেরানির পরিবারে তার জন্ম হয়েছে। তার ছিল না কোনো আনন্দ, কোনো আশা। পরিচিত হবার, প্রশংসা পাওয়ার, প্রেমলাভ করার এবং কোনো ধনী অথবা বিশিষ্ট লোকের সঙ্গে বিবাহিত হওয়ার কোনো উপায় তার ছিল না। তাই শিক্ষা পরিষদ আপিসের সামান্য এক কেরানির সঙ্গে বিবাহ সে স্বীকার করে নিয়েছিল।

৪. (ক) উপসর্গ কাকে বলে? বাংলা শব্দ গঠনে উপসর্গের গুরুত্ব আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যেকোনো **পাঁচটি**) :
প্রভাকর, উপনদী, রাজপথ, উদ্বেল, বীরকেশরী, আশীবিষ, বইপড়া, অহিনকুল।

৫. (ক) বাক্য কী? সার্থক বাক্যের বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটির** বাক্যান্তর কর :
i. সাহিত্য জীবনের স্বাভাবিক প্রকাশ। (প্রশ্নবোধক)
ii. বিপন্নদের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাসূচক)

iii. রাঙ্গামাটির প্রাকৃতিক দৃশ্য খুবই চমৎকার। (বিস্ময়বোধক)
iv. অনুষ্ঠানটি আমি উপস্থাপনা করব। (নেতিবাচক)
v. উদারতা কৃপণদের ধর্ম নয়। (অস্তিবাচক)
vi. সূর্যোদয়ে অমানিশা কেটে যাবে। (জটিল)
vii. যারা সংস্কৃতিবান, তারা শান্তিপ্রিয় হয়। (সরল)
viii. যদিও সে অশিক্ষিত, তবুও সে দেশপ্রেমিক। (যৌগিক)

৬. (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
জামিল সাহেব স্বপরিবারে ছুটি কাটাতে চলেছেন। এবার তাঁর যাত্রা কক্সবাজারের সমুদ্রসৈকত। কিন্তু ট্রেনে কিছু যাত্রীর সৌজন্যতাহীন আচরণে তিনি বড় বিরক্ত হলেন। শিক্ষাসফরের যাত্রীরা অসুরে গলায় সুরদেবীর আরাধনা করছে। তবে তাঁর বিরক্তবোধ প্রকাশ পাওয়া মাত্রই তারা নিজেদের ভুল বুঝতে পারে।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
i. তিনি আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভাষণ দেবেন।
ii. প্রয়াত কবিকে আমরা সবাই অশ্রুজলে বিদায় দিলাম।
iii. তাহারা সবাই অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে।
iv. সুশিক্ষার কোনো বিকল্প নেই।
v. এতে গৌরব লোপ হয়েছে।
vi. শ্রাবণী অত্যন্ত বুদ্ধিমান মেয়ে।
vii. সকল সদস্যগণকে অভিনন্দন জানাচ্ছি।
viii. পরবর্তীতে আপনি আবার আসবেন।

নির্মিতি অংশ : মান-৭০

৭. (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Abstract, Bidder, Cold war, Diplomatic, Embargo, Face value, Gratuity, Hygiene, Initial, Myth, Justice, Power house, Queue, Sabotage, Violation.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Patriotism is a very noble virtue. It means love for one's country. A person who loves his/her country more than anything else is called a patriot. Patriotism inspires a man to do everything just and fair for the wellbeing and betterment of the country. It is the invaluable quality that impels a man to sacrifice his own interest, comfort, pleasure and even his life for the sake of his/her country. To a true patriot mother and the motherland are the same.

৮. (ক) তোমার কলেজে মহান বিজয় দিবস উদ্‌যাপনের একটি দিনলিপি প্রস্তুত কর। ১০

অথবা, (খ) 'তোমার কলেজ ছাত্রাবাসের বর্তমান অবস্থা' বর্ণনা করে একটি প্রতিবেদন তৈরি কর।

৯. (ক) দুর্ঘটনায় আহতদের সাহায্যার্থে রক্ত ও প্রয়োজনীয় আর্থিক সহায়তা চেয়ে বন্ধুদের কাছে প্রেরণের জন্য একটি ই-মেইল রচনা কর। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'বিপণন কর্মকর্তা' পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে আবেদন কর।

১০. (ক) সারাংশ লেখ : ১০
শ্রেষ্ঠ বলিয়া অহঙ্কার করিতে যে লজ্জাবোধ করে না, যে মানুষকে নিম্নাসনে বসাইয়া রাখিতে আনন্দবোধ করে, যে দরিদ্র ও ছোটকে ছোট করিয়া রাখিতে কষ্ট অনুভব করে না, যে মানুষের শক্তি-স্বাধীনতা হরণ করিতে ব্যস্ত, যে মানুষের হাত দিয়া নিজের পায়ের জুতা খুলাইয়া লয়, তোমরা তাহাদিগকে সালাম করিও না। সে সারারাত্রি প্রার্থনা করুক, মানুষ তাহার পদধূলি লইয়া মাথায় মাখুক, সে প্রথম শ্রেণির গাড়িতে চড়ুক, সে রাজ দরবারের সদস্য হউক, তোমরা তাহাকে আত্মীয় মনে করিও না। লক্ষ নরনারী মুক্তির আশায় করুণ নেত্রে তোমাদের দিকেই চাহিয়া আছে। লক্ষ, কোটি মানবাত্মা তোমাদের আগমনের অপেক্ষা করিতেছে। যে দুর্বৃত্তের দল সত্যকে চূর্ণ করিয়া মহান সৃষ্টিকর্তার বাণীকে অবমাননা করিতেছে, তাহাদিগকে দেখিয়া আর তোমরা শ্রদ্ধায় আসন ছাড়িয়া দাঁড়াইও না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
প্রকৃতির ওপর আধিপত্য নয়, চাই প্রকৃতির সঙ্গে মৈত্রীর সম্বন্ধ।

১১. (ক) 'শিশু ও নারীর প্রতি সহিংসতা' বিষয়ে শিক্ষক-শিক্ষার্থীর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে **একটি** খুদে গল্প লেখ :
পিতার আকস্মিক মৃত্যুর পর সংসারের হাল ধরতে গিয়ে লেখাপড়া ছেড়ে চাকরি নিয়েছে রাজু। ছোট ভাই মিঠু ও বোন মিনার মধ্যেই সে দেখতে পায় তার স্বপ্ন পূরণের.....।

১২. যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০
(ক) মুক্তিযুদ্ধের চেতনা এবং আমাদের করণীয়;
(খ) ইন্টারনেট ও বর্তমান বাংলাদেশ;
(গ) কৃষিতে বাংলাদেশের উন্নয়ন এবং কৃষক;
(ঘ) দুর্নীতি : উন্নয়নের অন্তরায়;
(ঙ) বাংলাদেশের উৎসব।

.ঢাকা বোর্ড-২০১৯.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অতীত, শ্রম, স্বাগত, আবৃত্তি, উদ্যোগ, দীনবন্ধু, বিজ্ঞান, ঐশ্বর্যবান।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান করে লেখ :
অতিথী, মনোপুত, আবিস্কার, পৈত্রিক, আকাংখা, স্বরস্বতী, বিভিষিকা, বুদ্ধীজিবী।

৩। (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
একটু মিটমিট করিয়া ক্ষুদ্র আলো জ্বলিতেছে– দেয়ালের উপর চঞ্চল ছায়া, প্রেতবৎ নাচিতেছে। আহার প্রস্তুত হয় নাই– এজন্য হুঁকা হাতে, নিমীলিতলোচনে আমি ভাবিতেছিলাম যে, আমি যদি নেপোলিয়ন হইতাম, তবে ওয়াটারলু জিতিতে পারিতাম কি না।

৪। (ক) নিচের উপসর্গ যোগে শব্দ গঠন কর এবং বাক্য রচনা কর : (যেকোনো **পাঁচটি**) ৫
প্র, পরা, অনু, বি, পরি, প্রতি, অভি, উপ, নি।

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
চিরসুখী, পলান্ন, বিশালাক্ষী, দেশান্তর, সাত-সতের, যথাবিধি, সপ্তর্ষি, মুখচন্দ্র।

৫। (ক) গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) জাদুঘর আমাদের আনন্দ দেয়। (প্রশ্নবোধক)
(ii) ধনীর কন্যা তার পছন্দ নয়। (অস্তিবাচক)
(iii) আমরা পৌঁছে খবর পেলাম জাহাজ ছেড়ে চলে গেছে। (জটিল)
(iv) যারা দেশপ্রেমিক তারা দেশকে ভালোবাসে। (সরল)
(v) এ কথা স্বীকার করতেই হয়। (নেতিবাচক)
(vi) সর্বদা তার মনে দুঃখ। (বিস্ময়বোধক)
(vii) জীবে দয়া করা উচিত। (অনুজ্ঞাবাচক)
(viii) সূর্যোদয়ে অন্ধকার দূর হয়। (যৌগিক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

এখন হেমন্তকাল, মুষলধারে মেঘ হচ্ছে। আজ ক্লাসে যেতে হবে না, তাই বাবুল আনন্দ চিত্তে কাথামুড়ি দিয়ে শুয়ে আছে। বাবুলের মা চিতই পিঠা বানিয়ে তাহাকে খেতে ডাকলেন।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) মেয়েটি বেশ বুদ্ধিমান।
(ii) সব পাখিরা উড়ে গেল।
(iii) 'গীতাঞ্জলী' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি কাব্যগ্রন্থ।
(iv) তার দু'চোখ অশ্রুজলে ভেসে গেল।
(v) অধ্যক্ষ সাহেব স্বপরিবারে কক্সবাজারে বেড়াতে গেছেন।
(vi) বিদ্যানকে সকলে শ্রদ্ধা করে।
(vii) তাহারা মাঠে খেলা করছে।
(viii) দারিদ্র্যতা আমাদের অভিশাপ।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Audio, Bulletin, Dialect, Urban, Eye-witness, Fiction, Skull, Leap-year, Para, Custom, Interpreter, Republic, Principle, Nursery, Vision.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Punctuality is to be cultivated and formed into a habit. The quality is to be acquired through all our works from our boyhood. Boyhood is the seed time. The habit formed at this time will continue all through our lives. Everything at right time should be our motto.

৮। (ক) হরতালমুখর একটি দিনের অভিজ্ঞতা উল্লেখ করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজ গ্রন্থাগার সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) তোমার দেখা একটি বৈশাখী মেলার কথা জানিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো সরকারি অফিসে জুনিয়র অফিসার পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০. (ক) সারাংশ লেখ : ১০

কোন সভ্য জাতিকে অসভ্য করার ইচ্ছা যদি তোমার থাকে, তাহলে তাদের সব বই ধ্বংস করো এবং সকল পণ্ডিতকে হত্যা করো, তোমার উদ্দেশ্য সিদ্ধ হবে। লেখক, সাহিত্যিক, পণ্ডিতেরাই জাতির আত্মা। এই আত্মাকে যারা অবহেলা করে, তারা বাঁচে না। দেশকে বা জাতিকে উন্নত করতে চেষ্টা করলে, সাহিত্যের সাহায্যেই তা করতে হবে। মানব মঙ্গলের জন্য যত অনুষ্ঠান আছে, তার মধ্যে এটাই প্রধান ও সম্পূর্ণ। জাতির ভেতর সাহিত্যের ধারা সৃষ্টি করো, আর কিছুর আবশ্যকতা নেই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

১১। (ক) 'নিরাপদ সড়ক চাই' বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিম্নোক্ত ইঙ্গিত অবলম্বনে একটি খুদে গল্প রচনা কর :

আশরাফ সাহেব একজন মুক্তিযোদ্ধা। স্বাধীনতার ৪৭ বছর পরও তিনি মনে করেন দেশের জন্য অনেক কাজ করার বাকি রয়ে গেছে। তাই এই প্রৌঢ় বয়সেও.....

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) একুশ বাঙালির অহংকার;
(খ) মাদকাসক্তির কারণ ও প্রতিকার;
(গ) বৃত্তিমূলক শিক্ষা;
(ঘ) জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ন;
(ঙ) বিদ্যুৎ ও আধুনিক জীবন।

.রাজশাহী বোর্ড-২০১৯.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

আশ্রম, ভবিষ্যৎ, বিজ্ঞপ্তি, পুনঃপুন, আবৃত্তি, ব্রাহ্মণ, বৈসাদৃশ্য, ষান্মাসিক।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

আকাঙ্খা, উপরোক্ত, দুরাবস্থা, নিশিথিনি, প্রনয়ণ, মনকষ্ট, সমিচীন, সাতন্ত্র।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? আবেগ শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** যৌগিক ক্রিয়া চিহ্নিত কর :

"চাহিয়া দেখিলাম — হঠাৎ কিছু বুঝিতে পারিলাম না। প্রথমে মনে করিলাম, ওয়েলিংটন হঠাৎ বিড়ালত্ব প্রাপ্ত হইয়া আমার নিকট ভিক্ষা করিতে আসিয়াছে। প্রথম উদ্যমে, পাষাণবৎ কঠিন হইয়া, বলিব মনে করিলাম যে, ডিউক মহাশয়কে ইতিপূর্বে (ইতঃপূর্বে) যথোচিত পুরস্কার দেওয়া গিয়াছে, এক্ষণে আর অতিরিক্ত পুরস্কার দেওয়া যাইতে পারে না।"

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে।"– ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

আরক্তিম, আয়কর, কুশীলব, সশস্ত্র, চতুর্দশপদী, নীলাম্বর, পঙ্কজ, প্রবচন।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের গুণ বা বৈশিষ্ট্যগুলো

উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যের বাক্যান্তর কর :

(i) দেশকে ভালোবেসে শত শহীদ জীবন উৎসর্গ করেছেন। (প্রশ্নবাচক)

(ii) ইহাদের ন্যায় রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই। (জটিল)

(iii) জননী ও জন্মভূমি কি স্বর্গের চেয়েও প্রিয় নয়? (নির্দেশাত্মক)

(iv) একেই কি বলে সভ্যতা? (নেতিবাচক)

(v) শম্ভুনাথ এ কথায় একেবারে যোগই দিলেন না। (অস্তিবাচক)

(vi) যা বার্ধক্য, তাকে সবসময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (সরল)

(vii) পরশমণির বয়স হইলেও শিক্ষা হয় নাই। (যৌগিক)

(viii) ভুলগুলো এখনই সংশোধন করতে বলছি। (অনুজ্ঞাবাচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

আমাদের বঙ্গভূমি সুজলা, সুফলা, শস্য-শ্যামলা,– তবু চাষার উদরে অন্ন নাই কেন? ইহার উত্তর শ্রদ্ধাশীল রবীন্দ্রনাথ ঠাকুর দিয়েছেন, "ধান তার বসুন্ধরা যার।" তাই তো, অভাগা চাষাবৃন্দ কে? সে কেবলমাত্র "ক্ষেতে ক্ষেতে পুইড়া মরিবে," হাল বহন করিবে আর পাট উৎপন্ন করিবে। তাহা হইলে চাষার ঘরে যে "মোরাই-ভরা ধান ছিল, গোয়াল ভরা গরু ছিল, উঠান ভরা মুরগি ছিল," একথার অর্থ কী?

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) পাতায় পাতায় পড়ে শিশির নিশির।

(ii) শতাব্দীর দুচোখ অশ্রুজলে ভেসে গেল।

(iii) শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ করব।

(iv) আসছে ২ এপ্রিল, ২০১৯ আমাদের উচ্চ মাধ্যমিক পরীক্ষা হবে।

(v) চোরটাকে পূর্ণচন্দ্র দিয়ে বিদায় কর।

(vi) যাবতীয় প্রাণীবৃন্দ এই গ্রহের বাসিন্দা।

(vii) সারাজীবন ভুতের মজুরি খেটে মরলাম।

(viii) পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্র্যতা আমাদের মুগ্ধ করে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Plosive, Annexation, Undertaking, Prescription, By-election, Racism, Correspondent, Latitude, Eye-wash, Hostage, Banquet, Bulletin, Grant, Dynamic, Ethics.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Shaheed Minar is the symbol of our love and sincerity for supreme sacrifice of our language martyrs. It is located in front of Dhaka Medical College. Hamidur Rahman, a famous architect designed this significant monument. Its vertical lines symbolize the manifestations of inner strength. The four columns on both sides of the central structure reflect the balance and harmony of united stand. Today, it has become a part of our political as well as cultural achievement and national source of inspiration.

৮। (ক) একটি বর্ষণমুখর দিনের অভিজ্ঞতা বর্ণনা করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি সম্পর্কে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) মনে কর, তুমি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে চাও। উক্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া সম্পর্কে জানতে চেয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর একটি ই-মেইল লেখ। ১০

অথবা, (খ) কম্পিউটার প্রোগ্রামার পদে নিয়োগের জন্য জীবনবৃত্তান্তসহ একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

তুমি বসন্তের কোকিল, বেশ লোক। যখন ফুল ফুটে, দক্ষিণা বাতাস বহে, এ সংসার সুখের স্পর্শে শিহরিয়া ওঠে, তখন তুমি আসিয়া রসিকতা আরম্ভ কর। আবার যখন দারুণ শীতে জীবলোকে থরথরি কম্প লাগে, তখন কোথায় থাক বাপু? যখন শ্রাবণের ধারায় আমার চালাঘরে নদী বহে, যখন বৃষ্টির চোটে কাক, চিল ভিজিয়া গোময় হয়, তখন তোমার মাজা মাজা কালো দুলালী ধরনের শরীরখানি কোথায় থাকে? তুমি বসন্তের কোকিল, শীত-বর্ষার কেহ নও।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।

১১। (ক) মনে কর, তুমি সাকিব, তোমার বন্ধু লিমন। 'নিরাপদ সড়ক চাই' বিষয়ে দুজনের মধ্যে একটি সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প রচনা কর :

মুক্তিযুদ্ধের ইতিহাস জানার ইচ্ছা স্বপ্নিল ও মুনার অনেকদিনের। তারা শ্রীপুর গ্রামে এক মুক্তিযোদ্ধার কাছে গেল মুক্তিযুদ্ধের গল্প শুনতে। .....

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) তথ্যপ্রযুক্তি ও উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ;

(খ) বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ ও অর্থনৈতিক মুক্তি;

(গ) জাতীয় জীবনে দেশপ্রেমের গুরুত্ব;

(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবন;

(ঙ) বিশ্ব ক্রিকেটে বাংলাদেশ।

যশোর বোর্ড-২০১৯.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উচ্চারণ রীতি কাকে বলে? উদাহরণসহ বাংলা উচ্চারণের চারটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

অধ্যক্ষ, দুরন্ত, পদ্য, ভবিষ্যৎ, মনঃমালিন্য, নদীমাতৃক, ব্রাহ্মণ, ঐশ্বর্য।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

প্রত্যুশ, শ্রদ্ধাঞ্জলী, শান্তনা, কথপোকোথন, বুৎপত্তি, পীপিলিকা, শিরোচ্ছেদ, বীরম্বণা।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? বিশেষ্য পদের প্রকারভেদ উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

(i) আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি।

(ii) সাদা কাপড় পরলেই মন সাদা হয় না।

(iii) কারণ ছাড়া কার্য হয় না।

(iv) রবীন্দ্রনাথ তো আর দুজন হয় না।

(v) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য।

(vi) বাহবা! আমাদের দল খেলায় জিতেছে।

(vii) আমাদের সমাজ আর ওদের সমাজ এক রকম নয়।
(viii) তিনি হো হো করে হেসে উঠলেন।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"—আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
যুগান্তর, নদীমাতৃক, সৈন্যসামন্ত, আমরা, সপ্তর্ষি, সহোদর, অনাশ্রিত, চরণকমল।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটির** বাক্যান্তর কর :
(i) যে লোক চরিত্রহীন, সে পশুর চেয়ে অধম। (সরল)
(ii) বিদ্বান হলেও তাঁর অহংকার নেই। (যৌগিক)
(iii) তিনি ধনী ছিলেন, কিন্তু সুখী ছিলেন না। (জটিল)
(iv) যদি পরিশ্রম কর, তাহলে ফল পাবে। (যৌগিক)
(v) মানুষ মরণশীল। (নেতিবাচক)
(vi) বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। (প্রশ্নবোধক)
(vii) এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়বাচক)
(viii) ধনীর কন্যা তার পছন্দ নয়। (অস্তিবাচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
রাত জেগে ফেইসবুক দেখে অনেক ছাত্ররা নিজেদের শরীরের ক্ষতি করছে। এতে তারা যেমন মানসিক দৌর্বল্যতায় ভুগছে তেমনি পড়াশুনায় হচ্ছে অমনোযোগি।
তাছাড়া আবশ্যকীয় প্রস্তুতির অভাবে কাঙি ক্ষত ফলাফল অর্জন করতে না পেরে অনেকে চোখে সর্ষে পুষ্প দেখে।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) দৈন্যতা কোনো সময়ই প্রশংসনীয় নয়।
(ii) দুঃসংবাদটি শুনে সে চোখের অশ্রুজল সংবরণ করতে পারলো না।
(iii) এ বিষয়ে অজ্ঞানতাই তার পতনের কারণ।
(iv) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ণ বাজানো নিষেধ।
(v) পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্রতা আমাদের মুগ্ধ করে।
(vi) তিনি স্বস্ত্রীক নিউমার্কেটে গিয়েছেন।
(vii) আমরা বিদেহী আত্মার চিরশান্তি কামনা করছি।
(viii) তাহাকে এখান থেকে যাইতে হবে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Attestation, Booklet, Chief whip, Deputaton, Ethics, Home Ministry, Governing body, Notice board, Prepaid, X-ray, Racism, Settlement, Tribunal, Bulletin, External.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teachers. A good teacher makes lesson interesting. He discovers the treasure hidden inside each student.

৮। (ক) 'একুশের বইমেলায় একদিন' এই সম্পর্কিত একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্যের ভেজাল প্রবণতা বিষয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো শিক্ষা প্রতিষ্ঠানে অফিস সহকারীর শূন্য পদে চাকরির জন্য আবেদনপত্র।

১০। (ক) সারাংশ লেখ : ১০
অভাব আছে বলিয়াই জগৎ বৈচিত্র্যময় হইয়াছে। অভাব না থাকিলে জীব সৃষ্টি বৃথা হইত। অভাব আছে বলিয়া অভাব পূরণে এত উদ্যোগ। সংসার অভাবক্ষেত্র বলিয়া কর্মক্ষেত্র। অভাব না থাকিলে সকলেই স্থানু স্থবির হইত। মনুষ্যজীবন বিড়ম্বনাময় হইত। মহাজ্ঞানীগণ অপরের অভাব দূর করিতে সর্বদা ব্যস্ত। জগতে অভাব আছে বলিয়াই মহাপুরুষদের মানুষ সেবা করিবার সুযোগ হইয়াছে। সেবা মানব জীবনের পরম ধর্ম। সুতরাং অভাব হইতেই সেবাধর্মের সৃষ্টি হইয়াছে। আর এই সেবাধর্মের দ্বারাই মানুষের মনুষ্যত্বসুলভ গুণ সার্থকতা লাভ করিয়াছে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে।

১১। (ক) বাল্যবিবাহ নিরোধের গুরুত্ব সম্পর্কে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'সাম্প্রদায়িক সম্প্রীতির মেলবন্ধন' বিষয়ক একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০
(ক) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(খ) একুশের চেতনায় '৭১-এর মুক্তিযুদ্ধ;
(গ) রোহিঙ্গা সমস্যা ও সমাধানের উপায়;
(ঘ) মাদকাসক্তি ও আমাদের যুবসমাজ;
(ঙ) রূপসী বাংলাদেশ।

.কুমিল্লা বোর্ড-২০১৯.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) অন্ত্য-'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ :
অনিঃশেষ, ঐশ্বর্য, ষান্মাসিক, প্রায়শ্চিত্ত, উহ্য, জয়ধ্বনি, ব্রহ্মপুত্র, উদ্বাস্তু।

২। (ক) ণ-ত্ব বিধান কাকে বলে? ণ-ত্ব বিধানের চারটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
বৈয়াকরণিক, মুহূর্মুহূ, প্রোজ্জলন, কুপমন্ডূক, পিপিলীকা, দিবারাত্রি, সুষ্ট, ষ্টেডিয়াম।

৩। (ক) যোজক কী? উদাহরণসহ যোজক-এর শ্রেণিবিভাগ দেখাও। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
(i) চলো কোথাও একটু ঘুরে আসি।
(ii) ট্রেনটা এখনই এসে পড়বে।
(iii) নদীর বুকে চর জেগেছে।
(iv) এত চিনি দিলাম তবু মিষ্টি হলো না।
(v) বিপদ কখনও একা আসে না।
(vi) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য অতুলনীয়।

(vii) আমাদের যাত্রা সমুদ্র অভিমুখে।
(viii) হে বন্ধু, বিদায়।

৪। (ক) উপসর্গ কাকে বলে? বাংলা উপসর্গ কয় ভাগে বিভক্ত? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
আঁট-সাঁট, গৃহস্থ, তপোবন, গণতন্ত্র, অনাহুত, বিমনা, নবরত্ন, অনুরণন।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটির** বাক্যান্তর কর :
(i) বিদ্বান হলেও তার অহঙ্কার নেই। (যৌগিক)
(ii) ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই। (জটিল)
(iii) আমি আশা ছাড়িতে পারিলাম না। (অস্তিবাচক)
(iv) স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ। (নেতিবাচক)
(v) যা বাঙালির আত্মজাগরণ, তা অভিনন্দনের দাবি রাখে। (সরল)
(vi) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)
(vii) বাঁশির সুরটি সুমধুর। (বিস্ময়বোধক)
(viii) বস্তুজিজ্ঞাসা তথা বিজ্ঞান কখনো শিক্ষার প্রধান বিষয়বস্তু হতে পারে না। (প্রশ্নবোধক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
বিদ্বানজনেরা সাধারণত সংস্কৃতিপ্রিয়। সৌহার্দতা আমাদের বাঙালি সংস্কৃতির প্রাণ। কিন্তু দিন দিন তা ম্লান হওয়ায় আমরা সশঙ্কিত। তবুও নিরাশায় ডুবে থাকলে চলবে না। এ ক্ষেত্রে যেকোনো শুভ উদ্‌যোগকে জানাই সুস্বাগত।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) জাতীয় প্রেসক্লাবে তিনি এক সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন।
(ii) কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।
(iii) আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
(iv) সম্প্রতি কয়েকটি নদীতে নাব্যতা সংকট দেখা দিয়েছে।
(v) স্বজনেরা মরাদাহ করতে শ্মশানে গেছেন।
(vi) ফেলো টাকা মাখো তেল।
(vii) তদানীন্তনকালে বাঙালি ব্রিটিশদের অধীন ছিলো।
(viii) কথাটি শুনে তিনি আশ্চর্য হলেন।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Autonomous, Black-out, Correspondent, Diplomatic, Endorsement, Feudal, Horticulture, Idealism, Landscape, Memorandum, Non-aligned, Ordinance, Pioneer, Remark, Worship.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
The aim of education is to make a man fully fit for himself and the society. It means to develop the whole man, his body, mind and soul. It is education which aims at providing a child with opportunities so that it can bring to light it's all latent qualities. An educated man should be gentle, polite, thoughtful, creative, kind, respectful, sympathetic and co-operative. So, all of us should try our best to be educated and to serve humanity and the state. Because if education develops no spiritual and moral values, it has no value at all.

৮। (ক) তোমার মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ সম্পর্কিত দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) 'নিরাপদ সড়ক চাই' শীর্ষক বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) তোমার দেখা বাংলাদেশের কোনো একটি গ্রামের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দিয়ে প্রবাসী বন্ধুকে একটি ই-মেইল পাঠাও। ১০

অথবা, (খ) কোনো বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
অনেকে বলেন, স্ত্রীলোকদের উচ্চ শিক্ষার প্রয়োজন নাই। মেয়েরা চর্ব্যচোষ্য রাঁধিতে পারে, বিবিধ প্রকার সেলাই করিতে পারে, দুই-চারিখানা উপন্যাস পাঠ করিতে পারে, ইহাই যথেষ্ট, আর বেশি আবশ্যক নাই। কিন্তু ডাক্তার বলেন যে, আবশ্যক আছে, যেহেতু মাতার দোষ-গুণ লইয়া পুত্রগণ ধরাধামে অবতীর্ণ হয়। এই জন্য দেখা যায় যে, আমাদের দেশে অনেক বালক শিক্ষকদের বেত্রতাড়নায় কণ্ঠস্থ বিদ্যার জোরে এফএ, বিএ পাস হয় বটে; কিন্তু বালকের মনটা তাহার মাতার সহিত রান্নাঘরেই ঘুরিতে থাকে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
রাত্রে যদি সূর্য শোকে ঝরে অশ্রুধারা,
সূর্য নাহি ফেরে, শুধু ব্যর্থ হয় তারা।

১১। (ক) 'ফেইসবুকের সুফল ও কুফল' বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে **একটি** খুদে গল্প লেখ :
পড়ন্ত বিকেলে ঢাকার ফুটপাতে হাঁটতে হাঁটতে রাজু ভাবে, কালের প্রবহমান স্রোত জীবনকে আজ কতদূরে নিয়ে এসেছে। কিন্তু শৈশবের স্মৃতিগুলো আজও.....

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০
(ক) মহান মুক্তিযুদ্ধের চেতনা ও আজকের বাংলাদেশ;
(খ) বাংলাদেশের কৃষিতে বিজ্ঞান ও প্রযুক্তি;
(গ) পোশাক শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(ঘ) বৈশ্বিক উষ্ণতাবৃদ্ধি ও বাংলাদেশ;
(ঙ) বই পড়ার আনন্দ।

.চট্টগ্রাম বোর্ড-২০১৯.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ :
অদ্য, ইতঃপূর্বে, ঐশ্বর্য, বৈশাখ, অধ্যক্ষ, ব্যাখ্যা, ছাত্র, চিহ্ন।

২। (ক) প্রমিত বাংলা বানানের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
আকাংখা, অহোরাত্রি, পুরষ্কার, কৃতিবাস, মুমুর্ষ, মরিচিকা, শিরচ্ছেদ, বানিজ্য।

৩। (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** ক্রিয়া বিশেষণ চিহ্নিত কর :

ইট বসানো রাস্তা দিয়ে করিম বাড়ি ফিরছিল। হঠাৎ দেখতে পেল চলন্ত বাস থেকে যাত্রীরা লাফিয়ে নামছে। হাঁটা-পথের অনেকেই দৃশ্যটি তাকিয়ে দেখল। কয়েকজনের যায়-যায় অবস্থা। কাঁদো-কাঁদো চেহারার মানুষগুলোকে দেখে করিম মনে কষ্ট পেল।

৪। (ক) নিচের উপসর্গ যোগে শব্দ গঠন কর এবং বাক্য রচনা কর : (যেকোনো **পাঁচটি**) ৫
প্র, পরা, অনু, বি, পরি, প্রতি, অভি, উপ।

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
আমরণ, নদীমাতৃক, সাতসতের, ভবনদী, রাজহংস, কাজলকালো, পকেটমার, সপ্তর্ষি।

৫। (ক) অর্থানুসারে বাংলা বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যান্তর কর :
(i) মেঘনা আসামের লুসাই পাহাড় থেকে উৎপন্ন হয়ে সাগরে পড়েছে। (যৌগিক)
(ii) তুমি যা বললে তা অসত্য। (সরল)
(iii) মানুষ অমর নয়। (অস্তিবাচক)
(iv) তিনি দরিদ্র কিন্তু সৎ। (জটিল)
(v) সরস্বতী বর দেবেন না। (প্রশ্নবোধক)
(vi) সে সুন্দর গান গায়। (বিস্ময়সূচক)
(vii) দুর্জনকে দূরে রাখা উচিৎ। (অনুজ্ঞা)
(viii) বিড়ালকে বুঝানো দায় হইল। (নেতিবাচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদে অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ : ৫
আজিকাল বানানের ব্যাপারে সকল ছাত্ররাই অমনোযোগি। বানান শুদ্ধতম করে লেখার ব্যাপারে তাহারা তো সচেষ্টিত নয়ই বরং অবস্থাদৃষ্টিতে মনে হয়, তাহারা যেন ভুল করিবার প্রতিযোগিতায় অবতির্ণ হয়েছে।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) এটা একটা লজ্জাস্কর ব্যাপার।
(ii) মাতাহীন শিশুর কী দুঃখ।
(iii) অশ্রু জলে তার বুক ভেসে গেল।
(iv) দৈন্যতা সব সময় প্রশংসনীয় নহে।
(v) সকল সভ্যগণ সভায় উপস্থিত ছিলেন।
(vi) বিরাট গরু ছাগলের হাট।
(vii) খাঁটি গরুর দুধ।
(viii) একটা গোপনীয় কথা বলি।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক শব্দ লেখ : ১০
Affidavit, Fundamental, Galaxy, Oath, Sabotage, Catalogue, Manifesto, Home Ministry, Rank, Note, Secular, Code, Quality, File, Theory, Biodata.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Man cannot live alone. So he likes to keep company. He cannot do without the help of other even for a day. For this reason men have been living together for many days. This is called social life. None can go according to this sweet will in society.

৮। (ক) শরতের সকালের অভিজ্ঞতা বর্ণনা করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) নিরক্ষরতা দূরীকরণের জন্য কোনো বিশেষ এলাকার তথ্যানুসন্ধান সংবলিত একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) কৃষিমেলার বর্ণনা দিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) ডেঙ্গুজ্বর প্রতিরোধের ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়ে যথাযথ কর্তৃপক্ষের কাছে একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
জাতি শুধু বাইরের ঐশ্বর্য-সম্ভার, দালান কোঠার সংখ্যা বৃদ্ধি কিংবা সামরিক শক্তির অপরাজেয়তায় বড় হয় না, বড় হয় অন্তরের শক্তিতে, নৈতিক চেতনায়, আর জীবনপণ করে অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানোর ক্ষমতায়। জীবনের মূল্যবোধ ছাড়া জাতীয় সত্তার ভিত কখনো শক্ত আর দৃঢ়মূল হতে পারে না। মূল্যবোধ জীবনাশ্রয়ী হয়ে জাতির সর্বাঙ্গে ছড়িয়ে পড়লেই তবে জাতি অর্জন করে মহত্ত্ব আর মহৎ কর্মের যোগ্যতা। সবরকম মূল্যবোধের বৃহত্তম বাহন ভাষা, তথা মাতৃভাষা, আর তা ছড়িয়ে দেওয়ার দায়িত্ব লেখক ও সাহিত্যিকদের।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
বিদ্যার সাধনা শিষ্যকে নিজে অর্জন করতে হয়। গুরু উত্তরসাধক মাত্র।

১১। (ক) একটি পূর্ণিমা রাতের সৌন্দর্য প্রসঙ্গে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত শিরোনাম অবলম্বনে একটি খুদে গল্প লেখ :
অসময়ের বন্ধু প্রকৃত বন্ধু।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) স্বদেশপ্রেম;
(খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;
(গ) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(ঘ) সাম্প্রদায়িক সম্প্রীতি;
(ঙ) নারী শিক্ষা ও জাতীয় উন্নয়ন।

.সিলেট বোর্ড-২০১৯.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
একাডেমি, উদাহরণ, ধার্য, প্রণীত, অদ্বিতীয়, চর্যাপদ, ব্রাহ্মণ, রূপসী।

২। (ক) বাংলা একাডেমির প্রমীত বাংলা বানানের যেকোনো **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
উদীচি, অপরাহ্ন, অহোরাত্রি, ইতিমধ্যে, নিশিথিনি, শিরচ্ছেদ, নুপুর, প্রাণীবিদ্যা।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
(i) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?
(ii) সাদা কাপড় পরলেই মন সাদা হয় না।
(iii) মোদের গরব মোদের আশা আ-মরি বাংলা ভাষা।
(iv) রবীন্দ্রনাথ তো আর দুজন হয় না।
(v) বুঝিলাম মেয়েটির রূপ বড় আশ্চর্য।
(vi) বাঃ! আমাদের মেয়েরা দারুণ খেলছে।
(vii) আমাদের সমাজ আর ওদের সমাজ এক রকম নয়।
(viii) তিনি হো হো করে হেসে উঠলেন।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে।"– ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
পুষ্টিকর, ত্রিরত্ন, পথেঘাটে, নীলাকাশ, বদমেজাজি, চাঁদমুখ, কানাকানি, সচিত্র।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যের বাক্যান্তর কর :
(i) সে আর ভিক্ষা করে না। (প্রশ্নবোধক)
(ii) বাংলাদেশ কি একটি উন্নয়নশীল দেশ নয়? (অস্তিবাচক)
(iii) তোমার এরূপ ব্যবহার অনুচিত। (নেতিবাচক)
(iv) তারা কি যাবে কোথাও? (অস্তিবাচক)
(v) লোকটির সবই আছে, কিন্তু সুখী নয়। (জটিল বাক্য)
(vi) আমার এমন কিছু নেই, যা তোমাকে দিতে পারি। (সরল)
(vii) সূর্যোদয়ে পদ্মফুল ফোটে। (জটিল বাক্য)
(viii) যিনি জ্ঞানী, তিনিই সত্যিকার ধনী। (সরল বাক্য)

৬। (ক) যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫
(i) মহারাজা সভাগৃহে প্রবেশ করিলেন।
(ii) শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ করবো।
(iii) বিরাট গরু-ছাগলের হাট।
(iv) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।
(v) অপরাহ্ন লিখতে অনেকেই ভুল করে।
(vi) আমার টাকার আবশ্যক নাই।
(vii) প্রতিযোগীতায় অংশগ্রহণ করাই বড় কথা।
(viii) বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
ইদানিংকালে ইংরেজি ধাঁচে বাংলা বলার অপচেষ্টা দেখা যাচ্ছে। বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি। শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না। পরীক্ষা চলাকালীন সময়ে শিক্ষার্থীরা অনেক বেশি অমনোযোগী থাকে বলে বানান ভুল করে। সরকারি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সর্বস্তরে বাংলা ভাষা চালু করতে হবে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Catalogue, Dual, Epitaph, Fine, Arts, Interim, Manuscript, Octave, Parole, Quarterly, Refugee, Sponsor, Up-to-date, Violation, Wristwatch, Zoom.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
We Should bear the courage to say the right thing. We need not fear men nor care for what others think of us. So long as our purpose is honest. God will be on our side. And with this help, we shall be able to encourage the weak. Thus we shall be able to march in life and search it's goal.

৮। (ক) এলাকার একজন যুদ্ধাহত মুক্তিযোদ্ধার সাথে আলাপচারিতার অভিজ্ঞতা উল্লেখ করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণ এবং এর প্রতিকার সম্বন্ধে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৯। (ক) নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্য পদে চাকরি প্রার্থনা করে একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ডবেগে শুধুই আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় করতে না পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন একপর্যায়ে এসে পৌঁছেছে, যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
রাত যত গভীর হয়, প্রভাব তত নিকটে আসে।

১১। (ক) "সড়ক দুর্ঘটনা বিষয়ে সচেতনতা" এই শিরোনামে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচে প্রদত্ত উদ্দীপক অনুসরণে "আজ সফলতার সিঁড়িতে" এই শিরোনামে একটি ক্ষুদে গল্প রচনা কর :
জীবন বড়ই বিচিত্র। অনিকের এমন একদিন ছিল, যখন প্রতি বেলা খাবার খাওয়ার মতো অর্থ তার ঘরে ছিল না। জীবনে কঠোর পরিশ্রম করে আজ একটা ভালো চাকরি করে সে। বাবা বড় দুঃখে মানুষ করেছে.....।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) স্বদেশ প্রেম;
(খ) বাংলাদেশের পোশাক শিল্প;
(গ) একুশ শতকে পল্লী উন্নয়ন ও বাংলাদেশ;
(ঘ) তথ্য-প্রযুক্তি ও বাংলাদেশ;
(ঙ) দ্রব্যমূল্য বৃদ্ধি ও তার প্রতিকার।

.বরিশাল বোর্ড-২০১৯.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা শব্দে আদ্য 'অ'-ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

পক্ষ, ব্যাকরণ, বিশ্বাস, ঐতিহ্য, হৃৎপিণ্ড, নদী, পদ্ম, আহ্বান।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
প্রাতঃভ্রমণ, মাধুর্যতা, নিরপরাধী, ঔজ্জ্বল্য, সচিত্রিত, দৈন্যতা, বহিঃষ্কার, পিপিলিকা।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে লেখ। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর :
আছেন তো ভালো? ছেলেমেয়ে? কিছু আলাপের পর দেখিয়ে সফেদ দেয়ালের শান্ত ফটোগ্রাফটিকে বললাম জিজ্ঞাসু অতিথিকে–

৪। (ক) 'সংস্কৃত ও বাংলা ব্যাকরণে উপসর্গের সংজ্ঞার্থ এক নয়।'– আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
সলিলসমাধি, গ্রন্থকার, আকণ্ঠ, প্রবাদ, উত্তরোত্তর, নবরত্ন, শতাব্দী, বিষাদসিন্ধু।

৫। (ক) অর্থ অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটির** বাক্যান্তর কর :
(i) ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)
(ii) তাদের গ্রামে ফিরিয়া আসা চলে না। (প্রশ্নবোধক)
(iii) আশেপাশে কোন শব্দ নেই। (অস্তিবাচক)
(iv) ভাষায় অক্ষরের ভূমিকা গৌণ। (নেতিবাচক)
(v) কাজ না করলে চলে যাও। (যৌগিক)
(vi) আইন মেনে চলা কর্তব্য। (অনুজ্ঞাসূচক)
(vii) এদেশ বড় বিচিত্র। (বিস্ময়বোধক)
(viii) সত্য কথা বলিনি তাই বিপদে পড়েছি। (সরল)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
সেদিন স্যার রাগিয়া বললেন, "তোমরা এসএসসি পাস করিলে কিভাবে? মণিষি, সমিচীন, লবন, আকাংখা, শান্তনা, বিদ্যান, সংস্কৃতিবান ইত্যাদি বানান পর্যন্ত ভুল করছ। এ জন্য তোমাদের অনুতপ্ত হওয়া উচিত।"

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
(ii) এক পৌষে শীত যায় না।
(iii) বন্দরে কয়েকটি ডিপার্টমেন্টাল স্টোর আছে।
(iv) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।
(v) ঘটনাটি অত্যান্ত লজ্জাষ্কর।
(vi) মামলা চালাতে গিয়ে লোকটি সর্বশান্ত হলো।
(vii) কেবলমাত্র গায়ের জোরে সব কাজ হয় না।
(viii) শিক্ষক অন্যান্য বিষয়সমূহের আলোচনা করলেন।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Ad-hoc, By-election, Caption, Data, Ethics, Fine-Art, Idiom, Kindergarten, Landscape, Nebula, Ordinance, Parade, Quarter, Rational, Syntax.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Family is the first school where the child learns his lessons. The first lessons are very essential for developing his mind. He sees, hears and begins to learn in his family. Family builds his character. In a good family honest and healthy men are made.

৮। (ক) একটি গ্রাম্যমেলা দেখার অনুভূতি ব্যক্ত করে দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) বাংলাদেশের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা শিরোনামে একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) মোবাইল ফোনের অপব্যবহারের ক্ষতিগুলো উল্লেখ করে বন্ধুদের প্রেরণের জন্য একটি ই-মেইল রচনা কর। ১০

অথবা, (খ) বিনা বেতনে অধ্যয়নের সুযোগ চেয়ে তোমার কলেজের অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
জ্ঞানের স্পৃহা ছাড়া শিক্ষা ব্যর্থতায় পর্যবসিত হয়। তখন পরীক্ষা পাসটাই বড় হয়। এতে পরীক্ষা পাস করা লোকের অভাব না থাকলেও জ্ঞানীর অভাব দেখা দেয়। পরীক্ষা পাসের মোহ যদি ছাত্রছাত্রীদের উৎকণ্ঠিত রাখে, তবে জ্ঞান নির্বাসনে চলে যায়। পৃথিবীতে অক্ষয় আসন লাভের জন্য তরুণ সমাজকে জ্ঞানের প্রতি উৎসাহী করে তুলতে হবে। পরীক্ষা পাসের মোহ থেকে মুক্ত না হলে তরুণ সমাজের সামনে কখনই জ্ঞানের দিগন্ত উন্মোচিত হবে না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
প্রাণ থাকলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।

১১। (ক) বাংলাদেশ ক্রিকেট দলের সম্প্রতি অর্জিত কোনো সাফল্য সম্পর্কে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) "বিপদে বন্ধুর পরিচয়" শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০
(ক) পরিবেশ দূষণ : কারণ ও প্রতিকার;
(খ) তথ্য প্রযুক্তি ও আজকের বাংলাদেশ;
(গ) বই পড়ার আনন্দ;
(ঘ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য;
(ঙ) সাম্প্রদায়িক সম্প্রীতি ও বাংলাদেশ।

.দিনাজপুর বোর্ড-২০১৯.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) ব-ফলা উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
আশ্রম, ঐকমত্য, গ্রীষ্ম, জনশ্রুতি, তত্ত্বাবধান, প্রত্যক্ষ, শ্রবণ, আবৃত্তি।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
অধিনস্থ, কুজ্জটিকা, জেষ্ঠ্য, মুমুর্ষু, সম্বর্ধনা, মহিষী, পিপিলীকা, নুন্যতম।

৩। (ক) সাপেক্ষ সর্বনাম বলতে কী বোঝ? যেকোনো **চারটি** বাক্যে এর প্রয়োগ দেখিয়ে তা চিহ্নিত কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
(i) পয়লা বৈশাখ বাঙালির উৎসবের দিন।
(ii) মোদের গরব মোদের আশা আমরি বাংলা ভাষা।
(iii) আজ নয় কাল সে আসবেই।
(iv) তার মায়ের হাতের পিঠা যেন অমৃত।
(v) হঠাৎ সে দেখতে পেল চলন্ত বাস থেকে যাত্রীরা লাফিয়ে নামছে।
(vi) বাঃ! চমৎকার একটা গল্প লেখেছ।
(vii) শুভ্র সমুজ্জ্বল এ তাজমহল।
(viii) সে আমার মনে আগুন জ্বালিয়ে দিয়েছিল।

৪। (ক) শব্দ গঠন বলতে কী বোঝ? কী কী উপায়ে শব্দ গঠিত হয় উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
পুষ্পসৌরভ, গঙ্গা-যমুনা-মেঘনা, চন্দ্রচূড়, অনাচার, মহাকবি, গুণমুগ্ধ, সবান্ধব, উপকণ্ঠ।

৫। (ক) গঠন অনুসারে বাংলা বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যান্তর কর :
(i) সত্য কথা স্বীকার কর নতুবা শাস্তি পাবে। (সরল)
(ii) ইহারা অন্য জাতের মানুষ। (নেতিবাচক)
(iii) পড়াশুনা কর নচেৎ ভবিষ্যৎ অন্ধকার। (জটিল)
(iv) আমি বহু কষ্টে শিক্ষালাভ করেছি। (যৌগিক)
(v) হৈম তাহার অর্থ বুঝিল না। (অস্তিবাচক)
(vi) ত্যাগের এ মহিমা অপূর্ব। (বিস্ময়সূচক)
(vii) ফুল সকলেই ভালোবাসে। (প্রশ্নবাচক)
(viii) কাজটা তোমার করা উচিত। (অনুজ্ঞাসূচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ। একথা প্রমাণ হয়েছে। জীবনে সার্থকতা লাভ করতে হলে পাঠে মনোযোগী হতে হয়। দূরাবস্থা আকাঙ্ক্ষার অন্তরায়। দৈন্যতা ভালো নয়।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) বাংলাদেশ একটি উন্নতশীল রাষ্ট্র।
(ii) যাবতীয় প্রাণীরাই এই গ্রহের বাসিন্দা।
(iii) আকণ্ঠ পর্যন্ত খেয়ে এখন হাঁসফাঁস লাগছে।
(iv) আজ আমার কনিষ্ঠ বোনের বাগদান অনুষ্ঠান।
(v) আমার কথাই শেষ পর্যন্ত প্রমাণ হলো।
(vi) লোকটাকে পূর্ণচন্দ্র দিয়ে বিদায় করে দাও।
(vii) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।
(viii) পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্রতা আমাদের মুগ্ধ করে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Autograph, Bilingual, Comet, Dialect, Evaluation, Farce, Global, Hostage, Immigrant, Legend, Manifesto, Nutrition, Prefix, Rotation, Symbol.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Trees are our friends. It helps us in different ways, It gives us shade, food, fuel, medicine and oxygen. Trees make our environment beautiful. Trees are our valuable wealth. It is very much necessary to make afforestation programme successful.

৮। (ক) তোমার কলেজের প্রথম দিনের অভিজ্ঞতা বর্ণনা করে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার দেখা একটি গ্রামীণ মেলার ওপর একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) তোমার বোনের বিয়েতে নিমন্ত্রণ জানিয়ে বন্ধুকে ই-মেইল প্রেরণ কর। ১০

অথবা, (খ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগলাভের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
পরের মুখের বুলি এবং পরের ভঙ্গি কেন অনুকরণ করা হয়? বিধাতা সকলেরই সর্বাঙ্গে নিজস্বতা দিয়েছেন। সেটুকু মুছলে গৌরব বাড়ে না। পরের মতো করে নিজেকে গড়তে গেলে নিজেকেই মেকি করে তোলা হয়। পরের ধন চুরি ছেড়ে নিজের খাঁটি ধনকে বাড়িয়ে তোলা উচিত।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে।

১১। (ক) বই পড়ার গুরুত্ব সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর।১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প লেখ :
সংসারের চাকা সচল রাখতে রোমানা অন্যের বাসায় ঝি এর কাজ বেছে নেয়, তার একমাত্র মেধাবী কন্যার স্বপ্ন পূরণের.....

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য;
(খ) কর্মমুখী শিক্ষা;
(গ) স্বদেশপ্রেম;
(ঘ) মানবকল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি;
(ঙ) মাদকাসক্তি ও তার প্রতিকার।

.ঢাকা বোর্ড-২০২২.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-১৫

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) প্রমিত বাংলা বানানের যে কোনো **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ।

২। (ক) সর্বনাম পদ কাকে বলে? সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর। (যে কোনো **পাঁচটি**) :

কালান্তর, মিশকালো, সিংহাসন, প্রভাত, হাতেখড়ি, তেপায়া, উপকণ্ঠ, রাজপুত্র।

৩। (ক) অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ :

(i) তার বৈমাত্রেয় সহোদর ডাক্তার।

(ii) সাবধান পূর্বক চলবে।

(iii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।

(iv) আপনি স্বপরিবারে আমন্ত্রিত।

(v) কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।

(vi) কুপুরুষের মতো কথা বলছো কেন?

(vii) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে।

(viii) তৎকালীন সময়ে তার ভূমিকা সমালোচিত হয়।

নির্মিতি অংশ : মান-৩৫

৪। (ক) যে কোনো পাঁচটি শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫

Acting, Ballot, Cartoon, Deed, Public works, Hood, Light year, Sabotage.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

He who loves his country is a patriot. The patriots love their country more dearly than their lives. They are ready to lay down their lives for the welfare of their country. Everybody honours them. They live even after their death.

৫। (ক) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'অফিসার পদে' নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র রচনা কর। ১০

অথবা, (খ) তোমার কলেজে উদ্‌যাপিত 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' উপলক্ষে একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারাংশ লেখ : ১০

আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের উপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি আগে যাওয়ার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ডবেগে শুধুই আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে; মানুষ যদি এ মূঢ়তাকে জয় না করতে পারে তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে, যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই; এবার উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

স্বদেশের উপকারে নাই যার মন

কে বলে মানুষ তারে? পশু সেই জন।

৭। (ক) করোনা ভাইরাসের বিস্তাররোধে সতর্কতা বিষয়ে দুই শিক্ষার্থীর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত গল্পসংকেত অনুসরণে একটি খুদে গল্প রচনা কর :

ইচ্ছে থাকলে উপায় হয় কথাটি কতটুকু বাস্তব তার প্রমাণ আমাদের গাঁয়ের মেয়ে সুমনা.....

.রাজশাহী বোর্ড-২০২২.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় | | | |

কোড : ☐☐☐

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-১৫

১। (ক) উদাহরণসহ ব-ফলা উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

শান্তনা; দৈণ্যতা; জাজ্জল্যমান; মুমুর্ষ; প্রতিদন্দ্বি; ফটোষ্টেট; দূর্বিসহ; হীনমন্যতা।

২। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ দেখাও। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে কোনো **পাঁচটি**) :

দম্পতি; সপ্তডিঙা; প্রভাষক; আয়তলোচনা; কুসুমকোমল; কবিগুরু; যথারীতি; উদ্বেল।

৩। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্য গঠনে কী কী বৈশিষ্ট্য থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) তাকে দেখে আমি আশ্চর্য হয়েছি।
(ii) বিধি লঙ্ঘন হয়েছে।
(iii) চোখে হলুদফুল দেখছি।
(iv) একথা প্রমাণ হয়েছে।
(v) তিনি স্বপরিবারে ঢাকা থাকেন।
(vi) তার পানিতে সমাধি হয়েছে।
(vii) দেশের উন্নয়নের গতি ত্বরান্বিত করার জন্য সকল পর্যায়ে কৃচ্ছতা সাধন দরকার।
(viii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।

নির্মিতি অংশ : মান-৩৫

৪। (ক) যে কোনো **পাঁচটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ৫

Audio; Copyright; Dynamic; Bankrupt; Hoarder; Reform; Isolation; Study.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Nothing is useless in the world. Even the commonest things we see around us have also their uses. The rocks we have frequented, may hide a rich mine. A divine intention underlines creation. There is nothing low, nothing mean.

৫। (ক) কোনো বেসরকারি কলেজে 'প্রভাষক' পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে আবেদন কর। ১০

অথবা, (খ) তোমার এলাকার কোনো সড়কের দুরবস্থার উপর একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

সবারে বাসিব ভালো, করিব না আত্মপর ভেদ
সংসারে গড়িব এক নতুন সমাজ।
মানুষের সাথে কভু মানুষের রবে না বিচ্ছেদ–
সর্বত্র মৈত্রীর ভাব করিবে বিরাজ।
দেশে দেশে যুগে যুগে কত যুদ্ধ কত না সংঘাত
মানুষে মানুষে হলো কত হানাহানি।
এবার মোদের পুণ্যে সমুদিবে প্রেমের প্রভাত
সোল্লাসে গাহিবে সবে সৌহার্দের বাণী।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

সাহিত্য জাতির দর্পণস্বরূপ।

৭. (ক) "উচ্চশিক্ষা স্তরে 'বিষয়' নির্বাচনের গুরুত্ব" প্রসঙ্গে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) উপযুক্ত শিরোনামসহ নিচের সংকেত অনুসরণে একটি খুদে গল্প লেখ :

চার ভাই-বোনের মধ্যে রাজু সবার বড়। সবকিছুই ঠিকঠাক চলছিলো। পিতার আকস্মিক মৃত্যুতে সবকিছু এলোমেলো হয়ে যায়। একদিকে নিজের উচ্চ শিক্ষা, অন্যদিকে.....

.যশোর বোর্ড-২০২২.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-১৫

১। (ক) দৃষ্টান্তসহ 'য' ফলা উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ।৫

অথবা, (খ) নিচের যে কোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখো :

আকাংখা, ইতিপূর্বে, কথপোকোথন, বিদুষি, জাজ্জল্যমান, নুন্যতম, মুমূর্ষ, বুদ্ধিজীবি।

২। (ক) ক্রিয়াপদ কাকে বলে? উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে কোনো **পাঁচটি**)

অহিনকুল, উর্ণনাভ, শশব্যস্ত, অনাশ্রিত, কলেরগান, প্রবচন, উদ্বেল, ত্রিভুজ।

৩। (ক) বাক্য কাকে বলে? গঠনগতভাবে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যে কোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করো :

(i) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।

(ii) মাদকাশক্তি ভাল নয়।

(iii) তার বৈমাত্রেয় সহোদর ডাক্তার।

(iv) নদীর জলে অস্তমান সূর্যের ছায়া পড়েছে।

(v) ষড়ঋতুর সমাহারের দেশ বাংলাদেশ।

(vi) জাতীয় প্রেসক্লাবে তিনি এক সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন।

(vii) তিনি আদালতে মিথ্যা সাক্ষী দিয়েছেন।

(viii) সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম।

নির্মিতি অংশ : মান-৩৫

৪। (ক) যে কোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখো :৫

Autonomous, Ethics, Fine-Arts, Green room, Hostile, Journal, Manuscript, White-Paper.

অথবা, (খ) বাংলায় অনুবাদ করো :

Our life is short. But we have to do many things. Human life is nothing but the collection of moments. So we must not spend a single moment in vain. To kill time is to shorten life.

৫। (ক) কোনো বেসরকারি ব্যাংকের সিনিয়র অফিসার পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বরাবর একটি আবেদনপত্র লেখো। ১০

অথবা, (খ) তোমার দেখা 'একুশের বইমেলা' সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি করো।

৬। (ক) সারমর্ম লেখো : ১০

অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ, সবচেয়ে বেশি আজ চোখে দেখে তারা;
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই– প্রীতি নেই– করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।
যাদের গভীর আস্থা আছে আজও মানুষের প্রতি,
এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ করো :

সাহিত্য সমাজের দর্পণস্বরূপ।

৭। (ক) বৈশ্বিক উষ্ণতা ও বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা করো। ১০

NABARUN PUBLICATION

অথবা, (খ) নিম্নোক্ত ইঙ্গিত অবলম্বনে একটি খুদে গল্প রচনা করো :

এখন পৌষ মাস। কাকলি গ্রামে বেড়াতে এসেছে। সেদিনই গ্রামের স্কুল মাঠে বসেছিল পৌষের পিঠামেলা। মেলায় ঘুরতে এসে কাকলির দৃষ্টি আটকে গেল.....।

.কুমিল্লা বোর্ড-২০২২.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-১৫

১। (ক) ব-ফলা উচ্চারণে **পাঁচটি** উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

নুন্যতম, দূরবস্থা, শিরচ্ছেদ, হিনমন্যতা, মুমুর্ষ, শশ্মান, শান্তনা, ইতিমধ্যে।

২। (ক) আবেগ শব্দ কাকে বলে? আবেগ শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যে কোনো **পাঁচটি**) :

যুগান্তর, শিক্ষক, নদীমাতৃক, চরণকমল, সবান্ধব, শতাব্দী, পদ্মা-মেঘনা-যমুনা, উপকণ্ঠ।

৩। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ :

(i) বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।

(ii) এক পৌষে শীত যায় না।

(iii) ঘটনাটি অত্যান্ত লজ্জাকর।

(iv) শিক্ষক অন্যান্য বিষয়সমূহের আলোচনা করলেন।

(v) তিনি বাঙালির সর্বশ্রেষ্ঠ সন্তান।

(vi) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।

(vii) আমার বাড়ি ঢাকা নয়, ময়মনসিংহ।

(viii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।

নির্মিতি অংশ : মান-৩৫

৪। (ক) যে কোনো **পাঁচটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ৫

Secular, Irrigation, Dynamic, Agenda, Provost, Cabinet, Nationalism, Memorandum

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Time is very precious. It should not be neglected. The man who makes good use of time is sure to succeed. All the famous persons of the world made use of time. We should follow them.

৫। (ক) মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে চাকরির জন্য একটি আবেদনপত্র রচনা কর। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি সম্পর্কে প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

দৈন্য যদি আসে, আসুক লজ্জা কি বা তাহে?
মাথা উঁচু রাখিস্
সুখের সাথি মুখের পানে যদি না চাহে
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে
বক্ষ ফুলিয়ে দাঁড়াস্
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

রাত যত গভীর হয়, প্রভাত তত নিকটে আসে।

৭। (ক) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'স্বনির্ভরতার জন্য চাই ইচ্ছাশক্তি' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

চট্টগ্রাম বোর্ড-২০২২

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-১৫

১। (ক) উদাহরণসহ বাংলা উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) বানান শুদ্ধ করে লেখো (যে কোনো **পাঁচটি**)

সমিচিন, বিভিষন, অপেক্ষামান, পুননির্মান, ঐক্যমত, প্রতিযোগীতা, স্বামীগৃহ, কটুক্তি।

২। (ক) উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো (যে কোনো **পাঁচটি**)

রক্তনদী, দোটানা, উচ্ছৃঙ্খল, বইপুস্তক, কুম্ভকার, সেতার, যুগান্তর, কানাকানি।

৩। (ক) গঠনগত দিক থেকে বাক্য কত প্রকার? উদাহরণসহ বাক্যের প্রকারভেদ আলোচনা করো। ৫

অথবা, (খ) নিচের বাক্যগুলো শুদ্ধ করে লেখো (যে কোনো **পাঁচটি**)

(i) স্যারের কথা প্রমাণ হয়েছে।

(ii) একের লাঠি দশের বোঝা।

(iii) সকাল সকাল চারাগুলো বপন করা হয়ে গেল।

(iv) অপরাহ্ন লিখতে কেউ কেউ ভূল করে।

(v) সকল ছাত্ররাই দেশের ভবিষ্যৎ।

(vi) প্রাণীবিজ্ঞানের তিনজন শিক্ষকই গুণীসমাবেশে যাবেন।

(vii) বেপরোয়া গাড়ি চালাবেন না।

(viii) সকাল হইতে বৃষ্টি হচ্ছে।

নির্মিতি অংশ : মান-৩৫

৪। (ক) পারিভাষিক শব্দ লেখো (যে কোনো **পাঁচটি**) ৫

Accessories, Autograph, Caption, Fiction, Estimate, Virus, Guilty, Hygiene.

অথবা, (খ) অনুবাদ করো :

He who loves his country is a patriot. The patriots like Bangabandhu Sheikh Mujibur Rahman love their country more dearly than their own lives. They are ready to lie down their lives for the welfare of their country. Everybody honours them. They live even after their death.

৫। (ক) একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'কম্পিউটার অপারেটর' পদে চাকরির জন্য আবেদনপত্র রচনা করো। ১০

অথবা, (খ) 'মেঘনায় লঞ্চডুবি : ৩০০ জনের সলিল সমাধি' শিরোনামে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

৬। (ক) সারমর্ম লেখো : ১০

বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা
বিপদে আমি না যেন করি ভয়।
দুঃখতাপে ব্যথিত চিতে নাই-বা দিলে সান্ত্বনা
দুঃখ যেন করিতে পারি জয়।
সহায় মোর না যদি জুটে, নিজের বল না যেন টুটে
সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধু বঞ্চনা,
নিজের মনে না যেন মানি ক্ষয়।
আমারে তুমি করিবে ত্রাণ, এ নেহ মোর প্রার্থনা
তরিতে পারি শকতি যেন রয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ করো :

রাত যত গভীর হয়, প্রভাত তত নিকটে আসে।

৭। (ক) 'করোনাকালে অনলাইন শিক্ষাকার্যক্রম' বিষয়ে দু'জন শিক্ষার্থীর সংলাপ রচনা করো। ১০

অথবা, (খ) প্রদত্ত সংকেতটি পড়ে শিরোনামসহ একটি খুদে গল্প রচনা করো :

এইখানে আসলে থমকে যায় নাদিমের মনটা। দশ বছর আগে ঠিক এখানেই বাবার সাথে তার শেষ দেখা হয়েছিল।.....

.সিলেট বোর্ড-২০২২.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-১৫

১। (ক) উদাহরণসহ 'ব'-ফলা উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

শ্রমজিবী, ফটোষ্ট্যাট, মরিচীকা, পানিনী, নমষ্কার, সহযোগীতা, ইতিমধ্যে, উচ্ছাস।

২। (ক) সংজ্ঞা ও উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যে কোনো **পাঁচটি**)

রাজপথ, অনাশ্রিত, গ্রামান্তর, দিগ্বিদিক, উপনদী, সেতার, অহিনকুল, উদ্বেল।

৩। (ক) বাক্য কাকে বলে? একটি আদর্শ বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ :

(i) আবশ্যক ব্যয়ে কার্পণ্যতা অনুচিত।

(ii) তাহারা মাঠে খেলা করছে।

(iii) বাংলাদেশ একটি উন্নতশীল রাষ্ট্র।

(iv) বিরাট গরু-ছাগলের হাট।

(v) প্রথম সাক্ষী মিথ্যা সাক্ষী দিয়েছে।

(vi) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে।

(vii) গাছে কাঁঠাল মাথায় তেল।

(viii) সে সভায় উপস্থিত ছিলেন।

SINCE 1997 NABARUN PUBLICATION

নির্মিতি অংশ : মান-৩৫

৪। (ক) যে কোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫

Auction, Dialect, Urban, Copyright, Prepaid, Booklet, Nursery, Xerox

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Bengali language has a glorious tradition. In this country, students and people laid down their lives to keep the honour of our language. Those martyrs are the pride of our nation and history.

৫। (ক) কোভিড-১৯ মহামারিতে ক্ষতিগ্রস্ত তোমার এলাকার জনগণের সাহায্যের জন্য জেলা প্রশাসক বরাবর একটি আবেদনপত্র রচনা কর। ১০

অথবা, (খ) সড়ক দুর্ঘটনার কারণ ও প্রতিকারের সুপারিশসহ একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

দৈন্য যদি আসে আসুক, লজ্জা কিবা তাহে,
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্র রূপে তীব্র দুঃখ যদি আসে নেমে

বুক ফুলিয়ে দাঁড়াস,
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
মঙ্গল করিবার শক্তিই ধন, বিলাস ধন নহে।

৭। (ক) মাদকাসক্তির কুফল ও এর প্রতিকার বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'মানুষ মানুষের জন্য' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

.বরিশাল বোর্ড-২০২২.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-১৫

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের যে কোনো **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বানান শুদ্ধ করে লেখ (যে কোনো **পাঁচটি**)
আনুষাঙ্গিক, বাংগালী, মহত্ব, দুরাবস্থা, ঐক্যমত, ইতিপূর্বে, নুন্যতম, আকাংখা।

২। (ক) উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ দেখাও।৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যে কোনো **পাঁচটি**)
বাহুলতা, আদিগন্ত, সহোদর, দম্পতি, তেপান্তর, নদীমাতৃক, জ্যোৎস্নারাত, চিরসুখী।

৩। (ক) একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ :
(i) সমৃদ্ধশালী বাংলাদেশ আমাদের একান্তভাবেই কাম্য।
(ii) দরিদ্রের কথা বাঁশি হলে ফলে।
(iii) তাকে বাড়ি যাইতে দাও।
(iv) ফলজ বৃক্ষ বেশি বেশি লাগাতে হবে।
(v) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।
(vi) বাংলা বানান আয়ত্ব করা বেশ কঠিন।
(vii) পরীক্ষার ফল প্রকাশ হয়েছে।
(viii) অদ্যবধি তাহার দেখা নাই।

NABARUN PUBLICATION

নির্মিতি অংশ : মান-৩৫

৪। (ক) যে কোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫
Acting, Biography, Documentary, Hygiene, Menifesto, Subsidy, Vacation, Warcrime.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Nothing is useless in the world. Even the commonest things we see around us have also their uses. The rocks we have frequented, may hide a rich mine. A divine intention underlines creation. There is nothing low, nothing mean.

৫। (ক) তোমার এলাকায় ডেঙ্গুজ্বর প্রতিরোধে ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়ে পৌরসভা মেয়র অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের কাছে একটি আবেদনপত্র লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের ওপর একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারাংশ লেখ : ১০
জাতি শুধু বাইরের ঐশ্বর্য-সম্ভার, দালান-কোঠার সংখ্যা বৃদ্ধি কিংবা সামরিক শক্তির অপরাজেয়তায় বড় হয় না, বড় হয় অন্তরের শক্তিতে, নৈতিক চেতনায় আর জীবনপণ করে অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানোর ক্ষমতায়। জীবনের মূল্যবোধ

ছাড়া জাতীয় সত্তার ভিত কখনো শক্ত আর দৃঢ় হতে পারে না। মূল্যবোধ জীবনাশ্রয়ী হয়ে জাতির সর্বাঙ্গে ছড়িয়ে পড়লেই তবে জাতি অর্জন করে মহত্ত্ব আর মহৎ কর্মের যোগ্যতা। সব রকম মূল্যবোধের বৃহত্তম বাহন ভাষা তথা মাতৃভাষা, আর তা ছড়িয়ে দেওয়ার দায়িত্ব লেখক ও সাহিত্যিকদের।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

মিথ্যা শুনিনি ভাই
এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির-কাবা নাই।

৭। (ক) ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ নিয়ে একজন প্রবীণ মুক্তিযোদ্ধা ও একজন তরুণের মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত সংকেত অবলম্বনে 'ধৈর্যের ফল' শিরোনামে একটি খুদে গল্প লেখ। গল্প সংকেত : ধৈর্য ধারণ করলে যে কোনো বিপদ থেকে উদ্ধার পাওয়া যায়।.....

.দিনাজপুর বোর্ড-২০২২.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-১৫

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

আকাংখা, ঔজল্য, পৈত্রিক, বৈয়াকরণিক, শান্তনা, শিরচ্ছেদ, দৈন্যতা, নুন্যতম।

২। (ক) কর্মপদ অনুসারে ক্রিয়ার শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর। (যে কোনো **পাঁচটি**) :

অনতিবৃহৎ, আলুনি, উদ্বেল, উপজেলা, গৃহান্তর, বিপত্নীক, দম্পতি, তেপায়া।

৩। (ক) বাক্যের গুণ বলতে কী বোঝ? একটি সার্থক বাক্যের গুণগত বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ :

(i) অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।
(ii) সুশিক্ষিত ব্যক্তিমাত্রই সশিক্ষিত।
(iii) অপরাহ্ন লিখতে অনেকেই ভুল করে।
(iv) আবশ্যক ব্যয়ে কার্পণ্যতা অনুচিত।
(v) এটা লজ্জাস্কর ব্যাপার।
(vi) বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
(vii) নিরোগী লোক আসলে সুখী।
(viii) সব ছাত্ররা উপস্থিত আছে।

নির্মিতি অংশ : মান-৩৫

৪। (ক) যে কোনো **পাঁচটি** শব্দের বাংলা পারিভাষক রূপ লেখ : ৫

Act, Legend, Dialect, Subsidy, Concession, Ad-hoc, Referendum, Quack.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Bengali Language has a glorious tradition. In this country, students and people laid down their lives to keep the honour of our Languge. Those martyrs are pride of our nation and history.

৫। (ক) প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র রচনা কর। ১০

NABARUN PUBLICATION

অথবা, (খ) তোমার এলাকার স্বাস্থ্যকেন্দ্রের অবস্থা সম্পর্কিত একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

শুধু গাফলতে, শুধু খেয়ালের ভুলে
দরিয়া-অথই ভ্রান্তি নিয়াছি তুলে,
আমাদেরি ভুলে পানির কিনারে মুসাফির দল বসি
দেখেছে সভয়ে অস্ত গিয়েছে তাদের সেতারা শশী।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

অতৃপ্তিই অসুখের মূল।

৭। (ক) মরণব্যাধি 'করোনা' নিয়ে ডাক্তার ও রোগীর মধ্যে একটি সংলাপ লেখ। ১০

অথবা, (খ) 'মানুষ মানুষের জন্য' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

.ময়মনসিংহ বোর্ড-২০২২.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-১৫

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
মনীসী, স্বাতন্ত্র, স্রোতস্বিনি, আকাংখা, অপোরাহ্ন, শ্রমজিবী, প্রতিযোগীতা, উচ্ছাস।

২। (ক) বিশেষণ পদ কাকে বলে? বিশেষণ পদ কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
আমরা, বিলাত ফেরত, জন্মান্ধ, পাপমতি, আলুনি, মনমাঝি, সেতার, নদীমাতৃক।

৩। (ক) বাক্য বলতে কী বোঝ? একটি সার্থক বাক্যের কয়টি গুণ ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) যে কোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) সে শিরোপীড়ায় ভুগছেন।
(ii) আমি স্বাক্ষী দিচ্ছি।
(iii) সকল মানুষেরা ভুল করে থাকে।
(iv) অতি লোভে গরিব নষ্ট।
(v) তাহার সাথে আমার সখ্যতা রয়েছে।
(vi) ছেলেটি পরীক্ষায় প্রথম হওয়ার জন্য আপ্রাণ চেষ্টা করিল।
(vii) তিনি আরোগ্য হয়েছেন।
(viii) তিনি স্বপরিবারে ঢাকায় থাকেন।

নির্মিতি অংশ : মান-৩৫

৪। (ক) যে কোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫
Goods, Note, Significant, Primitive, Portal, Manifesto, Bail.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলা অনুবাদ কর :
Time is very valuable. To neglect it is not proper. The success of the man who makes the right use of his time is inevitable. All the famous men of the world have made the right use of time. We should follow them.

৫। (ক) কলেজ থেকে শিক্ষাসফরে যাওয়ার জন্য অনুমতি ও আর্থিক অনুদান চেয়ে অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে,
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।
এই সূর্যকরে এই পুষ্পিত কাননে
জীবন্ত হৃদয় মাঝে যদি স্থান পাই!
ধরায় প্রাণের খেলা চিরতরঙ্গিত,
বিরহ মিলন কত হাসি-অশ্রু-ময়–
মানবের সুখে দুঃখে গাঁথিয়া সংগীত
যদি গো রচিতে পারি অমর-আলয়!

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।

৭। (ক) সারা বিশ্বব্যাপী সংক্রমিত মহামারি কোভিড-১৯ এর ভয়াবহতা সম্পর্কে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ তৈরি কর। ১০

অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণ করে একটি খুদে গল্প রচনা কর :
মেয়েটি দৌড়াচ্ছিল। ট্রেন ছেড়ে দিয়েছে। ওদিকে মেয়েটির ব্যাগে সমানে মোবাইল ফোন বেজে চলেছে....

.ঢাকা বোর্ড-২০২৩.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উদাহরণসহ ম-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
চর্যাপদ, রাষ্ট্রপতি, প্রত্যাশা, সংবাদপত্র, তন্বী, চিত্রকল্প, অন্য, উদ্বেগ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
পরজীবি, স্বরস্বতী, ইতিমধ্যে, মনজোগ, মহিয়সী, নিরস, উপরোক্ত, মণিষি।

৩। (ক) আবেগ-শব্দ বলতে কী বোঝ? আবেগ-শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নোক্ত যেকোনো **পাঁচটি** বাক্যের নিম্নরেখ শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
(i) বিপদ কখনও একা আসে না। (বিশেষ্য)
(ii) আজ নয় কাল তাকে আসতেই হবে। (বিকল্প যোজক)
(iii) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে? (অনুসর্গ)
(iv) গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছে। (ক্রিয়াবিশেষণ)
(v) মোদের গরব মোরে আশা আ-মরি বাংলা ভাষা। (সর্বনাম)
(vi) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড় আশ্চর্য। (ক্রিয়া)
(vii) শাবাশ! দারুণ কাজ করেছ। (আবেগ)
(viii) সানজিদা দ্রুত দৌড়াতে পারে। (ক্রিয়াবিশেষণ)

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের প্রয়োজনীয়তা আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
নীপবৃক্ষ, শতবর্ষ, হরতাল, গিন্নিমা, রক্তারক্তি, সজল, সত্যাসত্য, তোরা।

৫। (ক) অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যান্তর কর :
(i) তিনি ধনী হলেও অসাধু নন। (জটিল)
(ii) পৃথিবী অস্থায়ী। (নেতিবাচক)
(iii) সত্যি সেলুকাস, এদেশ বড় বিচিত্র। (বিস্ময়বোধক)
(iv) তুমি দীর্ঘজীবী হও। (নির্দেশক)
(v) তার বয়স হলেও শিক্ষা হয়নি। (যৌগিক)
(vi) সরস্বতী বর দেবেন না। (প্রশ্নবাচক)
(vii) আইন মেনে চলা উচিত। (অনুজ্ঞাসূচক)
(viii) ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই। (জটিল)

৬। (ক) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
(i) দৈন্যতা প্রশংসনীয় নয়।
(ii) দশচক্রে ঈশ্বর ভূত।
(iii) শুধুমাত্র কথায় কাজ হবে না।
(iv) তার কথাই প্রমাণ হলো।
(v) তিনি স্বস্ত্রীক এসেছেন।
(vi) রিমা ভয়ঙ্কর মেধাবী।
(vii) করোনাকালীন সময়ে আমরা কোথাও যাইনি।
(viii) পরবর্তীতে এ বিষয়ে কথা হবে।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর :
সেদিন বাবুল স্যার বললেন, "তোমরা পড়ালেখায় মনোযোগি হও। চর্চা না করিলে বানান ভূল হবেই। বিদ্যান, সমিচিন বানান দুটো ঠিক করে লেখো তো।"

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Sabotage, Zodiac, Will, Realism, Oath, Nomination, Liberal, Kingdom, Jail-code, Immigrant, Globalisation, Geology, Fiction, Era, Biography.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Time is valuable. It is even more valuable than money. We can regain lost money, we can regain lost health but time once gone is gone for ever. So every moment of life should be used properly.

৮। (ক) তোমার কলেজে 'বসন্তবরণ' পালিত হয়েছে। ঐ দিনের বর্ণনা দিয়ে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) তোমার এলাকার গণগ্রন্থাগারের অবস্থা সম্পর্কে একটি প্রতিবেদন

রচনা কর।

৯। (ক) শিক্ষাসফরে যাওয়ার আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) তোমার এলাকার রাস্তাঘাট নিয়মিত পরিষ্কার রাখার জন্য পৌরসভার মেয়রের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

বার্ধক্য তাহাই– যাহা পুরাতনকে, মিথ্যাকে, মৃত্যুকে আঁকড়িয়ে পড়িয়া থাকে। বৃদ্ধ তাহারাই– যাহারা মায়াচ্ছন্ন, নব-মানবের অভিনব জয়যাত্রার শুধু বোঝা নয়; বিঘ্ন; শতাব্দীর নবযাত্রীর চলার ছন্দে মিলাইয়া যাহারা কুচকাওয়াজ করিতে জানে না, পারে না; যাহারা জীব হইয়াও জড়; যাহারা অটল সংস্কারের পাষাণস্তূপ আঁকড়িয়া পড়িয়া আছে। বৃদ্ধ তাহারাই যাহারা নব-অরুণোদয় দেখিয়া নিদ্রাভঙ্গের ভয়ে দ্বার রুদ্ধ করিয়া পড়িয়া থাকে। আলোক-পিয়াসী প্রাণচঞ্চল শিশুদের কল-কোলাহলে যাহারা বিরক্ত হইয়া অভিসম্পাত করিতে থাকে, জীর্ণ পুঁথি চাপা পড়িয়া যাহাদের নাভিশ্বাস বহিতেছে, অতিজ্ঞানের অগ্নিমান্দ্যে যাহারা আজ কঙ্কালসার– বৃদ্ধ তাহারাই।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :

মনেরে আজ কহ যে,
ভালো মন্দ যাহাই আসুক
সত্যেরে লহ সহজে।

১১। (ক) অমর একুশে বইমেলা নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প রচনা কর :

মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে ছাত্ররা কলেজ প্রাঙ্গণে রক্তদান কর্মসূচির আয়োজন করেছে। এমন সময় সেখানে উপস্থিত হলেন সদর হাসপাতালের নতুন মেডিক্যাল অফিসার ড. শায়লা .....

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) সাম্প্রদায়িক সম্প্রীতি ও বাংলাদেশ
(খ) বিজ্ঞানের অগ্রগতি ও বিজ্ঞানমনস্ক সমাজ
(গ) একুশের চেতনা ও বর্তমান বাংলাদেশ
(ঘ) বাংলাদেশের পোশাক শিল্প
(ঙ) করোনা-উত্তর বিশ্ব অর্থনীতি ও বাংলাদেশ।

.রাজশাহী বোর্ড-২০২৩.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উদাহরণসহ 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ নির্দেশ কর :

নদী, ছাত্র, অক্ষর, অবিশ্বাস, ঐকতান, স্মরণীয়, গ্রাহ্য, উদাহরণ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম দৃষ্টান্তসহ উল্লেখ কর। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

অহোরাত্রি, স্ববান্ধব, নিরব, সুস্থ্য, আমাবস্যা, শুধুমাএ, নির্দোষী, বন্দোপাধ্যায়।

৩। (ক) উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ উল্লেখ কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে নিম্নরেখ পদগুলোর ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

আজ সারাদিন আকাশ সাদা মেঘে ঢাকা। মৃদু বাতাস বইছে। রাজিব ভাঙা ছাতা নিয়ে রাস্তায় দাঁড়িয়ে। আমি জানালায় দাঁড়িয়ে আপন মনে গান গাইছি। উহ! বড্ড ঠাণ্ডা।

৪। (ক) 'উপসর্গ কাকে বলে? প্র, অপ, আ, সম, নি– উপসর্গগুলোর প্রত্যেকটির দ্বারা একটি করে শব্দ গঠন কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

হিতাহিত, আকণ্ঠ, শতাব্দী, ভাবান্তর, রাজপথ, মৃগনয়না, প্রাণপাখি, গৃহস্থ।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যে কী কী গুণ থাকা প্রয়োজন? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশমতো যেকোনো **পাঁচটি** বাক্যের রূপান্তর কর :

(i) সূর্যোদয়ে অন্ধকার কেটে যাবে। (জটিল)
(ii) বিপদ ও দুঃখ একসাথে আসে। (সরল)
(iii) মন দিয়ে লেখাপড়া করা উচিত। (অনুজ্ঞা)
(iv) আমাকে যেতে হবে। (নেতিবাচক)
(v) নদীটি খুব সুন্দর। (বিস্ময়সূচক)
(vi) যিনি জ্ঞানী, তিনিই সত্যিকার ধনী। (সরল)
(vii) বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। (প্রশ্নবাচক)
(viii) তিনি আর বেঁচে নেই। (যৌগিক)

৬। (ক) যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ কর : ৫

(i) সব পাখিরা নীড় বাঁধে না।
(ii) পরীক্ষা চলাকালীন সময়ে ভিতরে প্রবেশ নিষেধ।
(iii) এ বারের বন্যায় লোকটি সর্বশান্ত হলো।
(iv) আমার বক্তব্য আর দীর্ঘায়িত করবো না।
(v) 'অপরাহ্ন' শব্দটি লিখতে অনেকেই ভুল করেন।
(vi) মাতাহীণ শিশুর কী দুঃখ!
(vii) তাঁর সৌজন্যতায় মুগ্ধ হয়েছি।
(viii) আমি, তুমি ও সে আজ মেলায় যাবো।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর :

পলাশের ছোট ভগ্নি বকুলের আজ বিয়ে। পলাশ আমার সবচেয়ে ঘনিষ্ঠতম বন্ধু। এ বিয়েতে সে আমাকে স্বপরিবারে নিমন্ত্রণ করলো। বরের বাড়িতে বিবাহোত্তর বর-কনের সম্বর্ধনা অনুষ্ঠানেও সে আমাকে উপস্থিত থাকার আহ্বান জানালো। আশা করি, আসছে আগামীকাল আমরা ঐ বিয়ের অনুষ্ঠানে যোগদান করবো।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

First-aid, Manuscript, Public-works, Transport, Boycott, Art, Acid, Quack, Para, Renew, Signal, Urban, Vaccine, Zone, E-mail.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Books are men's best companion in life. You must have very good friends but you cann't get them when you need them. But books are always ready to by your side. Some books may make you laugh; some other may give you much pleasure. So, we cannot be complete without books.

৮। (ক) পদ্মাসেতু দর্শনের অনুভূতি ব্যক্ত করে দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি নিয়ে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বন্ধুর পিতৃবিয়োগে তাকে সান্ত্বনা জানিয়ে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) শিক্ষাভ্রমণে যাওয়ার অনুমতি ও এক্ষেত্রে আর্থিক সহায়তা প্রার্থনা করে তোমার কলেজ-অধ্যক্ষ বরাবর একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০

সত্যিকার মানবকল্যাণ মহৎ চিন্তা-ভাবনারই ফসল। বাংলাদেশের মহৎ প্রতিভারা সবাই মানবিক চিন্তা আর আদর্শের উত্তরাধিকার রেখে গেছেন। দুঃখের বিষয়, সে উত্তরাধিকারকে আমরা জীবনে প্রয়োগ করতে পারিনি। বিদ্যাপতি-চণ্ডীদাস থেকে লালন প্রমুখ কবি এবং অপেক্ষাকৃত আধুনিককালে রবীন্দ্রনাথ-নজরুল সবাই তো মানবিক চেতনার উদাত্ত কণ্ঠস্বর। বঙ্কিমচন্দ্রের অবিস্মরণীয় উক্তি : "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?" এক গভীর মূল্যবোধেরই উৎসারণ।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :
প্রকৃতির উপর আধিপত্য নয়, চাই প্রকৃতির সঙ্গে মৈত্রীর সম্বন্ধ।

১১। (ক) 'জ্ঞানচর্চায় বিজ্ঞান' বিষয়ের উপর দুই বন্ধুর মধ্যকার সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) "মানুষ মানুষের জন্য"– এ শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০

(ক) জাতীয় উন্নয়নে তথ্য-প্রযুক্তি
(খ) জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ন
(গ) বাংলাদেশের পোশাক শিল্প
(ঘ) স্বপ্নের পদ্মা সেতু
(ঙ) বাংলাদেশের উৎসব।

যশোর বোর্ড-২০২৩.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) ব-ফলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
পর্যন্ত, বিজ্ঞাপন, অধ্যক্ষ, ব্যতিক্রম, গণতন্ত্র, দুঃখ, অসহ্য, গ্রহণ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
বাংগালী, দূরাবস্থা, মহত্ব, বাঞ্চনীয়, ইতিপূর্বে, শান্তনা, কথোপোকোথন, মুমূর্ষ।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়া পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নোক্ত যেকোনো **পাঁচটি** বাক্যের নিম্নরেখ শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্ণয় কর :
(i) পায়ে হাঁটা পথ ধরে সোজা এগিয়ে চললাম।
(ii) দারুণ সুন্দর দেখতে।
(iii) সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু।
(iv) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড় আশ্চর্য।
(v) সবাই রাঙামাটি যেতে চাইছে।
(vi) বিপদ কখনও একা আসে না।
(vii) বেশ তাই হবে।
(viii) কাজটা ভালোভাবে সম্পন্ন হয়েছে।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে"– ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
একচোখা, ছিন্নবস্ত্র, ফুলকুমারী, জলচর, উদ্বেল, তেপান্তর, অভূতপূর্ব, একাদশ।

৫। (ক) অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর : (যেকোনো **পাঁচটি**)
(i) দুর্জনকে দূরে রাখা উচিত। (অনুজ্ঞাবাচক)
(ii) এখানে আসতেই হলো। (নেতিবাচক)
(iii) সাহিত্য জীবনের স্বাভাবিক প্রকাশ। (প্রশ্নবাচক)
(iv) সূর্যোদয়ে অমানিশা কেটে যাবে। (জটিল)
(v) রচনায় সহজবোধ্য শব্দ ব্যবহার করা উচিত। (অনুজ্ঞা)
(vi) শীতের পিঠা খেতে খুব মজা। (বিস্ময়সূচক)
(vii) যা তার প্রাপ্তি তাই তার দান। (সরল)
(viii) বাংলাদেশ চিরস্থায়ী হোক। (নির্দেশাত্মক)

৬। (ক) যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫
(i) আমি সাক্ষী দিব না।
(ii) এক পৌষে শীত যায় না।
(iii) সব পাখিরা ঘরে আসে না।
(iv) আমি সন্তোষ হলাম।
(v) দৈন্যতা সবসময় ভালো নয়।
(vi) অপমান হবার ভয় নেই।
(vii) তিনি স্বস্ত্রীক নিউমার্কেটে গিয়েছেন।
(viii) তাহাকে এখান থেকে যাইতে হবে।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
বৃষ্টি চলাকালীন সময়ে অসীম ফিরে এল। সে খুবই সুবুদ্ধিমান। তার আপাদমস্তক পর্যন্ত ভেজা। পোশাক পাল্টানো আবশ্যকীয়। কিন্তু প্রথমেই সে আকণ্ঠভোজন করিল। তা দেখে অসীমের মা বিস্মিত হলেন। তবে, অসীম নিঃসন্দিহান যে, তার অসুখ হবে না।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Acting, Cabinet, Copyright, Documentary, Forecast, Hostage, Installment, Judgement, Manifesto, Note, Public works, Vacation.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Our total environment influences our life and our way of living. The main elements of human environment are

men, animals, plants, soil, air and water. There are relationships between these elements. When these relationships are disturbed, life becomes difficult or impossible.

৮। (ক) বাংলা নববর্ষ উদ্‌যাপনের অনুভূতি ব্যক্ত করে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) "শীতার্ত মানুষের দুঃসহ জীবন" শিরোনামে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) পরীক্ষায় ভালো ফলাফল করার উৎসাহ দিয়ে ছোট ভাইকে একটি ই-মেইল লেখ। ১০

অথবা, (খ) শিক্ষাসফরে যাওয়ার অনুমতি ও আর্থিক সাহায্য চেয়ে তোমার কলেজের অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

মানুষের একটা বড় পরিচয় সে ভাবতে পারে। করতে পারে যেকোনো বিষয়ে চিন্তা। সে চিন্তা ও ভাব মানুষকে সাহায্য করে মানুষ হতে। পশুপাখিকে পশুপাখি হতে ভাবতে হয় না– পারেও না ওরা ভাবতে বা চিন্তা করতে। সে বালাই ওদের নেই। যেটুকু পারে তার পরিধি অত্যন্ত সংকীর্ণ– বাঁচা ও প্রজননের মধ্যে তা সীমিত। সভ্য-অসভ্যের পার্থক্যও এ ধরনের। যারা যত বেশি চিন্তাশীল, সভ্যতার পথে তারাই তত বেশি অগ্রসর। আর চিন্তার ক্ষেত্রে যারা পেছনে পড়ে আছে, সভ্যতারও পেছনের সারিতেই তাদের স্থান।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :

প্রাণ থাকলে প্রাণী হয় কিন্তু মন না থাকলে মানুষ হয় না।

১১। (ক) একুশের চেতনা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপকটি অনুসরণে একটি খুদে গল্প লেখ :

সবুজ শ্যামল এই প্রকৃতিকে উজাড় হতে দেখে বেদনায় তৃণার মনটা কেঁদে ওঠে .....

১২। প্রবন্ধ রচনা কর : (যেকোনো **একটি**) ২০

(ক) জাতীয় জীবনে মুক্তিযুদ্ধের চেতনা
(খ) কৃষিতে বাংলাদেশের উন্নয়ন ও কৃষক
(গ) দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি ও তার প্রতিকার
(ঘ) আধুনিক তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ
(ঙ) বাংলাদেশের পর্যটন শিল্প।

.কুমিল্লা বোর্ড-২০২৩.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

ঐকতান, বিজ্ঞান, ঔপন্যাসিক, ছাত্র, অসীম, প্রধান, পরীক্ষা, কবি।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ কর :

পুরষ্কার, নুপুর, স্নেহাশিস, সমিচিন, মুমুর্ষ, সুষ্ঠ, আকাংখা, বুদ্ধিজিবী।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের নিম্নরেখ **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

একটু মিটমিট করিয়া ক্ষুদ্র আলো জ্বলিতেছে– দেয়ালের উপর চঞ্চল ছায়া, প্রেতবৎ নাচিতেছে। আহার প্রস্তুত হয় নাই– এজন্য হুকা হাতে, নির্মীলিত লোচনে আমি ভাবিতেছিলাম যে, আমি যদি নেপোলিয়ন হইতাম, তবে ওয়াটারলু জিতিতে পারিতাম কিনা।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে'– বিশ্লেষণ কর। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর :

পৃষ্ঠপ্রদর্শন, মায়েঝিয়ে, উপকূল, লাঠালাঠি, ধর্মঘট, দম্পতি, পঙ্কজ, যৌবনসূর্য।

৫। (ক) গঠনরীতির আলোকে বাক্যের প্রকারভেদ আলোচনা কর। ৫

অথবা, (খ) নির্দেশনা অনুযায়ী যেকোনো **পাঁচটি** বাক্যের রূপান্তর কর :

(i) বিপদে অধীর হতে নেই। (অনুজ্ঞাবাচক)
(ii) আমার পথ দেখাবে আমার সত্য। (জটিল)
(iii) সেই বাঁশির সুর খুব মিষ্টি। (বিস্ময়সূচক)
(iv) জন্মভূমিকে সবাই ভালোবাসে। (নেতিবাচক)
(v) যেহেতু বৃষ্টি হয়েছে, সেহেতু ফসল ভালো হবে। (সরল)
(vi) সকলেই ফুল ভালোবাসে। (প্রশ্নবাচক)
(vii) আমি তোমার মঙ্গল কামনা করি। (প্রার্থনাসূচক)
(viii) এমন কথা সে মুখে আনিতে পারিত না। (অস্তিবাচক)

৬। (ক) যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫

(i) পরবর্তীতে আপনি আবার আসবেন।
(ii) অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য।
(iii) কারো ফাগুনমাস, কারো সর্বনাশ।
(iv) দ্রব্যমূল্যের দাম ক্রমবর্ধমান।
(v) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।
(vi) কথাটি প্রমাণ হয়েছে।
(vii) আজকাল খাঁটি গরুর দুধ বড়ই দুর্লভ।
(viii) পরীক্ষা চলাকালিন হর্ন বাজানো নিষেধ।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটির অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :

উদয়মান সূর্যকে সবাই সমীহ করে। অস্তমান সূর্যকে কেউ সমীহ করে না। নদীর জলে যে অস্তমান সূর্যের ছায়া পড়েছে তা দেখে আমি প্রীত হলাম। আমি প্রতিদিন নদীর কোলে বসি। নদীর হাওয়া সাস্তের পক্ষে ভালো।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Acid, Balcony, Catalogue, Data, Ethics, Goods, Headline, Idiom, Legend, Option, Racism, Memorandum, Neutral, Sponsor, Quality.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Walking is the best suited to all kinds of health. Both the young and the old can walk and help their bodies make active as long as they live. On the other hand, gymnastic exercises are best suited to young people only. However, today most doctors advise some patients, suffering from particular diseases, for jogging.

৮। (ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে তোমার অনুভূতি ব্যক্ত করে দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি বিষয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বাংলা নববর্ষে শুভেচ্ছা জানিয়ে বন্ধুর উদ্দেশ্যে একটি বৈদ্যুতিন চিঠি লেখ।

অথবা, (খ) তোমার কলেজে বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের অনুমতি চেয়ে অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারামর্ম লেখ : ১০

ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা,
হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে। যেন রসনায় মম
সত্যবাক্য ঝলি ওঠে খরখড়্গ সম
তোমার ইঙ্গিতে। যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা তারে যেন তৃণসম দহে।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :
সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

১১। (ক) নারী শিক্ষার গুরুত্ব বিষয়ে বাবা ও মেয়ের সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'এক বিকেল' শিরোনামে একটি ক্ষুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০
(ক) বাংলাদেশের অর্থনীতিতে পদ্মা সেতুর অবদান
(খ) আধুনিক তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ
(গ) বাংলাদেশের পোশাক শিল্প
(ঘ) মাদকাসক্তি ও তরুণ সমাজ
(ঙ) মুক্তিযুদ্ধের চেতনা ও বাংলাদেশ।

.চট্টগ্রাম বোর্ড-২০২৩.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
বঞ্চিত, ভরসা, অদ্বিতীয়, অধ্যক্ষ, লক্ষ, অরণ্য, আহ্বান, প্রভাত।

২। (ক) বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
মনোপুত, আবিস্কার, শ্রদ্ধাঞ্জলী, সমিচীন, পৈত্রিক, অনুসূয়া, ভুবন, সুধি।

৩। (ক) উদাহরণসহ বিশেষণ পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর :
পদ্মাসেতু আর মেট্রোরেল বাংলাদেশের দুটি যুগান্তকারী সাফল্য। প্রমত্ত পদ্মার বুকে অভাবনীয় গৌরবের প্রতীক পদ্মাসেতু। পক্ষান্তরে মেট্রোরেল ঢাকা মহানগরীর দুর্বিষহ যানজট নিরসনে নতুন সংযোজন। গৌরবময় এই দুটি সাফল্য জাতি হিসেবে বাংলাদেশকে সুদৃঢ় সাহস আর আত্মবিশ্বাসে জাগ্রত করেছে।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে'– আলোচনা কর। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর।
অনৈক্য, ছেলেমেয়ে, যথারীতি, দেশান্তর, আশীবিষ, মৌমাছি, কুম্ভকার, পঞ্চনদ।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)
(i) সে চুপ রইল। (নেতিবাচক)
(ii) দেশপ্রেমিক ব্যক্তি দেশকে ভালোবাসে। (যৌগিক)
(iii) আমি মিথ্যা বলিনি। (অস্তিবাচক)
(iv) বিদ্বানকে সবাই শ্রদ্ধা করে। (প্রশ্নবাচক)
(v) স্বাস্থ্যের প্রতি যত্নশীল হওয়া উচিত। (অনুজ্ঞাসূচক)
(vi) ভোরের বাতাস নির্মল। (বিস্ময়সূচক)
(vii) শিক্ষক আসা মাত্রই শিক্ষার্থীরা উঠে দাঁড়াল। (জটিল)
(viii) জননী ও জন্মভূমি কি স্বর্গের চেয়েও প্রিয় নয়। (নির্দেশাত্মক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগ সংশোধন কর। ৫
বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কবিতা বিচিত্রময়। তার শ্রেষ্ঠতম সৃষ্টি যেমন 'বিদ্রোহী' কবিতা, তেমনি অশ্রুজলে ভেজা অনেক বিরহের গানও তিনি লিখেছেন। তার সৃষ্টিকর্ম বাংলা ভাষাকে বৈচিত্রভাবে সমৃদ্ধ করেছে। সব শিশুরা নজরুলের কবিতা ভালোবাসে। কবির প্রতি আমাদের অকুণ্ঠ শ্রদ্ধাঞ্জলী।

অথবা, (খ) নিচের বাক্যগুলো শুদ্ধ করে লেখ :
(i) সাধারণ ভুল বুঝতে না পারা লজ্জকর।
(ii) পড়ালেখার প্রতিযোগীতা থাকা ভালো।
(iii) দৈন্যতা কোনোকাইে প্রশংসনীয় নয়।
(iv) মামলা চালাতে গিয়ে লোকটি সর্বশান্ত হলো।
(v) ভুল লিখতে ভুল করো না।
(vi) সব পাখিগুলো উড়ে চলে গেল।
(vii) বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
(viii) মেয়েটি বিদ্যান কিন্তু ঝগড়াটে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Walkout, Vehicle, Dialogue, Ethics, Generation, Highway, List, Mail, Plant, Manuscript, Quantity, Renew, Skill, Tradition, Urban.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Trees are our friends. It helps us in different ways. It gives us shade, food, fuel, medicine and oxygen. Trees make our environment beautiful. Trees are our valuable wealth. It is very much necessry to make afforestation programme successful.

৮। (ক) অমর একুশে গ্রন্থমেলা ২০২৩ এর সমাপনী দিবস নিয়ে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার কলেজে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ভূমিকম্পকালীন করণীয় সম্পর্কে বন্ধুর প্রতি একটি ই-মেইল রচনা কর।

অথবা, (খ) শিক্ষাসফরে যাওয়ার অনুমতি চেয়ে অধ্যক্ষ বরাবর একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০

বিদ্যা মানুষের মূল্যবান সম্পদ। চরিত্র তদপেক্ষাও মূল্যবান। অতএব কেবল বিদ্বান বলিয়াই কোনো লোক সমাদর লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে না। চরিত্রহীন ব্যক্তি যদি নানা বিদ্যায় আপনার জ্ঞানভাণ্ডার পূর্ণ করিয়াও থাকে, তথাপি তাহার সঙ্গ পরিত্যাগ করাই শ্রেয়। প্রবাদে আছে যে, সর্পের মাথায় মণি থাকলেও সে ভয়ঙ্কর। সেইরূপ বিদ্যা আদরণীয় হইলেও বিদ্যা লাভের নিমিত্তে বিদ্বান দুর্জনের নিকট গমন বিধেয় নয়।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :

পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টির করে।

১১। (ক) একটি ঐতিহাসিক স্থান সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) গ্রীষ্মকালীন ছুটিতে গ্রামের বাড়িতে বেড়ানো বিষয়ে একটি খুদে গল্প রচনা কর।

১২। নিচের যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) দেশপ্রেম
(খ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান ও প্রযুক্তি
(গ) অধ্যবসায়
(ঘ) বাংলাদেশের সাম্প্রতিক উন্নয়ন
(ঙ) নারীর ক্ষমতায়ন

SINCE-1993 NABARUN PUBLICATION

.সিলেট বোর্ড-২০২৩.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
উল্লাস, ঐকতান, আবশ্যক, চিহ্নিত, স্বাগত, প্রণীত, ব্যতীত, নক্ষত্র।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
উচ্চাস, সম্বর্ধনা, শুশ্রুষা, বয়ঃজেষ্ঠ্য, দূরাবস্থা, সুষ্ট, বাল্মিকী, পৈত্রিক।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর :
"আব্বু ছোটোমামা হয়েছে। আব্বু ছোটোমামা হয়েছে।" আড়াই বছরের মেয়ের সদ্য-ঘুমভাঙা গলায় ভাঙা ভাঙা বুলি শুনে সে চমকে ওঠে, মিন্টু কি ঢুকে পড়লো অস্ত্রশস্ত্র হাতে? এর মানে পিছে পিছে ঢুকছে মিলিটারি। তার মানে–। না, দরজার ছিটকিনি ও খিল সব বন্ধ। তাকে কি মিন্টুর মতো দেখাচ্ছে? মিলিটারি আবার ভুল করে বসবে না তো? এর মধ্যে তার পাঁচ বছরের ছেলেটা গম্ভীর চোখে তাকে পর্যবেক্ষণ করে রায় দেয়, "আব্বুকে ছোটোমামার মতো দেখাচ্ছে। আব্বু তা হলে মুক্তিবাহিনী তাই না?"

৪। (ক) উপসর্গের সংজ্ঞা দাও। বাংলা শব্দ গঠনে উপসর্গের ভূমিকা লেখ। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যেকোনো **পাঁচটি**)
ধনদৌলত, সতীর্থ, জয় পতাকা, গায়েহলুদ, তেপান্তর, অতীন্দ্রিয়, রাজপথ, প্রগতি।

৫। (ক) গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? প্রত্যেক প্রকারের উদাহরণসহ সংজ্ঞা লেখ। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)
(i) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞাবাচক)
(ii) দেশপ্রেমিককে কে না ভালোবাসে। (নির্দেশাত্মক)
(iii) শহিদের মৃত্যু নেই। (অস্তিবাচক)
(iv) শিশুরা দূষণমুক্ত পরিবেশ চায়। (নেতিবাচক)
(v) দরিদ্র হলেও তার মন ছোট নয়। (যৌগিক)
(vi) মানবতার ধর্মই বড় ধর্ম। (প্রশ্নবোধক)
(vii) ছাত্রদের অধ্যয়নই তপস্যা। (জটিল)
(viii) যেমন কর্ম করবে তেমন ফল পাবে। (সরল)

৬। (ক) বাক্য শুদ্ধ করে লেখ : (যেকোনো **পাঁচটি**) ৫
(i) সকল ছাত্রগণ পাঠে মনোযোগী নয়।
(ii) অন্যায়ের প্রতিফল দুনিবার্য।
(iii) বেগম রোকেয়ার মতো বিদ্বান নারী এ কালেও বিরল।
(iv) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।
(v) আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
(vi) মাদকাশক্তি ভালো নয়।
(vii) অপমান হবার ভয় নেই।
(viii) প্রয়াত কবিকে আমরা সবাই অশ্রুজলে বিদায় দিলাম।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
নিজ ব্যক্তিত্বের বৈচিত্র্যতা দেখাতে সে সর্বদা সচেষ্ট। এ লক্ষে বিনা প্রয়োজনে মিটিং চলাকালীন সময়েও সে যখন-তখন দাঁড়িয়ে পড়ে। কেউ তার সমালোচনা করলে অপমানবোধ করে সে। নিজের দৈন্যতা সে বুঝতেই পারে না কখনো। তাই নিজ অহংকারবোধ নিয়েই চলতে থাকে সে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Hygiene, Token, Biography, Aid, Deputation, Eye-wash, Racism, Quack, Oath, Cartoon, War crime, Galaxy, Up-to-date, Justice, Legend.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
In the modern world women have proved that they can go ahead with men shoulder to shoulder. It is not that their only duty is to serve as a mother and wife. They have many things to do. There remain many ways open for them. They can work in offices, schools, colleges and universities. They have formed a great asset for the nation.

৮। (ক) তোমার কলেজে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনের একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণ ও তার প্রতিকারের উপায় সম্পর্কে দৈনিক পত্রিকায় প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বন্ধুর নিকট একটি বৈদ্যুতিন পত্র প্রেরণ কর।

অথবা, (খ) একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে অফিস সহকারীর শূন্য পদে নিয়োগের জন্য আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
জ্ঞান যে বাহুতে বল দেয়, জ্ঞানের তাই শ্রেষ্ঠ ফল নয়; জ্ঞানের চরম ফল যে তা চোখে আলো দেয়। জনসাধারণের চোখে জ্ঞানের আলো আনতে হবে, যাতে মানুষের সভ্যতার যা সব অমূল্য সৃষ্টি,– তার জ্ঞান-বিজ্ঞান, তার কাব্যকলা,–তার মূল্য জানতে পারে। জনসাধারণ যে বঞ্চিত, সে কেবল অন্ন থেকে বঞ্চিত বলে নয়, তার পরম দুর্ভাগ্য যে সভ্যতার এইসব অমৃত থেকে সে বঞ্চিত। জনসাধারণকে যে শেখাবে একমাত্র অন্নই তার লক্ষ্য, মনে সে তার হিতৈষী হলেও, কাজে তার স্থান জনসাধারণের বঞ্চকের দলে। পৃথিবীর যেসব দেশে আজ জনসংঘ মাথা তুলেছে, জনসাধারণের মধ্যে শিক্ষার প্রচারেই তা সম্ভব হয়েছে। তার কারণ কেবল এই নয় যে, শিক্ষার গুণে পৃথিবীর হালচাল বুঝতে পেরে জনসাধারণ জীবনযুদ্ধে জয়ের কৌশল আয়ত্ত করেছে। এর একটি প্রধান কারণ সংখ্যার অনুপাতে জনসাধারণের সমাজে শক্তি লাভের যা গুরুতর বাধা অর্থাৎ সভ্যতা লোপের আশঙ্কা, শিক্ষিত জনসাধারণের বিরুদ্ধে সে বাধার ভিত্তি ক্রমশই দুর্বল হয়ে আসে।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :
স্বদেশের উপকারে নাই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

১১। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) উপযুক্ত শিরোনামসহ নিচের সংকেত অনুসরণে একটি খুদে গল্প লেখ :
বাড়ি বাড়ি ঘুরে কাজ করে আরজিনা বেগম। আরজিনার দুই ছেলে মোতালেব আর আলেপ। বিভিন্ন এনজিও থেকে চড়া সুদে ঋণ নিয়ে বড় ছেলে মোতালেবকে লেখাপড়া শিখিয়ে মানুষ করার আশা বুকে নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি করে। কিন্তু মাদকাসক্তির কারণে মোতালেব .. ..

১২। নিচের যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০
(ক) আধুনিক তথ্যপ্রযুক্তি ও বর্তমান বাংলাদেশ
(খ) মুক্তিযুদ্ধের চেতনা ও আমাদের দেশপ্রেম
(গ) রূপসী বাংলাদেশ

NABARUN PUBLICATION

(ঘ) অধ্যবসায়

(ঙ) বাংলাদেশের পর্যটন শিল্পের ভবিষ্যৎ।

.বরিশাল বোর্ড-২০২৩.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উদাহরণসহ ব-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ :
ঐশ্বর্য, আবৃত্তি, প্রেতাত্মা, দ্রষ্টব্য, উপমা, প্রশ্ন, দক্ষ, হিংস্র।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
আবিস্কার, আকাংখা, মুহুর্ত, মনিষী, ঐক্যতান, শ্রদ্ধাঞ্জলী, প্রতিদন্দ্বি, অপোরাহ্ন।

৩। (ক) ক্রিয়াপদ কাকে বলে? উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
(i) তুমি যে আমার কবিতা।
(ii) সাদা কাপড় পরলেই মন সাদা হয় না।
(iii) বুঝিলাম মেয়েটির রূপ বড় আশ্চর্য।
(iv) যথা ধর্ম, তথা জয়।
(v) পয়লা বৈশাখ বাঙালির উৎসবের দিন।
(vi) চাহিয়া দেখিলাম — হঠাৎ কিছু বুঝিতে পারিলাম না।
(vii) বাঃ! বড় চমৎকার ছবি এঁকেছ তো।
(viii) ধান ভানতে শিবের গীত গেয়ো না।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"— আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যেকোনো **পাঁচটি**)
দম্পত্তি, আমরা, আয়কর, যুগান্তর, রাজপথ, সপ্তর্ষি, গৃহকর্মী, যথেষ্ট।

৫। (ক) গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যের বাক্যান্তর কর :
(i) মানুষটা সমস্ত রাত খেতে পাবেনা। (প্রশ্নবাচক)
(ii) সদা সত্য কথা বলা উচিৎ। (অনুজ্ঞা)
(iii) যা বার্ধক্য, তাকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (সরল)
(iv) মাতৃভূমিকে সকলেই ভালোবাসে। (নেতিবাচক)
(v) আমার পথ দেখাবে আমার সত্য। (জটিল)
(vi) তাতে সমাজ জীবন চলে না। (অস্তিবাচক)
(vii) একেই কি বলে সভ্যতা? (নেতিবাচক)
(viii) অন্যায় করো না। (নির্দেশাত্মক)

৬। (ক) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
(i) অশ্রুজলে বুক ভেসে গেল।
(ii) আসছে আগামীকাল কলেজ খুলবে।
(iii) এক পৌষে শীত যায় না।
(iv) একের লাঠি, দশের বোঝা।
(v) অধ্যাপনাই ছাত্রদের তপস্যা।
(vi) অতি লোভে তাতী নষ্ট।
(vii) মাদকাশক্তি ভালো নয়।
(viii) এটি লজ্জাস্কর ব্যাপার।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর :
ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়। কোনো ভুল করিয়াছি বুঝতে পারলেই আমি প্রাণ খুলে তা অস্বীকার করে নেব। কিন্তু না বুঝেও নয়, ভয়েও নয়। ভুল করছি বা না করেছি বুঝেও শুধু জেদের খাতিরে বা গো বজায় রাখার জন্য ভুলটাকে ধরে থাকব না। তাহলে আমার সেই দিনই নিভে যাবে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
By-law, Forecast, Postpaid, Surplus, Bookpost, Stamp, Deed of gift, Embargo, Terminology, Up-to-date, Impeachment, Lien, Gratuity, Public works, Ethics.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Man is the architect of his own life. If he makes a proper division of his time and does his duties accordingly, he is sure to prosper in life. Youth is the golden season of life. In youth the mind can be moulded in any form. It is called seed time of life.

৮। (ক) তোমার কলেজে 'বসন্ত বরণ' উৎসব-এর একটি দিনলিপি প্রস্তুত কর। ১০

অথবা, (খ) সড়ক দুর্ঘটনা বেড়ে যাওয়ার কারণ ও প্রতিকার সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে চাকরির জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) ভাবসম্প্রসারণ কর : ১০
কালো আর ধলো বাহিরে কেবল,
ভিতরে সবারই সমান রাঙা।

অথবা, (খ) সারাংশ লেখ :
মানুষের মনেও যখন রসের আবির্ভাব না থাকে, তখনই সে জড়পিণ্ড। তখন ক্ষুধা-তৃষ্ণা-ভয়-ভাবনাই তাকে ঠেলে কাজ করায় তখন প্রতি কাজে পদে পদেই তার ক্লান্তি। সেই নিরস অবস্থাতেই মানুষ অন্তরের নিশ্চলতা থেকে বাইরেও কেবলি নিশ্চলতা বিস্তার করতে থাকে। তখনই তার যত খুঁটি-নাটি, যত আচার-বিচার, যত শাস্ত্র-শাসন। তখন মানুষের মন গতিহীন বলেই বাইরেও আষ্টেপৃষ্ঠে সে আবদ্ধ।

১১। (ক) সম্প্রতি পড়া একটি বই সম্পর্কে দুই বন্ধুর একটি সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'মোবাইল ফোনে বন্ধুত্বের পরিণাম' বিষয়ক একটি ক্ষুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০
(ক) শুদ্ধাচার
(খ) মুক্তিযুদ্ধের চেতনা ও দেশপ্রেম

SINCE-1993 NABARUN PUBLICATION

(গ) বাংলাদেশের পর্যটন শিল্প
(ঘ) চিকিৎসাক্ষেত্রে বিজ্ঞান
(ঙ) বৈশ্বিক মহামারি : বাংলাদেশ।

.দিনাজপুর বোর্ড-২০২৩.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) 'ম-ফলা' উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫
অথবা, (খ) শুদ্ধ উচ্চারণ লেখ : (যেকোনো **পাঁচটি**)
চর্যাপদ, চিহ্ন, সহস্র, ব্রাহ্মণ, প্রতিজ্ঞা, নবজাত, আহ্বান, ইতঃপূর্বে।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫
অথবা, (খ) বানান শুদ্ধ করে লেখ : (যেকোনো **পাঁচটি**)
বিদ্যান, পিপিলিকা, বাল্মিকি, শান্ত্বনা, ষ্টেশন, পরাণ, সর্বশান্ত, ধ্বংস।

৩। (ক) ক্রিয়ার শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫
অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
(i) এ মাসে নয়, আগামী মাসে তুমি যাবে।
(ii) বাংলাদেশ আমাদের মাতৃভূমি।
(iii) বাহ! কী সুন্দর দৃশ্য।
(iv) হঠাৎ গুড়িগুড়ি বৃষ্টি শুরু হলো।
(v) সুখ কে না চায়?
(vi) লাল রঙের ফুলে ছেয়ে গেছে বাগান।
(vii) নজরুল তো আর দুজন হয় না।
(viii) সোনার তরী বিখ্যাত গ্রন্থ।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৫
অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
মায়েঝিয়ে, গুরুভক্তি, জাদুকর, হাতাহাতি, খেয়াঘাট, কুসুমকোমল, ত্রিভুবন, দেশান্তর।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫
অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যান্তর কর :
(i) পুলিশের লোক জানিবে কী করিয়া? (নেতিবাচক)
(ii) ভুল সকলেই করে। (প্রশ্নবাচক)
(iii) বিপদে ধৈর্য ধরা উচিত। (অনুজ্ঞাসূচক)
(iv) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক)
(v) চুপ করো। (নির্দেশাত্মক)
(vi) মেঘ হলে বৃষ্টি হবে। (জটিল)
(vii) এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়সূচক)
(viii) যাদের বুদ্ধি নেই, তারাই একথা বিশ্বাস করবে। (সরল)

৬। (ক) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
(i) মেয়েটি বিদ্বান হলেও ঝগড়াটে।
(ii) অতি লোভে গাঁজন নষ্ট।
(iii) আমি এ ঘটনা চাক্ষুস প্রত্যক্ষ করেছি।
(iv) সূর্য উদয় হয়েছে।
(v) গাছটি সমূলসহ উৎপাটিত হয়েছে।
(vi) দৈন্যতা প্রশংসনীয় নয়।
(vii) বিধি লঙ্ঘন হয়েছে।
(viii) মাতাহীন শিশুর কী দুঃখ!
অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর :
এবার স্যার আমাদের ওপর রাগিয়া গেলেন। তিনি বললেন, "তোমরা এসএসসি পাশ করিলে কী করে? গিতাঞ্জলী, মুহূর্ত, দন্দ ইত্যাদি বানান পর্যন্ত ভুল কর।"

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Key-word, Academy, Galaxy, Index, Bail, Manuscript, Dialect, Newspaper, Jail, Oath, Fundamental, Headline, Equality, Leaflet, Controller.
অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
The present world we live in is a global village. The countries of the world are now like the homes of a village. The countries are like the next door neighbour to one another. We can immediately know what happens in other cauntries. And we can also share their joys and sorrows with them.

৮। (ক) বাংলা নববর্ষ কীভাবে উদ্‌যাপন করেছ তার ওপর একটি দিনলিপি রচনা কর। ১০
অথবা, (খ) 'দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি' বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) তোমার বোনের বিয়েতে আমন্ত্রণ জানিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০
অথবা, (খ) প্রাথমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগ লাভের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের উপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ড বেগে শুধুই আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে; মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন একপর্যায়ে এসে পৌঁছেছে, সেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই; এবার উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়।
অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :
গতি যার নীচ সহ, নীচ সে দুর্মতি।

১১। (ক) ভূমিকম্পের ভয়াবহতা নিয়ে দুই বন্ধুর কথোপকথন তুলে ধর। ১০
অথবা, (খ) প্রদত্ত সংকেত অবলম্বনে 'লোভের পরিণাম' শীর্ষক একটি খুদে গল্প রচনা কর।
গল্প সংকেত : স্থানীয় কৃষি অফিস থেকে প্রশিক্ষণ নিয়ে একটি ফলের বাগান করে রমিজ। .....

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) মানব কল্যাণে বিজ্ঞান
(খ) মাতা-পিতার প্রতি কর্তব্য
(গ) মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প
(ঙ) পদ্মা সেতু ও অর্থনৈতিক উন্নয়ন।

.ময়মনসিংহ বোর্ড-২০২৩.

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) 'অ'-ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ নির্দেশ কর :
ঊনসত্তর, জয়ধ্বনি, সৌন্দর্য, অন্নপূর্ণা, আসক্তি, প্রজাপতি, হিতৈষী, বিশেষজ্ঞ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫
অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বানান শুদ্ধ কর :
শিরোমনি, ইতিমধ্যে, পল্লীগ্রাম, দূর্বলতা, প্রত্নতাত্তিক, প্রাণপুরুষ, ব্যাবহার, সোনালী।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫
অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ নির্বাচন কর :
সকালে মা তার ঘুমন্ত শিশুকে জাগিয়ে গরম দুধ খাওয়ালেন। এরপর আড়াই বছরের অবুঝ শিশুটিকে নিয়ে বাগনে লাল লাল ফুল দেখালেন। সদ্যোজাত ফুলগুলো ছিল চমৎকার। ঝকঝকে রোদে পরিবেশও ছিল সুখকর।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গ কত প্রকার ও কী কী উদাহরণসহ আলোচনা কর। ৫
অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যেকোনো **পাঁচটি**)
অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

স্বাধীনতা অর্জনের চেয়ে রক্ষা করা কঠিন।

১১। (ক) মাদকাসক্তির কুফল সম্পর্কে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'ভুলের মাশুল' বিষয়ে ভার্চুয়াল সম্পর্কের নেতিবাচকতা নিয়ে ক্ষুদে গল্প রচনা কর।

১২। প্রবন্ধ রচনা কর : (যেকোনো **একটি**) ২০

(ক) মানব কল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি;

(খ) নারীর ক্ষমতায়ন;

(গ) অধ্যবসায়;

(ঘ) আমাদের ভাষা আন্দোলন;

(ঙ) বাংলাদেশের অব্যাহত অগ্রযাত্রায় তরুণদের করণীয়।

মডেল টেস্ট ০৪

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উদাহরণসহ 'ম'- ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
নৈরাজ্য, বৃষবৃক্ষ, যুগ্ম, দুঃসাহসিক, কর্তব্য, গ্রীষ্ম, অবক্ষয়, ফলপ্রসূ।

২। (ক) বাংলা বানানে ই-কার (ি) ব্যবহারের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
দুর্বিসহ, মরিচিকা, কাংখিত, মুমর্ষূ, স্বরস্বতি, প্রতিদ্বন্দ্বীতা, প্রজ্জলন, গীতাঞ্জলী।

৩। (ক) যোজক শব্দ কাকে বলে? উদাহরণসহ যোজক শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ চিহ্নিত কর।
জলবায়ু পরিবর্তনের প্রভাবে শুরু হবে অতিবর্ষণ ও ঝড়-ঝঞ্ঝা। আর এর ফলে বাংলাদেশের সিংহভাগ এলাকা বন্যাকবলিত হবে। মাটিতে পানির স্তর অনেক নিচে নেমে যাওয়ার কারণে সুপেয় পানির সংকট দেখা দেবে। নদীগুলোর পানিতে সমুদ্রের লোনা পানির প্রভাবে তা পানের অযোগ্য হয়ে পড়বে। এতে মারাত্মকভাবে ব্যাহত হবে কৃষি উৎপাদন। সৃষ্টি হবে খাদ্য সংকটসহ অন্যান্য সমস্যা। বাংলাদেশ এক্ষেত্রে খাদ্য নিরাপত্তার ওপর জোর দিয়েছে।

৪। (ক) উপসর্গ কাকে বলে? বাংলা উপসর্গ কয় ভাগে বিভক্ত? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
বাস্তুহারা, তপোবন, জীবনবিমা, বিশালাক্ষী, ফুলকুমারী, আলুনি, গিন্নিমা, মতান্তর।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যের বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**) :
(i) পরীক্ষায় তোমরা সফল হও। (নির্দেশসূচক বাক্য)
(ii) তিনি ধনী হয়েও সুখী ছিলেন না। (যৌগিক)
(iii) আমি তোমাকে নিতে এসেছি। (জটিল)
(iv) এমন খাঁটি জিনিস দুর্লভ। (নেতিবাচক)
(v) এটা ভারি লজ্জার কথা। (বিস্ময়সূচক)
(vi) আপনাকে যেতে হবে। (অনুজ্ঞা)
(vii) আজকাল কোনো জিনিসই সুলভ নয়। (অস্তিবাচক)
(viii) তোমার জীবনে শান্তি কামনা করি। (ইচ্ছাসূচক)

৬। (ক) অনুচ্ছেদে বিদ্যমান অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ : ৫
সংসারের শান্তির জন্য একজন মায়ের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মা ইচ্ছা করলে পরিবারের ঐক্যতা সৃষ্টি করে সকল প্রকার দৈন্যতা দূর করতে পারে। তাই মায়ের প্রতি সকলের শ্রদ্ধাভাজন হওয়া উচিত।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) বিরাট গরু-ছাগলের হাট।
(ii) আপনি সদাসর্বদা জনগণের মঙ্গল চেয়েছেন।
(iii) তারা শব পোড়াতে গেল।
(iv) লক্ষ লক্ষ জনতারা সভায় উপস্থিত হয়েছিল।
(v) তাহার সাংঘাতিক আনন্দ হইল।
(vi) কেবলমাত্র দুর্নীতিই এ সংকটের জন্য দায়ী।
(vii) ছয়টি ঋতুর সমাহারের দেশ বাংলাদেশ।
(viii) ব্যাপারটা আমার আয়ত্তাধীন নয়।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) পারিভাষিক শব্দ লেখ (যেকোনো **দশটি**) : ১০
Surplus, Prepaid, Impeachment, Forecast, Dialect, Duel, Revenue, Sub-title, Bibliography, Urban, Adhoc, Blueprint, Gise, Worship.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Books introduce us into the best society; they bring us into the presence of the greatest minds that have ever lived. We hear what they said and did, we see them as if they realy alive. We are participators in their thoughts, we symphathise with them, grieve with them and we feel as if we were in a major actros in the scenes which they describe. The great and the good do not die ever in this world. Emblemed in books the spirits walk about. The book is a living voice.

৮। (ক) একটি বিজ্ঞান মেলা পরিদর্শন নিয়ে দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজের গ্রন্থাগার সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) তোমার কলেজে বিজয় দিবস উদ্‌যাপনের বর্ণনা দিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগলাভের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
তুমি বসন্তের কোকিল, বেশ লোক। যখন ফুল ফুটে, দক্ষিণা বাতাস বহে, এ সংসার সুখের স্পর্শে শিহরিয়া ওঠে, তখন তুমি আসিয়া রসিকতা আরম্ভ কর। আবার যখন দারুণ শীতে জীবলোকে থরথরি কম্প লাগে, তখন কোথায় থাক বাপু? যখন শ্রাবণের ধারায় আমার চালাঘরে নদী বহে, যখন বৃষ্টির চোটে কাক, চিল ভিজিয়া গোময় হয়, তখন তোমার মাজা মাজা কালো দুলালী ধরনের শরীরখানি কোথায় থাকে? তুমি বসন্তের

কোকিল, শীত-বর্ষার কেহ নও।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
প্রয়োজনে যে মরিতে প্রস্তুত বাঁচিবার অধিকার তারই।

১১। (ক) ধর, তুমি নিশাত এবং তোমার বন্ধু তপন দুজনেই এইচএসসি পরীক্ষার্থী। এইচএসসি পাশের পর বিশ্ববিদ্যালয়ে ভর্তি এবং ভবিষ্যত লক্ষ্য নিয়ে তুমি ও তোমার বন্ধুর মধ্যে সংলাপ তৈরি কর। ১০

অথবা, (খ) 'একের রক্ত অপরের প্রাণ' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০
(ক) শিষ্টাচার;
(খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;
(গ) রূপসী বাংলাদেশ;
(ঘ) মাদকাসক্তি ও তার প্রতিকার;
(ঙ) ইন্টারনেট ও বর্তমান বাংলাদেশ।

মডেল টেস্ট ০৫

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উদাহরণসহ 'অ' ধ্বনির উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ :
অক্ষাংশ, অনন্য, উপদ্রব, ঔজ্জ্বল্য, কোষ্ঠকাঠিন্য, টইটম্বুর, ধৈর্য, স্বাক্ষর।

২। (ক) বাংলা বানানে বিসর্গ (ঃ) ব্যবহারের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
ইতিপূর্বে, দূরবস্থা, ন্যূনপক্ষে, মুহূর্মুহু, শান্তনা, অন্তষ্টিক্রিয়া, কনিনীকা, শান্মাসিক।

৩। (ক) যোজক কাকে বলে? উদাহরণসহ এর প্রকারভেদ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ চিহ্নিত কর :
রোদেলা দুপুর। পাখিটি পাখনা মেলে নীল আকাশের দিকে পাড়ি জমাচ্ছে। দখিনা বাতাসে টকটকে লাল পলাশ ফুল দুলছে। তাই দেখে সাদা মেঘের দলও বলাকার মতো উড়ছে; যাবে বহুদূরে।

৪। (ক) দুঃ ও নিঃ উপসর্গের সঙ্গে সন্ধিতে বিসর্গ হয়েছে এমন কয়েকটি সন্ধি গঠিত শব্দ দেখাও। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম নির্ণয় কর।
ছাগদুগ্ধ, পুরুষসিংহ, মনোহারিণী, জবাকুসুমসঙ্কাশ, সপ্তর্ষি, প্রতিচ্ছবি, রূপান্তর, অতিমাত্র।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি বাক্য নির্দেশানুসারে পরিবর্তন কর।
(i) আমি এ সাক্ষী চাই না। (জটিল)
(ii) ধনের ধর্ম আছে, কিন্তু তা অসাম্য। (সরল)
(iii) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক)
(iv) সূর্যোদয়ে অন্ধকার দূর হয়। (যৌগিক)
(v) চুপ করতে বলছি। (অনুজ্ঞাবাচক)
(vi) উদারতা কৃপণের ধর্ম নয়। (অস্তিবাচক)
(vii) জয় হোক তব জয়। (নির্দেশক)
(viii) আর পথ নেই। (প্রশ্নবোধক)

৬। (ক) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
(i) শুধু নিজের না, দেশের উৎকর্ষতা সাধন করা প্রত্যেকেরই উচিত।
(ii) সব পাখিরা ঘর বাঁধে না।
(iii) যেসব অর্থহীন বর্ণ বা বর্ণসমষ্টি শব্দের পরে বসে শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে।
(iv) এতদ্বারা সকলকে অবগত করা হলো।
(v) ক্লাসে যে ১০ জন ছাত্র আছে তার মধ্যে ৮ জনই ভালো ছাত্র।
(vi) শহর ও গ্রামে এখন ইলেকশনের আমেজ।
(vii) আগে সিংহচিহ্নিত আসনে বসে রাজা দেশ চালাতেন।
(viii) আপনি রবীন্দ্রনাথকে পড়ে কী পেলেন?

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
বিদ্বানজনেরা সাধারণত সংস্কৃতিপ্রিয়। সৌহার্দতা আমাদের বাঙালি সংস্কৃতির প্রাণ। কিন্তু দিন দিন তা¸ান হওয়ায় আমরা সশঙ্কিত। তবুও নিরাশায় ডুবে থাকলে চলবে না। এ ক্ষেত্রে যেকোনো শুভ উদ্‌যোগকে জানাই সুস্বাগত।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) শুধু নিজের না, দেশের উৎকর্ষতা সাধন করা প্রত্যেকেরই উচিত।
(ii) সব পাখিরা ঘর বাঁধে না।
(iii) যেসব অর্থহীন বর্ণ বা বর্ণসমষ্টি শব্দের পরে বসে শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে।
(iv) এতদ্বারা সকলকে অবগত করা হলো।
(v) ক্লাসে যে ১০ জন ছাত্র আছে তার মধ্যে ৮ জনই ভালো ছাত্র।
(vi) শহর ও গ্রামে এখন ইলেকশনের আমেজ।
(vii) আগে সিংহচিহ্নিত আসনে বসে রাজা দেশ চালাতেন।
(viii) আপনি রবীন্দ্রনাথকে পড়ে কী পেলেন?

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Asylum, Canteen, Claim, Depot, Etiquette, Fixture, Gallery, Gross, Hoarder, Indent, Knot, Ledger, Margin, Obituary, Parity.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
In Bangladesh economy with limited, regulated openers in the external sector, the financial system remained free of contagion from toxic assets of the markets in developed economics afflicted by the crisis. In addition, the agriculture sector of our country, as a driver of economic growth has performed relatively quite well in recent times. Our banks don't have dervatives and they don't have subprime mortgages. Their investment in real estate sector has remind low. Yet there are risks and vulnerabilities in our financial sector. We need to strengthen our regulatory and supervisory system.

৮। (ক) একটি নৌকা ভ্রমণের বর্ণনা দিয়ে দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) 'পরিবেশগত ভারসাম্যের জন্য চাই বৃক্ষরোপণ'– এ শিরোনামে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ব্যর্থ বন্ধুর হতাশা দূর করতে প্রেষণা দিয়ে একটি ই-মেইল পাঠাও। ১০

অথবা, (খ) শিক্ষা সফরে যাওয়ার জন্য অনুমতি চেয়ে অধ্যক্ষের কাছে

একটি আবেদন কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০

মুখে অনেকেই টাকা তুচ্ছ, অর্থই অনর্থের মূল বলে থাকে। জগৎ এমনি ভয়ানক স্থান যে টাকা না থাকলে তার কোথাও স্থান নেই। সমাজে নেই, স্বজাতির নিকট নেই, ভ্রাতা-ভগিনীর নিকট নেই, স্ত্রীর নিকট নেই, টাকা না থাকলে অকৃত্রিম ভালবাসারও আশা নেই। কারও নিকট সম্মান নেই। টাকা না থাকলে রাজায় চেনে না, সাধারণে মান্য করে না, বিপদে জ্ঞান থাকে না, জন্ম মাত্র টাকা, জীবনে টাকা, জীবনান্তে টাকা, জগতে টাকারই খেলা।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

ঘুঁটে পোড়ে গোবর হাসে।

১১। (ক) বাংলাদেশ ক্রিকেটে তরুণ খেলোয়াড় কীভাবে বাড়ানো যেতে পারে সে সম্পর্কে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'যে সহে সে রহে' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০

(ক) মুক্তিযুদ্ধের চেতনা;

(খ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;

(গ) জাতি গঠনে ছাত্র সমাজের ভূমিকা;

(ঘ) জাতীয় উন্নয়নে তথ্য প্রযুক্তি;

(ঙ) একটি বর্ষণমুখর রাত।

মডেল টেস্ট ✓০৬

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১. (ক) উদাহরণসহ ব্যঞ্জনধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

কৌতূহল, ক্ষয়িষ্ণু, পুনঃপুন, বিজ্ঞপ্তি, লক্ষ্মণ, জীববিজ্ঞান, সায়াহ্ন, উষ্ণীষ।

২. (ক) উদাহরণসহ ষ-ত্ব বিধির পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

শিরঃচ্ছেদ, স্বরস্বতি, নুন্যতম, শান্তনা, মুর্মুষ, পুর্বাহ্ন, এসিড, অন্তঃস্বত্ত্বা।

৩. (ক) উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিন্যাস আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ শব্দের **পাঁচটি** ব্যাকরণিক শ্রেণি চিহ্নিত কর :

i. জামাটা তোমাকে বেশ মানিয়েছে।
ii. তোমরা নিজেরা সমস্যাটা মিটিয়ে ফেল।
iii. ঘণ্টাখানেক ঘুমিয়ে নিলাম।
iv. বরং না খেয়ে মরবো, তবু ভিক্ষা করবো না।
v. আমি ছাড়া তার আর কেউ নেই।
vi. কানা ছেলের নাম পদ্মলোচন।
vii. গরিবকে সাহায্য করা উচিত।
viii. হে বন্ধু, তোমাকে অভিনন্দন।

৪. (ক) উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদোতকতা আছে– আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

অলসতন্দ্রা, উপভাষা, খ্রিষ্টধর্ম, ছেলেধরা, গ্রামান্তর, অনির্বাচনীয়, ঘুষোঘুষি, নবরত্ন।

৫. (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? আলোচনা কর। ৫

অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যের রূপান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

i. রাত শেষ হলো এবং সঙ্গে সঙ্গে বৃষ্টি শুরু হলো। (সরল)
ii. এখনই যাও, নতুবা তার দেখা পাবে না। (জটিল)
iii. তোমার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করি। (ইচ্ছাসূচক)
iv. তার ত্যাগের মহিমা কী অপূর্ব। (নির্দেশসূচক)
v. দেশকে ভালোবেসে শত শহিদ জীবন উৎসর্গ করেছেন। (প্রশ্নসূচক)
vi. সে কেবল কাঁদল না। (অস্তিবাচক)
vii. এ জন্যই তোমাকে সকলে প্রিয়ংবদা বলে। (নেতিবাচক)
viii. পরীক্ষায় ভালো করার জন্য এখন থেকেই তোমার চেষ্টা করা উচিত। (যৌগিক)

৬. (ক) অনুচ্ছেদে বিদ্যমান অপপ্রয়োগসমূহ শুদ্ধ কর : ৫

১৯৭১-এর প্রেক্ষিতে পাকিস্তানি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে এ দেশের মানুষ মুক্তিযুদ্ধ করেছিল। তৎকালীন সময় এ দেশের সংগ্রামী মানুষ আত্মাহুতি দেয় দেশের জন্য। তখন বীর মাতাদের অশ্রুজলে ভেসেছিল স্বদেশ। তাই তাদের স্মরণে শহিদ মিনার পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করে সকলে।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

i. আইনানুসারে তিনি এ কাজ করতে পারেন না।
ii. শওকত উসমানের 'কৃতদাসের হাসি' একটি আদমজী পুরস্কারে সম্মানিত উপন্যাস।
iii. আমি আপনার জ্ঞাতার্থে এ সংবাদ লিখলাম।
iv. আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
v. তার উদ্ধতপূর্ণ আচরণে ব্যথিত হয়েছি।
vi. তার বৈমাত্রেয় সহোদর অসুস্থ।
vii. পেটে খেলে কাঁধে সয়।
viii. সারা জীবন ভূতের মজুরী খেটে মরলাম।

নির্মিতি অংশ : মান-৭০

৭. (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Synopsis, Copist, Editorial, Passport, Acknowledgement, Manuscript, Reform, Barrack, Delegate, Farce, Indoor games, leisure, Telecast, Vagabond.

অথবা, (খ) অনুচ্ছেদটি বাংলা ভাষায় অনুবাদ কর :

Friendship is easy but it is difficult to maintain. For this reason, wiseman limit the circle of friends. A person, who does not retreat from sacrificing his life for the sake of a friend in danger, is a true friend. So we must be careful of selecting friends. If we examine a person properly before making friendship with him, there will be no scope of repentance in later.

৮. (ক) একটি গ্রাম্যমেলার অনুভূতি ব্যক্ত করে একটি দিনলিপি তৈরি কর। ১০

অথবা, (খ) 'খাদ্যদ্রব্যে ভেজাল মেশানো ও এর প্রতিকার' বিষয়ে একটি সংবাদ প্রতিবেদন রচনা কর।

৯. (ক) বনভোজনের চাঁদার হার জানিয়ে সহপাঠীদের উদ্দেশ্যে একটি বৈদ্যুতিন চিঠি প্রেরণ কর। ১০

অথবা, (খ) বিনা বেতনে পড়ার অনুমতি চেয়ে অধ্যক্ষের কাছে একটি আবেদনপত্র রচনা কর।

১০. (ক) সারাংশ লেখ : ১০

বাল্যকাল হইতেই আমাদের শিক্ষার সহিত আনন্দ নাই। কেবল যাহা নিতান্ত আবশ্যক, তাহাই কণ্ঠস্থ করিতেছি। তেমন করিয়া কোন মতে কাজ চলে মাত্র; কিন্তু মনের বিকাশ লাভ হয় না। হাওয়া খাইলে পেট ভরে না; কিন্তু আহারটি রীতিমত হজম করিবার জন্য হাওয়া খাওয়া দরকার। তেমনি পাঠ্যপুস্তককে রীতিমত হজম করিতে অনেকগুলি পাঠ্যপুস্তকের সাহায্য আবশ্যক। ইহাতে আনন্দের সহিত পড়িতে পড়িতে পাড়িবার শক্তি অলক্ষিতভাবে বৃদ্ধি পাইতে থাকে। গ্রহণ-শক্তি, ধারণ-শক্তি, চিন্তা-শক্তি বেশ সহজে এবং স্বাভাবিক নিয়মে বৃদ্ধি পায়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

১১. (ক) রোহিঙ্গা শরণার্থী সমস্যা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত শিরোনাম অবলম্বনে একটি খুদে গল্প লেখ : 'স্বাধীনতার জন্ম'।

১২. যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) শ্রমের মর্যাদা;
(খ) রূপসী বাংলাদেশ;
(গ) বাংলাদেশের পর্যটন শিল্প;
(ঘ) চিকিৎসাক্ষেত্রে বিজ্ঞান
(ঙ) জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশ।

মডেল টেস্ট ০৭

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
খাদ্য, এক, পদ্ম, স্বাগত, দক্ষ, রূপসী, প্রথম, তীব্র।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত 'অতৎসম' শব্দের বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
মন্ত্রীসভা, নূন্যতম, প্রণয়িণী, ঐক্যতান, স্বরস্বতী, উচ্ছ্বাস, কৃতিবাস, সন্যাসী।

৩। (ক) ভাব-প্রকাশের সম্পূর্ণতা অনুসারে ক্রিয়াকে কয়ভাগে ভাগ করা যায়? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
(i) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?
(ii) সাদা কাপড় পড়লেই মন সাদা হয় না।
(iii) মোদের গরব মোদের আশা আ-মরি বাংলা ভাষা।
(iv) রবীন্দ্রনাথ তো আর দু'জন হয় না।
(v) বুঝিয়াছিলাম, মেয়েটির রূপ বড় আশ্চর্য।
(vi) সাবাস! দারুণ খেলছে আমাদের মেয়েরা।
(vii) আমাদের সমাজ আর ওদের সমাজ এক রকম নয়।
(viii) তিনি হো হো করে হেসে উঠলেন।

৪। (ক) নিচের উপসর্গ যোগে শব্দ গঠন কর এবং বাক্য রচনা কর : (যেকোনো **পাঁচটি**) ৫
প্র, পরা, অনু, বি, পরি, প্রতি, অভি, উপ।

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
রত্নগর্ভা, সাতসতেরো, উপগ্রহ, মকরমুখো, মতান্তর, প্রবচন, গাছপাকা, গৃহস্থ।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটির** বাক্যান্তর কর :
(i) দেশের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাবাচক)
(ii) পৃথিবী চিরস্থায়ী নয়। (অস্তিবাচক)
(iii) তিনি আর নেই। (যৌগিক)
(iv) কী ভয়ঙ্কর ঘটনা! (নির্দেশাত্মক)
(v) আমার কর্ণধার আমি। (জটিল)
(vi) ধনীর ধন বৃদ্ধি না হইলে দরিদ্রের কী ক্ষতি। (নেতিবাচক)
(vii) টাকয় সব হয় না। (প্রশ্নবাচক)
(viii) সন্ধ্যার পর অন্ধকার ঘনিয়ে এলো। (বিস্ময়বাচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

ছেলেটি ভয়ানক মেধাবী ও বিনয়ী। তার মেধা দেখে সবাই মুগ্ধ। শিক্ষকবৃন্দরা মনে করেন, আগামী ভবিষ্যতে সে অসামান্য সাফল্যতা বয়ে আনবে। যা ইতিপূর্বে এ প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থীর পক্ষে সম্ভব হয়নি।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) অশ্রুজলে বুক ভেসে গেলো।
(ii) তার বৈমাত্রের সহোদর ডাক্তার।
(iii) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ন বাজানো নিষেধ।
(iv) মেয়েটি স্বয়ম্বর।
(v) সময় বড় সংক্ষেপ।
(vi) অন্তরা মেয়েদের মধ্যে কণিষ্ঠতম।
(vii) যাবতীয় প্রাণিকুল এই গ্রহের বাসিন্দা।
(viii) রবীন্দ্রনাথকে ভালো করে পড়।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Annexation, pass-word, subsidy, white-paper, circle, prime, Manifesto, Lien, Invoice, Neutral, Reality, Payeee, Biography, Analysis, Quack.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Illiteracy is a great problem of our country. No development efforts can succeed unless illiteracy is cradicated. Eradicated of illiteracy in a country like Bangladesh with so vast population is undoubtedly a gigantic task. No individual community, organisation, not even the government is capable of solving this huge problem single handed.

৮। (ক) হরতালমুখর একটি দিনের অভিজ্ঞতা উল্লেখ করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজ ছাত্রাবাসের অবস্থা সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) শিক্ষা সফরে যাবার ব্যাপারে বিভিন্ন তথ্য দিয়ে বন্ধুর কাছে একটি ই-মেইল প্রেরণ কর। ১০

অথবা, (খ) ডেঙ্গুজ্বর প্রতিরোধের ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়ে যথাযথ

কর্তৃপক্ষের কাছে একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

জীবন বৃক্ষের শাখায় যে ফুল ফোটে তা-ই মনুষ্যত্ব। বৃক্ষের গোড়ায় জল ঢালতে হবে এই ফুলের দিকে লক্ষ্য রেখে। শুধু শুধু মাটির রস টেনে গাছটা মোটা হয়ে উঠবে, এই ভেবে কোনো মালি গাছের গোড়ায় জল ঢালে না। সমাজ ব্যবস্থাকেও ঠিক করতে হবে মানুষকে খাইয়ে দাইয়ে মোটা করে তুলবার জন্য নয় মানুষের অন্তরে মূল্যবোধ তথা সৌন্দর্য, প্রেম ও আনন্দ সম্বন্ধে চেতনা জাগিয়ে তুলবার উদ্দেশ্যে। যখন এই চেতনা মানুষের চিত্তে জাগে তখন এক আধ্যাত্মিক সুষমায় তার জীবন পরিপূর্ণ হয়ে ওঠে এবং তারই প্রতিফলনে সমস্ত জগৎ আলোকময় হয়ে দেখা দেয়। ফলে মানুষ ইতর জীবনের গুরুভার থেকে মুক্তি পেয়ে নিজেকে লঘুপক্ষ প্রজাপতির মতো হালকা মনে করে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

জাতীয় জীবনে সন্তোষ এবং আকাঙ্ক্ষা দুয়েরই মাত্রা বেড়ে গেলে বিনাশের কারণ ঘটে।

১১। (ক) জীবনের লক্ষ্য নির্ধারণ সম্পর্কে পিতা ও পুত্রের মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'বিপদে হাল ছেড়ো না' শিরোনামে একটি ক্ষুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) মুক্তিযুদ্ধের চেতনা ও আমাদের দেশপ্রেম;
(খ) আধুনিক তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) বাংলাদেশের পোশাক শিল্প;
(ঘ) বৈশ্বিক উষ্ণায়ন ও বাংলাদেশ;
(ঙ) শিষ্টাচার।

মডেল টেস্ট ০৮

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

পরীক্ষা, অতঃপর, উদ্যোগ, যথাক্রমে, নিষিদ্ধ, প্রজ্ঞা, ব্যাখ্যা, ঐশ্বর্য।

২। (ক) ণ-ত্ব বিধি কী? উদাহরণসহ ণ-ত্ব বিধির পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

হোশীষ, কথপোকোথন, বিভিষিকা, শামিচিন, উজ্জল্য, মূহুর্ষ, প্রাতঃরাশ, বয়জেষ্ঠ্য।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

(i) শুভ্র সমুজ্জল এ তাজমহল।
(ii) তিনি হো হো করে হেসে উঠলেন।
(iii) মোদের গরব মোদের আশা, আ-মরি বাংলা ভাষা।
(iv) অনেকেই ভাতের বদলে রুটি খায়।
(v) কেউ কেউ ঘটনাটা সত্য বলে জানে।
(vi) হে বন্ধু, বিদায়।
(vii) এত চিনি দিলাম তবু মিষ্টি হলো না।
(viii) মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন।

৪। (ক) নিচের যেকোনো পাঁচটি উপসর্গ যোগে শব্দ গঠন কর। ৫

উপ, আব, পরি, বে, প্র।

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যেকোনো **পাঁচটি**)

সত্যাসত্য, আদিগন্ত, তেপান্তর, হজ্বযাত্রা, প্রাণভোমরা, মতান্তর, কোলাকুলি, লালগোলাপ।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাংলা বাক্যের প্রকারভেদ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যের বাক্যান্তর কর :

(i) যেমন কর্ম করবে, তেমন ফল পাবে। (সরল)
(ii) কল্যাণী কোনো কথা বলিল না। (অস্তিবাচক)
(iii) আমাদের দেশ সুন্দরভাবে এগিয়ে যাচ্ছে। (বিস্ময়বোধক)
(iv) এখন খাঁটি জিনিস দুর্লভ। (নেতিবাচক)
(v) সময় নষ্ট করা বোকামি। (প্রশ্নবোধক)
(vi) যখন বিপদ আসে তখন দুঃখও আসে। (যৌগিক)
(vii) তোমার নাম কী? (অনুজ্ঞাসূচক)
(viii) তোমার কথা বলার সময় আমি চুপ থাকবো। (জটিল)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

ব্যাকুলিত চিত্তে আমি তাকে দেখতে গেলাম। শরীর অসুস্থতার জন্য তিনি গতকাল আসতে পারেননি। আমাকে দেখে সশঙ্কিত চিত্তে তিনি বলতে লাগলেন, 'আজকাল বানানের ব্যাপারে সকল ছাত্ররাই অমনোযোগী। বানান শুদ্ধ করে লেখার ব্যাপারে তারা তো সচেষ্টিত নয়।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) অন্যান্য বিষয়গুলোর আলোচনা পরে হবে।
(ii) রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য।
(iii) পঞ্চইন্দ্র সজাগ রেখ।
(iv) দারিদ্রতাকে জয় করতে তোমার ইচ্ছাই যথেষ্ট।
(v) আমি, তমাল ও তুমি আজ ক্রিকেট খেলবো।
(vi) পৃথিবী সর্বদা সূর্যের চারদিকে ঘূর্ণীয়মান।
(vii) দর্শকমণ্ডলীকে সুস্বাগত জানাই।
(viii) বিপদে পড়লে বাঘে হরিণেও এক ঘাটে জল খায়।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

By-election, Revenue, Detective, Secretary, Permit, Municipality, Humanity, Green-room, Bio-graphy, Candidate, Surplus, Walk-out, Free-market, Grade, Extemal.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Home is the frist school where the child learns his first lessons. The first lessons are vary important for the development of his mind. He sees, hears and beguns to learn at home. It is home that bulids his character. In a good home honest and healthy men are made.

৮। (ক) শরতের সকালের অভিজ্ঞতা বর্ণনা করে একটি দিনলিপি লেখ।

১০

অথবা, (খ) নিরক্ষরতা দূরীকরণের জন্য কোনো বিশেষ এলাকার তথ্যানুসন্ধান সংবলিত একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) বড় বোনের শুভ বিবাহ উপলক্ষ্যে দুজন বন্ধুকে আমন্ত্রণ জানিয়ে একটি ই-মেইল তৈরি কর। ১০

অথবা, (খ) কোনো প্রতিষ্ঠানে ব্যবস্থাপকের শূন্য পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

জাতি শুধু বাইরের ঐশ্বর্য-সম্ভার, দালান কোঠার সংখ্যা বৃদ্ধি কিংবা সামরিক শক্তির অপরাজেয়তায় বড় হয় না, বড় হয় অন্তরের শক্তিতে, নৈতিক চেতনায়, আর জীবনপণ করে অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানোর ক্ষমতায়। জীবনের মূল্যবোধ ছাড়া জাতীয় সত্তার ভিত কখনো শক্ত আর দৃঢ়মূল হতে পারে না। মূল্যবোধ জীবনাশ্রয়ী হয়ে জাতির সর্বাঙ্গে ছড়িয়ে পড়লেই তবে জাতি অর্জন করে মহত্ত্ব আর মহৎ কর্মের যোগ্যতা। সবরকম মূল্যবোধের বৃহত্তম বাহন ভাষা, তথা মাতৃভাষা, আর তা ছড়িয়ে দেওয়ার দায়িত্ব লেখক ও সাহিত্যিকদের।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

স্বার্থমগ্ন যেজন বিমুখ
সে কখনো শেখেনি বাঁচিতে।

১১। (ক) উচ্চ শিক্ষা গ্রহণে আগ্রহী দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ তৈরি কর। ১০

অথবা, (খ) সাম্প্রদায়িক সম্প্রীতি বিষয়ে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) মানব কল্যাণে বিজ্ঞান;
(খ) দেশ গঠনে ছাত্র সমাজের ভূমিকা;
(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ;
(ঘ) স্বদেশপ্রেম;
(ঙ) তোমার প্রিয় কবি।

মডেল টেস্ট ০৯

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা উচ্চারণের আদ্য 'অ' ধ্বনির পাঁচটি বিবৃতি উচ্চারণ নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

অধ্যক্ষ, অব্যক্ত, বনবাসী, চৈত্র, ব্রাহ্মণ, নক্ষত্র, পরিষ্কার, সম্প্রীতি।

২। (ক) তৎসম শব্দের বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের শব্দগুলোর বানানের নিয়ম লেখ :

ক্ষুণ্ন, অনু, অহংকার, ঊর্ণনাভ, প্রতিযোগিতা, ক্যাসেট, আযান, অপরাহ্ণ।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? কত প্রকার ও কী কী? সংজ্ঞাসহ উদাহরণ দাও। ৫

অথবা, (খ) রেখাঙ্কিত অংশের ব্যাকরণিক শব্দ নির্ণয় কর :

(i) এখনও বিস্ময় জাগে মানুষের মনে।
(ii) কোথাও আমার হারিয়ে যেতে নেই মানা।
(iii) হাত মুখ ধুয়ে পড়তে বসো।
(iv) দুর-পাগলা! এ সব নিয়ে অত ভাবতে নেই।
(v) সারদিন বৃষ্টি হলো তবুও গরম গেল না।
(vi) রান্নার জন্য রাঁধুনি ব্যাকুল।
(vii) শৈলী এখনই পড়তে বসো।
(viii) রিমঝিম বৃষ্টি পড়ছে।

৪। (ক) 'সংস্কৃত ও বাংলা ব্যাকরণে উপসর্গের সংজ্ঞার্থ এক নয়।'– আলোচনা কর। ৫

কর্তব্য, জ্যান্ত, দর্পণ, নৈতিক, বক্তা, স্মরণীয়, শোক, উপ্ত।

অথবা, (খ) প্রদত্ত শব্দের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

স্বর্ণাভ, বজ্রপাণি, দেশান্তর, জীবনানন্দ, নীলোৎপল, মহাপুরুষ, ঊর্ণনাভ, মনোরথ, সপ্তর্ষি।

৫। (ক) বাক্য কাকে বলে? অর্থগত দিক থেকে বাক্য কত প্রকার ও কী কী? সংজ্ঞাসহ উদাহরণ দাও। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) অন্ধকে আলো দাও। (জটিল বাক্য)
(ii) সাহসী ব্যক্তি বিপদকে ভয় পায় না। (জটিল)
(iii) বৃষ্টিতে ভিজনা, জ্বর হবে। (সরল বাক্য)
(iv) যে রক্ষক, সেই ভক্ষক। (যৌগিক বাক্য)
(v) সকলেই দেশকে ভালোবাসে। (নেতিবাচক)
(vi) টাকায় সব হয়। (নির্দেশক বাক্য)
(vii) বিপদে ধৈর্য ধরো। (নির্দেশিক বাক্য)
(viii) তোমার দীর্ঘ জীবন কামনা করি। (ইচ্ছাসূচক বাক্য)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

মাননীয় রাষ্ট্রপতি আসছে আগামীকাল সন্ধ্যা ৮ ঘটিকার সময় সমগ্র জাতির উদ্দেশ্যে ভাষণ দিবেন। আমাদের বন্ধুমহলের সকলের মধ্যে কিন্তু সাজ সাজ উত্তেজনা শুরু হলো।

অথবা, (খ) বাক্য শুদ্ধ করে লেখ : (যেকোনো **পাঁচটি**)

(i) অশ্রুজলে বুক ভেসে গেল।
(ii) তাহার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি।
(iii) তিনি স্বত্ত্বীক ঢাকায় থাকেন।
(iv) দশ চক্রে ঈশ্বর ভূত।
(v) আবশ্যকীয় বিছানাপত্র সঙ্গে আনবে।
(vi) বাংলাদেশ একটি সমৃদ্ধশালী দেশ।
(vii) কুপুরুষের মতো কথা বলছো কেন?
(viii) সব মাছগুলোর নাম কত?

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Article, Aesthetics, Biased, Cargo, Conduct, Disolve, Estate Included, Journal, Interfere, Leaf let, Policy.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Education is not only limited to schools colleges and universities. We have learnt a lot from family. Society and the whole world. Which we learn from our real experience of life is no less important than that we learn traditionally from schools and the colleges. Therefore, it can be said that education is a life long process. This education beging from our birth and ends with our death.

৮। (ক) একটি বর্ষণমুখর দিনের অভিজ্ঞতা বর্ণনা করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) সড়ক দুর্ঘটনা সম্পর্কে একটি সচেতনতামূলক প্রতিবেদন লেখ।

৯। (ক) তোমার কলেজের নববর্ষ উপলক্ষ্যে অনুষ্ঠানে বন্ধুকে আমন্ত্রণ জানিয়ে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) প্রাথমিক বিদ্যালয়ের শূন্যপদে সহকারী শিক্ষক পদে আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ প্রাণী। জগতের অন্যান্য প্রাণীর সহিত মানুষের পার্থক্যের কারণ– মানুষ বিবেক ও বুদ্ধির অধিকারী। এই বিবেক, বুদ্ধি ও জ্ঞান নাই বলিয়া আর সকল প্রাণী মানুষ অপেক্ষা নিকৃষ্ট। জ্ঞান ও মনুষ্যত্বের উৎকর্ষ সাধন করিয়া মানুষ জগতের বুকে অক্ষয় কীর্তি স্থাপন করিয়াছে এবং জগতের কল্যাণ সাধন করিতেছে। পশুবল ও অর্থবল মানুষকে বড় বা মহৎ করিতে পারে না। মানুষ বড় হয় জ্ঞান ও মনুষ্যত্বের বিকাশে। জ্ঞান ও মনুষ্যত্বের প্রকৃত বিকাশে জাতীয় জীবন উন্নত হয়। প্রকৃত মানুষই জাতীয় জীবনের প্রতিষ্ঠা ও উন্নয়ন আনয়নে সক্ষম।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

জাতীয় জীবনে সন্তোষ এবং আকাঙ্ক্ষা দুয়ের মাত্রা বাড়িয়ে গেলে বিনাশের কারণ ঘটে।

১১। (ক) তোমার বন্ধুর সাথে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির বিষয়ক একটি সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) পাহাড় ধস বিষয়ক একটি ক্ষুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) আধুনিক তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;

(খ) সামাজিক বনায়ন;

(গ) খাদ্যে ভেজাল ও প্রতিকার;

(ঘ) বাংলাদেশের সম্ভাবনাময় পর্যটন শিল্প;

(ঙ) পদ্মা সেতু।

মডেল টেস্ট ১০

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) ম-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

স্বাতন্ত্র্য, বিজ্ঞাপন, গণতন্ত্র, ছাত্র, আবৃত্তি, পুনঃপুন, ইতঃপূর্বে, ঐক্য।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

আকাংখা, শিরোচ্ছেদ, অন্তসত্ত্বা, দেশাত্ববোধ, কুজ্ঝটিকা, কীর্তিবাস, স্বরস্বতী, মনোকষ্ট।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

(i) আপন ভালো সবাই চায়।

(ii) একেই কি বলে সভ্যতা।

(iii) তিনটি ফুল আর অনেক পাতা।

(iv) বিমান উড়ল জাপান অভিমুখে।

(v) তুমি অপরাধী, অতএব শাস্তি পাবে।

(vi) অপরের ক্ষুদ্র ক্ষুদ্র দুঃখ তুমি দূর কর।

(vii) মরি মরি, কি সুন্দর প্রভাতের রূপ!

(viii) রকেট অতি দ্রুত চলে।

৪। (ক) উপসর্গ কাকে বলে? বাংলা ভাষায় উপসর্গের গুরুত্ব কী? ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর।

নীলপদ্ম, দুর্ভিক্ষ, ইন্দ্রজিৎ, উর্ণনাভ, রাজধানী, পীতাম্বর, লোকটি, প্রভাত।

৫। (ক) অর্থানুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যের বাক্যান্তর কর :

(i) যখন মেঘ গর্জন করে, তখন ময়ূর নৃত্য করে। (সরল)

(ii) বিপদে অধীর হতে নেই। (অনুজ্ঞাসূচক)

(iii) তার নাম কারিশমা। (জিজ্ঞাসাসূচক)

(iv) তারা যাবে না কোথাও। (অস্তিবাচক)

(v) ধর্ম আমাদের ইসলাম হলেও প্রাণের ধর্ম তারুণ্য। (যৌগিক)

(vi) মাতৃভূমিকে সকলেই ভালোবাসে। (জটিল)

(vii) লোকটি পিছু ছাড়ছে না। (বিস্ময়সূচক)

(viii) আমি তোমাকে নিতে এসেছি। (জটিল)

৬। (ক) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

ইদানিংকালে তরুণ সমাজের কাছে ভদ্রতা ও সৌজন্যতা খুবই সেকেলে ব্যাপার। তারা হাই-হ্যালো বলে নিজেদের দায়িত্ত শেষ করতে চায়। এটাই তাদের কাছে আধুনিকতা। কিন্তু সকল তরুণদের মনে রাখা উচিত, ইটটি মারলে ককটেলটি খেতে হয়।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) নিরোগী লোক আসলে সুখী।

(ii) কাউকে উত্যক্ত করা উচিত নয়।

(iii) মেয়েটি যেমন বুদ্ধিমান তেমন বিদ্যান।

(iv) রবীন্দ্রনাথ ভয়ংকর প্রতিভার অধিকারী ছিলেন।

(v) আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থহানী ঘটে।

(vi) সকল ছাত্র একত্রিত হয়েছিল।

(vii) তোমার তথ্য গ্রহণীয় নয়।

(viii) যেমন বাধা ওল তেমন বুনো তেঁতুল।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Catalogue, Spokesman, Impeachment, Prescription, Famine, Manifesto, Contract, Principle, Autonomous, Legend, Bail, Encyclopedia, Cabinet, Design, Affidavit.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Terrorism in the educational campus is an issue of all of our concern. This is such a matter which cannot be allowed to be continued. All

concerned people should come forward without any prejudice to stop this violence as soon as possible. To save valueable lives and to maintain a sound environment in the area of education, the campus should be kept free from the political clash for power. Students should be alert so that they do not become the tolls in hands of the cunning politicians.

৮। (ক) বইমেলা পরিদর্শনের উল্লেখ করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজের শিক্ষার পরিবেশ সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারে সতর্ক থাকার পরামর্শ দিয়ে ছোট ভাইকে ই-মেইল পাঠাও। ১০

অথবা, (খ) শিক্ষা সফরের অনুমতি চেয়ে অধ্যক্ষ বরাবর আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। তাই, বারবার সেদিকে তাকানো প্রয়োজন। মাটির রস টেনে নিয়ে নিজেকে মোটাসোটা করে তোলাতেই বৃক্ষের কাজের সমাপ্তি নয়। তাকে ফুল ফোটাতে হয়, ফল ধরাতে হয়। নইলে তার জীবন অসম্পূর্ণ থেকে যাবে। তাই বৃক্ষকে সার্থকতার প্রতীক হিসাবে গ্রহণ করার প্রয়োজনীয়তা, সজীবতা ও সার্থকতার এমন জীবন্ত দৃষ্টান্ত আর নেই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

স্বার্থমগ্ন যেজন বিমুখ বৃহৎ জগৎ হতে, সে কখনো শেখেনি বাঁচিতে।

১১। (ক) 'বঙ্গবন্ধু-১' স্যাটেলাইট উৎক্ষেপণ নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ তৈরি কর। ১০

অথবা, (খ) নিচের সংকেত অনুসরণ করে একটি খুদে গল্প রচনা কর :

অতুল ও রাতুল দুই বন্ধু। বিমানবন্দর রেলস্টেশনে তারা এসেছে চট্টগ্রামের টিকিট কাটতে। আগামী সপ্তাহে কক্সবাজার ঘুরতে যাবে তারা। কিন্তু কাউন্টারের পাশে একটি ছেলেকে কাঁদতে দেখে এগিয়ে যায় দুজন .....।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;
(খ) বাংলাদেশ পর্যটন শিল্প;
(গ) বাংলাদেশের মানবসম্পদ;
(ঘ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;
(ঙ) অধ্যবসায়।

মডেল টেস্ট ১১

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১. (ক) উচ্চারণ রীতি কাকে বলে? বিশুদ্ধ উচ্চারণ প্রয়োজন কেন? আলোচনা কর। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

অসীম, এখন, কর্ম, ধন্যবাদ, প্রশ্ন, ব্যতীত, মন, সভ্য।

২. (ক) বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

অতিথী, ইংরেজী, পেসাজীবী, প্রনয়ন, ব্যায়, মনমোহন, শীকার, সন্যাসী।

৩. (ক) ব্যাকরণিক শব্দশ্রেণি বলতে কী বোঝ? উদাহরণসহ শব্দশ্রেণির প্রকারভেদ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** ক্রিয়া বিশেষণ চিহ্নিত কর :

এখন প্রচণ্ড শীত। কফিল ঠাণ্ডা থেকে রক্ষা পেতে উঠানে বসে সকালের মিষ্টি রোদে গা গরম করছিল। রান্নাঘর থেকে মা তাকে ডাক দেয় ভাঁপা পিঠা খেতে। তার মায়ের হাতের পিঠা যেন অমৃত। লোভাতুর জিহ্বার পরিতৃপ্তি সাধনে সে নগ্ন পায়ে রান্নাঘরে দৌড় দেয়।

৪. (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে'– আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

দা-কুমড়া, চিরসুখী, বাজিকর, নদীমাতৃক, দুধভাত, প্রাণপাখি, অমিল, হাভাত।

৫. (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক– উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যের রূপান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

i. আমরা নড়লাম না। (অস্তিবাচক)
ii. এখানে আসতেই হলো। (নেতিবাচক)
iii. ওরা আগামীকাল আসবে। (প্রশ্নবোধক)
iv. কীর্তিমানের মৃত্যু নেই। (জটিল)
v. দোষ করেছে অতএব শাস্তি পাবে। (জটিল)
vi. পৃথিবী চিরস্থায়ী নয়। (অস্তিবাচক)
vii. বিড়ালকে বুঝান দায় হইল। (নেতিবাচক)
viii. যদিও তুমি ধনী, তথাপি তুমি কৃপণ। (যৌগিক)

৬. (ক) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ : ৫

ছেলেটি ভয়ানক মেধাবী ও বিনয়ী। তার মেধা পরিদর্শন করে সবাই মুগ্ধ। শিক্ষকবৃন্দ মনে করেন, আগামী ভবিষ্যতে সে অসামান্য সাফল্যতা বয়ে আনবে, যা ইতিপূর্বে এ প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থীর পক্ষে সম্ভব হয়নি।

অথবা, (খ) বাক্য শুদ্ধ করে লেখ : (যেকোনো **পাঁচটি**)

i. পূর্বদিকে সূর্য উদয় হয়।
ii. তোমার তথ্য গ্রাহ্যযোগ্য নয়।
iii. অপব্যয় একটি মারাত্মক ব্যাধি।
iv. সে অপমান হইয়াছে।
v. তাহার লেখাপড়ায় মনযোগ নাই।
vi. শুধুমাত্র তুমি গেলেই হবে।
vii. সময় বড় সংক্ষেপ।
viii. তিনি আরোগ্য হয়েছেন।

নির্মিতি অংশ : মান-৭০

৭. (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Account, Capital, File, Hand-bill, Key-word, Lease, Pay, Rank, Vacation, Zone.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Home is the first school where the child learns his first lessons. The first lessons are very important for

the development of his mind. He sees, hears and begins to learn at home. It is home that builds his character. In a good home honest and healthy men are made.

৮. (ক) কলেজে প্রথম দিনের অনুভূতি ব্যক্ত করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) বন্যাদুর্গত এলাকার বিপর্যস্ত জনজীবনের বিবরণ দিয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯. (ক) তোমার জীবনের লক্ষ্য জানিয়ে তোমার বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো শিক্ষা প্রতিষ্ঠানে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০. (ক) সারাংশ লেখ : ১০

নীরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকতার গান গেয়ে শোনায়। অনুভূতির কান দিয়ে সে গান শুনতে হবে। তাহলে বুঝতে পারা যাবে, জীবনের মানে বৃদ্ধি, ধর্মের মানেও তাই। প্রকৃতির যে ধর্ম, মানুষেরও সেই ধর্ম। পার্থক্য শুধু এটুকুই যে, তরুলতা ও জীবজন্তুর বৃদ্ধির ওপর তাদের নিজেদের কোনো হাত নেই, কিন্তু মানুষের বৃদ্ধির উপর তার নিজের হাত রয়েছে। আর এখানেই মানুষের মর্যাদা। মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও। মানুষকে আত্মা সৃষ্টি করে নিতে হয়, তা তৈরি পাওয়া যায় না। সুখ-দুঃখ বেদনা উপলব্ধির ফলে অন্তরের পরিপক্বতা, তাই তো আত্মা।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
যে সহে, সে রহে।

১১. (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের পর ভবিষ্যৎ জীবন নিয়ে দুই পরীক্ষার্থী বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'বিপদে বন্ধুর পরিচয়' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২. যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০

(ক) দেশপ্রেম;
(খ) আধুনিক তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার;
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প;
(ঙ) বই পড়ার আনন্দ।

মডেল টেস্ট ১২

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১. (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অধ্যাপক, লক্ষণ, দীনবন্ধু, পরীক্ষিত, চিহ্ন, আহ্বান, গ্রীষ্মকাল, অত্যাচার।

২. (ক) আধুনিক বাংলা বানানের নিয়ম অনুসারে অ-তৎসব শব্দের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ।
ঐক্যমত্য, নিশীথীনী, প্রাণিবীদ্যা, আকাঙ ক্ষা, নূন্যতম, স্বরস্বতী, ঐকতান, লজ্জাস্কর।

৩. (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি থেকে **পাঁচটি** বিশেষ্য পদ চিহ্নিত কর।
কলেজে যতগুলো পরীক্ষা পাশ করিবার সব আমি চুকায়াছি। ছেলেবেলায় আমার সুন্দর চেহারা লইয়া পণ্ডিতমশায় আমাকে শিমুল ফুল ও মাকাল ফলের সহিত তুলনা করিয়া, বিদ্রুপ করিবার সুযোগ পাইয়াছিলেন, ইহাতে তখন বড়ো লজ্জা পাইতাম, কিন্তু বয়স হইয়া একথা ভাবিয়াছি, যদি জন্মান্তর থাকে তবে আমার মুখের স্বরূপ এবং পণ্ডিতমশায়ের মুখে বিদ্রুপ আবার যেন অমনি করিয়াই প্রকাশ পায়।

৪. (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।'– আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
সলিলসমাধি, গ্রন্থকার, আকণ্ঠ, প্রবাদ, উত্তরোত্তর, নবরত্ন, শতাব্দী, বিষাদসিন্ধু।

৫. (ক) বাক্য কাকে বলে? সার্থক বাক্যের যেসব গুণাবলি প্রয়োজন তা আলোচনা কর। ৫

অথবা, (খ) নির্দেশ অনুসারে বাক্য রূপান্তর : (যেকোনো **পাঁচটি**)
i. ওরা আগামীকাল আসবে। (প্রশ্নবাচক)
ii. এখানে আসতেই হলো। (নেতিবাচক)
iii. জীবনের জন্য বৃক্ষের দিকে তাকানো প্রয়োজন। (অনুজ্ঞাবাচক)
iv. মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণ করা উচিত। (যৌগিক)
v. শিশুরা দূষণমুক্ত পরিবেশ চায়। (নেতিবাচক)
vi. পঞ্চাশের মন্বন্তরের ঘটনা ছিল অত্যন্ত ভয়াবহ। (বিস্ময়সূচক)
vii. যেসব পশু মাংস খায়, তারা অত্যন্ত বলবান (সরল)
viii. মানুষটা সমস্ত রাত খেতে পাবে না। (প্রশ্নবাচক)

৬. (ক) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ : ৫
নিজ ব্যক্তিত্বের বৈচিত্র্যতা দেখাতে সে সর্বদা সচেষ্ট। এ লক্ষ্যে বিনা প্রয়োজনে মিটিং চলাকালীন সময়েও সে যখন তখন দাঁড়িয়ে পড়ে। কেউ তার সমালোচনা করলে অপমানবোধ করে সে। নিজের দৈন্যতা সে বুঝতে পারে না কখনো। তাই নিজ অহংকারবোধ নিয়েই চলতে থাকে।

অথবা, (খ) নিম্নলিখিত বাক্যগুলো শুদ্ধ করে লেখ : (যেকোনো **পাঁচটি**)
i. বঙ্কিমচন্দ্রের ভয়ঙ্কর প্রতিভা ছিল।
ii. অপরাহ্ন লিখতে অনেকেই ভুল করে।
iii. এ কথা প্রমাণ হয়েছে।
iv. সকল ছাত্ররা উপস্থিত আছে।
v. নতুন নতুন ছেলেগুলো কলেজে বড় উৎপাত করছে।
vi. গাছটি সমূলসহ উৎপাটিত হয়েছে।
vii. পৃথিবী সর্বদা সূর্যের চারিদিকে ঘুর্ণীয়মান।
viii. অন্যান্য বিষয়গুলোর আলোচনা পরে হবে।

নির্মিতি অংশ : মান-৭০

৭. (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Undertaking, Hostile, Encyclopedia, Walk-out, Unclaimed, Renew, Quack, Vice-Chancellor.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Illiteracy is a great problem of our country. No development efforts can succeed unless illiteracy is eradicated. Eradication of illiteracy in

a country like community, organization not even the government is capable of solving this huge problem single handed. It is the social responsibility of all literate people to make some concerted efforts to remove illiteracy from the country.

৮. (ক) কলেজে প্রথম দিনের অনুভূতি ব্যক্ত করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে তোমার কলেজে আয়োজিত অনুষ্ঠানের ওপর একটি প্রতিবেদন লেখ।

৯. (ক) জরুরি রক্তের প্রয়োজনের কথা জানিয়ে বন্ধুকে একটি ই-মেইল লেখ। ১০

অথবা, (খ) কোন বিদ্যালয়ের 'সহকারী শিক্ষক' পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০. (ক) সারাংশ লেখ : ১০

স্বাধীন হওয়ার জন্য যেমন সাধনার প্রয়োজন, তেমনি স্বাধীনতা রক্ষার জন্যও প্রয়োজন সত্যনিষ্ঠা ও ন্যায়পরায়ণতা। সত্যের প্রতি শ্রদ্ধাবোধহীন জাতি যতই চেষ্টা করুক, তাদের আবেদন-নিবেদনে ফল হয় না। যে জাতির অধিকাংশ ব্যক্তি মিথ্যাচারী, সেখানে দু'চারজন সত্যনিষ্ঠকে বহু বিড়ম্বনা সহ্য করতে হয়, দুর্ভোগ পোহাতে হয়। কিন্তু মানুষকে জাতি হিসেবে মাথা তুলে দাঁড়াতে হলে তাকে সে কষ্ট সহ্য না করে উপায় নেই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

স্বদেশের উপকারে নেই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

১১. (ক) বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত সংকেত অনুসরণ করে 'বিপদে বন্ধুর পরিচয়' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর :

নদীপথে দুই বন্ধুর নৌকা ভ্রমণ-পরস্পরের জন্য আত্মত্যাগের অঙ্গীকার-আকস্মিক নৌকা ডুবে যায়– এক বন্ধু সাঁতার জানে আরেক বন্ধু সাঁতারে অক্ষম।.....

১২. যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) জাতি গঠনে ছাত্র সমাজের ভূমিকা;
(খ) বাংলাদেশের সামাজিক উৎসব;
(গ) মুক্তিযুদ্ধ ও আজকের বাংলাদেশ;
(ঘ) বাংলাদেশের ঋতু বৈচিত্র;
(ঙ) গণতন্ত্র প্রতিষ্ঠায় নির্বাচনের ভূমিকা।

মডেল টেস্ট ১৩

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১. (ক) উদাহরণসহ 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

আবৃত্তি, ঐশ্বর্য, মধ্যাহ্ন, বিষবৃক্ষ, ব্যতিক্রম, প্রায়শ্চিত্ত, অতঃপর, অশ্লীল।

২. (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

প্রতিদন্দিতা, শান্তনা, নুন্যতম, হোশীষ, সমিচিন, বুদ্ধিজিবি, আকাংঙ্খা, দুস্প্রাপ্য।

৩. (ক) যোজক কাকে বলে? কত প্রকার ও কী কী? আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

i. সারদা সুন্দরীর সামনে দিয়ে এগিয়ে চলেছে প্রতিবাদী মিছিল।
ii. পড়ন্ত বিকেলে নদীর তীরে হাঁটতে ভালো লাগে।
iii. আকণ্ঠ ভোজন অনুচিত।
iv. তুমি আমার পূর্ব বাংলা।
v. আজকাল মুঠোফোনের কদর বেড়েছে।
vi. ঠান্ডা লেগেছে, তাই আইসক্রিম খাচ্ছি না।
vii. যাক গে যাক, ওসব ভেবে লাভ নেই।
viii. তুমি আছ প্রভু জগৎ মাঝারে।

৪. (ক) উপসর্গ কাকে বলে? বাংলা উপসর্গ কয় ভাগে বিভক্ত? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যেকোনো **পাঁচটি**)

সপ্তডিঙা, হিতাহিত, সোনার বাংলা, পঙ্কজ, রাষ্ট্রপতি, যথাসাধ্য, শূলপানি, দিলদরিয়া।

৫. (ক) একটি সার্থক বাক্যের কী কী বৈশিষ্ট্য থাকা আবশ্যক? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যের রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :

i. মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণ করা উচিত। (যৌগিক)
ii. বার্ধক্যকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (মিশ্র)
iii. কী ভয়ংকর ঘটনা। (নির্দেশাত্মক)
iv. অন্যায়ের দ্বারা ন্যায়ের প্রতিষ্ঠা হয় না। (প্রশ্নবোধক)
v. শিশুরা দূষণমুক্ত পরিবেশ চায়। (নেতিবাচক)
vi. তোমার নাম কি? (অনুজ্ঞাসূচক)
vii. না পালালে রক্ষা নেই। (কার্যকারণাত্মক)
viii. লোকটি অত্যন্ত দরিদ্র। (বিস্ময়সূচক)

৬. (ক) অনুচ্ছেদে বিদ্যমান অপপ্রয়োগসমূহ শুদ্ধ কর : ৫

বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর। একথা প্রমাণ হয়েছে। জীবনে সার্থকতা লাভ করতে হইলে পাঠে মনোযোগি হইতে হয়। দূরবস্থা আকাঙ ক্ষার অন্তরায়। দৈন্যতা ভাল নয়।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

i. রবি ঠাকুরের গিতাঞ্জলী রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য।
ii. অন্না ভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।
iii. বেগম রোকেয়ার মতো বিদ্যান রমনী আর নেই।
iv. রাঙামাটি পার্বতীয় এলাকা।
v. আপনি কি আমার স্বপক্ষে না বিপক্ষে?
vi. বাজারে খাটি সরিষার তেল দুর্লভ।
vii. তাহার বৈমাত্রের সহোদর ভিশন অসুস্থ্য।
viii. কেবলমাত্র তোমার পক্ষেই এটা করা সম্ভব।

নির্মিতি অংশ : মান-৭০

৭. (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Token, Walk-out, Colony, Epitaph, Allegation, Pen-friend, Deputation, Phonetics, Worship, Dialect, Souvenir, Faculty, By-law, Climate, Dividend.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teacher. A good teacher makes lessons interesting. He keeps students awake. He also makes them cofident and proves them clever. Everybody has something valuable inside him. A good teacher discovers the treasure hidden inside each student.

৮. (ক) তোমার কলেজে একুশে ফেব্রুয়ারি উদ্‌যাপনের দিনটির দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) ডিশ অ্যান্টেনা বা ক্যাবল টিভির সুফল ও কুফল সংক্রান্ত একটি প্রতিবেদন লেখ।

৯. (ক) বাংলাদেশের উৎসব ও সংস্কৃতি সম্পর্কে বর্ণনা করে প্রবাসী বন্ধুকে একটি ই-মেইল বার্তা পাঠাও। ১০

অথবা, (খ) একটি বেসরকারি প্রতিষ্ঠানে ব্যবস্থাপক পদে চাকরির জন্য আবেদনপত্র রচনা কর।

১০. (ক) সারাংশ লেখ : ১০

সময় ও স্রোত কারও অপেক্ষায় বসে থাকে না। চিরকাল চলতে থাকে। সময়ের নিকট অনুনয় কর, একে ভয় দেখাও, ভ্রূক্ষেপও করবে না, সময় চলে যাবে আর ফিরবে না। নষ্ট স্বাস্থ্য ও হারানো ধন পুনঃপ্রাপ্ত হওয়া যায়; কিন্তু সময় একবার গত হয়ে গেলে আর ফিরে আসে না। গত সময়ের জন্য অনুশোচনা করা নিষ্ফল। যতই কাঁদ না কেন, গত সময় কখনও ফিরে আসবে না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।

১১. (ক) সাম্প্রতিক রোহিঙ্গা উদ্বাস্তু সমস্যা প্রসঙ্গে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'বিশ্বাসঘাতক' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২. যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০

(ক) আধুনিক তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(খ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(গ) স্বদেশপ্রেম;
(ঘ) বাংলাদেশে গণতন্ত্রের ভবিষ্যৎ;
(ঙ) জাতীয় জীবনে মুক্তিযুদ্ধের চেতনা।

মডেল টেস্ট ১৪

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উদাহরণসহ বাংলা স্বরধ্বনি 'অ' এর উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
বৃহস্পতি, ঔষধ, বিজ্ঞপ্তি, অধ্যক্ষ, লাবণ্য, ঐকতান, আবৃত্তি, মর্যাদা।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে উদাহরণসহ অ-তৎসম শব্দের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
আকাংখা, নিশিথিনি, সুস্বাগত, গীতাঞ্জলী, কুপমন্ডুক, দৈনতা, নূন্যতম, দূরাবস্থা।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে লেখ। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ চিহ্নিত কর :
পোশাকে-আশাকে, কথায়-আচরণে অবিশ্বাস্য রকম বদলে গেছেন দরবেশ। প্রায় দিগম্বর দরবেশের গায়ে এখন জোব্বা পিরানের আধিক্য। লম্বা বাবরির জায়গায় সুন্দর আর ছোট করে ছাঁটা সিঁথি কাটা চুল। এখন পাঁচ ওয়াক্ত নামাজ পড়েন।

৪। (ক) নিচের যেকোনো পাঁচটি উপসর্গ যোগে শব্দ গঠন কর। ৫
উপ, আব, পরি, বে, প্র।

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যেকোনো **পাঁচটি**)
দম্পতি, পুষ্পসৌরভ, যুগান্তর, জ্যোৎস্নারাত, যথাসাধ্য, জাদুকর, পঞ্চবাণ, মৃগনয়না।

৫। (ক) উদ্দেশ্য ও বিধেয়ের সম্প্রসারণ বলতে কী বোঝ? উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যের বাক্যান্তর কর :
(i) কেন সময় নষ্ট কর? (নির্দেশাত্মক)
(ii) সমাজে দয়ার চেয়ে দায়ের জোর বেশি। (যৌগিক)
(iii) মনোযোগ দিয়ে পড় তবে পাশ করতে পারবে। (জটিল)
(iv) আমাদের ডাকের মধ্যে গরজ ছিল কিন্তু সত্য ছিল না। (সরল)
(v) জানা উচিত জননী ও জন্মভূমি স্বর্গ হতেও বড়। (অনুজ্ঞাবাচক)
(vi) দেশপ্রেমিককে সবাই ভালোবাসে। (প্রশ্নবোধক)
(vii) মন নিচুতে নামতে অনিচ্ছুক। (নেতিবাচক)
(viii) শহিদের মৃত্যু নেই। (অস্তিবাচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
সেই দিন রোববার সকাল। নিমের ডাল দিয়া মেছোয়াক করতে করতে মোদাব্বের উঠোনে পায়চারি করছিল, হঠাৎ সে তার স্বরে আর্তনাদ করে ওঠে। লোকটা এমনিতেই হুজুগে মানুষ। সামান্য কথাতেই জীবন-শীতল করা রই-রই আওয়াজ তুলিবার অভ্যাস তার। তবু সেই আওয়াজ উপেক্ষা করা সহজতর নয়। উঠানে কেউ কেউ ছুটে আসে শীঘ্রই।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।
(ii) শুধুমাত্র তুমি গেলেই হবে।
(iii) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ণ বাজানো নিষেধ।
(iv) অন্যান্য বিষয়গুলোর আলোচনা পরে হবে।
(v) আমরা তার বিদেহী আত্মার চিরশান্তি কামনা করি।
(vi) বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি।
(vii) দারিদ্রতাকে জয় করতে হলে, পরিশ্রম কর।
(viii) ছেলেটি ভয়ংকর মেধাবী।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Manuscript, Venue. White-paper,

Urbanization, Subsidy, Terminology, Zone, Racism, Legend, Notice board, Fiction, Copyright, Academic, Basic pay, Deputation.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

The real heroes are those whom the world knows not of. They work among the poor, among the distressed. They can not except any reward from them. They are moved by the sufferings of others and their main object is to relive the sufferings of others. They do not want fame. No medal glitters on their breast, no poet songs their praise.They work and die for others.

৮। (ক) বাংলা নববর্ষ উদযাপনের ওপর একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার এলাকায় অনুষ্ঠিত একটি তথ্য ও প্রযুক্তি মেলার ওপর প্রতিবেদন রচনা কর।

৯। (ক) স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুকে একটি ই-মেইল প্রেরণ কর। ১০

অথবা, (খ) স্টোর কিপার পদে চাকরির জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০

মানুষ পারিপার্শ্বিক অবস্থার অধীন হতে বাধ্য নয়; সে স্থান ত্যাগ করতেও পারে, পারিপার্শ্বিক অবস্থার বদল করেও নিতে পারে। একালের ভাষায় যাকে 'বেষ্টনী' বলে মানুষের পক্ষে তা গণ্ডি নয়, মানুষের স্থিতিগতি তার স্বেচ্ছাধীন। এই তার সুবিধা। তার অসুবিধা এই যে, তাকে জীবনধারণ করবার জন্য শরীর ও মন দুই খাটাতে হয়। পশুকেও শরীর খাটাতে হয়, মন খাটাতে হয় না; উদ্ভিদকে শরীর মন দুয়ের কোনোটিই খাটাতে হয় না। অর্থাৎ উদ্ভিদের জীবন সবচাইতে আরামের। পশুর শরীরের আরাম না থাক, মনের আরাম আছে। মানুষের শরীর-মন দুয়ের কোনোটির আরাম নেই। আমরা যদি মনের আরামের জন্য লালায়িত হই তা হলে আমরা পশুকে আদর্শ করে তুলব; এবং সেই আদর্শ অনুসারে নিজের জীবন গঠন করতে চেষ্টা করব। এ চেষ্টার ফলে আমরা শুধু মনুষ্যত্ব হারিয়ে বসব। 'স্বধর্মে নিধনং শ্রেয়ঃ পরোধর্ম ভয়াবহঃ' এই সনাতন সত্যটি মানুষের সর্বদা স্মরণ রাখা কর্তব্য, নচেৎ মানবজীবন রক্ষা করা অসম্ভব।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণ সম দহে।

১১। (ক) শব্দ দূষণ সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প লেখ :

ঋতু পরিক্রমায় প্রকৃতির বুকে হেমন্তের আগমন ঘটেছে। বাতাসে শীতের আমেজ সুস্পষ্ট। ঘরে ঘরে সোনালি ফসলের আনন্দ। চতুর্দিকে নবান্ন উৎসবের আয়োজন.....।

১২। যেকোনো **একটি** বিষয় প্রবন্ধ লেখ : ২০

(ক) দৈনন্দিন জীবনে বিজ্ঞান;
(খ) বাংলাদেশের উন্নয়নে তথ্য প্রযুক্তির ভূমিকা;
(গ) অধ্যবসায়;
(ঘ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার;
(ঙ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য ও পর্যটন শিল্প।

মডেল টেস্ট ১৫

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

ধ্বনি, পূজ্য, বিশ্ববিদ্যালয়, বিজ্ঞপ্তি, অসীম, আবৃত্তি, স্বাগত, একা।

২। (ক) বানান শুদ্ধ কর : (যেকোনো **পাঁচটি**) ৫

পিপিলিকা, পানিনী, পৈত্রিক, হোশীষ প্রত্যুশ, প্রনয়িণী, মুহুর্মুহূ, আকাংখা।

অথবা, (খ) ণ-ত্ব বিধানের যেকোনো পাঁচটি নিয়ম লেখ।

৩। (ক) সর্বনাম কাকে বলে? সর্বনামের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাকরণিক শব্দশ্রেণি নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

শয়ন, পান্তা, শর্বরী, আর, যার, সততা, ছুটোছুটি।

৪। (ক) নিচের উপসর্গ যোগে শব্দ গঠন কর এবং বাক্য রচনা কর : (যেকোনো **পাঁচটি**) ৫

প্র, পরা, অনু, বি, পরি, প্রতি, অভি, উপ, নি।

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

তৈলচিত্র, ঈ-কারান্ত, প্রবচন, যথাসাধ্য, খনার বচন, জগদ্দল, পশুরি, জনমানব।

৫। (ক) বাক্য কাকে বলে? সার্থক বাক্য গঠনে কী কী গুণ থাকা আবশ্যক? আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) যা বার্ধক্য, তাকে সবসময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (সরল)
(ii) শীতে দরিদ্র মানুষের খুব কষ্ট হয়। (বিস্ময়সূচক)
(iii) আমরা নড়লাম না। (অস্তিবাচক)
(iv) সদা সত্য বলা উচিত। (অনুজ্ঞা)
(v) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক)
(vi) লোকটি গরিব কিন্তু সৎ। (জটিল)
(vii) বিড়ালকে বোঝানো দায় হইল। (নেতিবাচক)
(viii) কী ভয়ংকর ঘটনা! (নির্দেশাত্মক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

নিরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকের গান শোনায় অনুভূতির কান দ্বারা সে গান শুনতে হবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধর্মের মানেও তাই।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) এ কথা প্রমাণ হয়েছে।
(ii) আমি এই ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
(iii) আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
(iv) বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
(v) দশচক্রে ঈশ্বর ভূত।
(vi) বঙ্কিমচন্দ্রের ভয়ংকর প্রতিভা ছিল।
(vii) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।
(viii) বিরাট গরু-ছাগলের হাট।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

New Moon, Adultery, Beverage, Calligraphy, Dilemma, Exchequer, Hydraulic, Elision, Journal, Legend,

Mayor, Principle, Stamp, Up-to-date.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Despite having some negative effects, satellite TV has added a new dimension to our oriental life providing many programmers through different channels. It is a great source of recreation and knowledge, because different channels telecast various educative dramas, movies, sports, cultural functions, news and documentaries, with the combined help of satellite and dish antenna satellite TV can telecast any programme live from the remotest part of the world. The world has turned into a global village.

৮। (ক) তোমার নিজ জন্মদিনের অনুভূতি ও অভিজ্ঞতার কথা উল্লেখ করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি সম্পর্কে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) বন্ধুকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে একজন সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

জ্ঞান যে বাহুতে বল দেয়, জ্ঞানের তাই শ্রেষ্ঠ ফল নয়; জ্ঞানের চরম ফল যে তা, চোখে আলো দেয়। জনসাধারণের চোখে জ্ঞানের আলো আনতে হবে, যাতে মানুষের সভ্যতার যা সব অমূল্য সৃষ্টি, তার জ্ঞান-বিজ্ঞান, তার কাব্যকলা, তার মূল্য জানতে পারে। জনসাধারণ যে বঞ্চিত, সে কেবল অন্ন থেকে বঞ্চিত বলে নয়, তার পরম দুর্ভাগ্য যে সভ্যতার এইসব অমৃত থেকে বঞ্চিত। জনসাধারণকে যে শেখাবে একমাত্র অন্নই তার লক্ষ্য, মনে সে তার হিতৈষী হলেও, কাজে তার স্থান জনসাধারণের বঞ্চকের দলে। পৃথিবীর যেসব দেশে আজ জনসংঘ মাথা তুলেছে, জনসাধারণের মধ্যে শিক্ষার প্রচারেই তা সম্ভব হয়েছে। তার কারণ কেবল এই নয় যে, শিক্ষার গুণে পৃথিবীর হালচাল বুঝতে পেরে জনসাধারণ জীবনযুদ্ধ জয়ের কৌশল আয়ত্ত করেছে। এর একটি প্রধান কারণ সংখ্যার অনুপাতে জনসাধারণের সমাজে শক্তি লাভের যা গুরুতর বাধা, অর্থাৎ সভ্যতা লোপের আশঙ্কা, শিক্ষিত জনসাধারণের বিরুদ্ধে সে বাধার ভিত্তি ক্রমশই দুর্বল হয়ে আসে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

আত্মশক্তি অর্জনই শিক্ষার উদ্দেশ্য।

১১। (ক) 'নিরাপদ সড়ক চাই' বিষয়ে বাবা ও মেয়ের মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'প্রতিবন্ধী মাঈশার এগিয়ে চলা' নিয়ে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) অরণ্য শোভা;

(খ) ইন্টারনেট ও আজকের বিশ্ব;

(গ) মাদকাসক্তি ও তার প্রতিকার;

(ঘ) সম্ভাবনাময় বাংলাদেশ;

(ঙ) শিষ্টাচার।

মডেল টেস্ট ১৬

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উদাহরণসহ 'ব'- ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

অশ্লীল, জিহ্বা, নিঃসন্তান, বাগ্মী, বিশ্রাম, জ্ঞাত, সন্ধ্যা, সহ্য

২। (ক) বাংলা একাডেমি প্রণীত 'প্রমিত বাংলা' বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দ বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বানান শুদ্ধ করে লেখ :

শিরচ্ছেদ, দূরাবস্থা, ইতিপূর্বে, স্বরস্বতী, বয়ঃজেষ্ঠ্য, নূন্যতম, সন্যাসী, মরুদ্যান।

৩। (ক) উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

(i) পড়ন্ত বিকেলে হাঁটতে ভালো লাগে।

(ii) চলো কোথাও বেড়াতে যাই।

(iii) গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে!

(iv) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?

(v) শাবাশ! দারুণ খেলেছে আমাদের মেয়েরা।

(vi) তুমি যে আমার কবিতা।

(vii) যত গর্জে তত বর্ষে না।

(viii) চিকচিক করে বালি।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"– আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

তেপান্তর, অনুধাবন, নাতিদীর্ঘ, জীবন প্রদীপ, মতান্তর, গজানন, বন্য-শ্বাপদ-সঙ্কুল, কুসুমকোমল।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যকে কয়ভাগে ভাগ করা যায়? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) তোমার ভুলগুলো এখনই সংশোধন কর। (নির্দেশাত্মক)

(ii) তুমি চলে যাবে, কিন্তু তোমার জিনিসপত্তর দেখবে কে? (সরল)

(iii) ভুল সকলেই করে। (প্রশ্নবাচক)

(iv) সেই বাঁশির সুর ভারী মিষ্টি। (বিস্ময়সূচক)

(v) তিনি আর নেই। (যৌগিক)

(vi) মানুষ অমর নয়। (অস্তিবাচক)

(vii) মানুষকে ঘৃণা করা বড় পাপ। (নেতিবাচক)

(viii) কীর্তিমানের মৃত্যু নাই। (জটিল)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

নিরব ভাষায় বৃক্ষ আমাদের স্বার্থকতার গান গেয়ে শোনায়। অনুভূতির কান দিয়ে সে গান শুনতে হবে। তাহলে বুঝিতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি ধর্মের মানেও তাই।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) বিধি ল ঘন হয়েছে।

(ii) এক অগ্রহায়ণে শীত যায় না।

(iii) বিরাট গরু-ছাগলের হাট

(iv) ক্লাস চলাকালীন সময়ে কথা বলবে না।
(v) আমি জানি, সে নির্দোষী।
(vi) শুধুমাত্র তিনটি নম্বরের জন্য সে অকৃতকার্য হয়েছে।
(vii) তিনি আরোগ্য হয়েছেন।
(viii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Dialect, Blue-Print, Ad-hoc, Copyright, Green Room, Deed of gift, Lien, White paper, Public works, Deputation, File, Hand-bill, Refugee, Chancellor, Bureaucracy.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teachers. A good teacher makes lessons interesting. He keeps pupils and students awake. He also make them confident and proves them clever. Everybody has something valuable in him. A good teacher discovers the treasure hidden inside each student.

৮। (ক) একটি গ্রাম্যমেলা দেখার অনুভূতি ব্যক্ত করে দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার কলেজ গ্রন্থাগার সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৯। (ক) নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো সরকারি অফিসে জুনিয়র অফিসার পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
স্বাধীন হওয়ার জন্য যেমন সাধনার প্রয়োজন, তেমনি স্বাধীনতা রক্ষার জন্যও প্রয়োজন সত্যনিষ্ঠা ও ন্যায়পরায়ণতা। সত্যের প্রতি শ্রদ্ধাবোধহীন জাতি যতই চেষ্টা করুক, তাদের আবেদন-নিবেদনে ফল হয় না। যে জাতির অধিকাংশ ব্যক্তি মিথ্যাচারী, সেখানে দু'চারজন সত্যনিষ্ঠকে বহু বিড়ম্বনা সহ্য করতে হয়, দুর্ভোগ পোহাতে হয়। কিন্তু মানুষকে জাতি হিসেবে মাথা তুলে দাঁড়াতে হলে তাকে সে কষ্ট সহ্য না করে উপায় নেই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

১১। (ক) সংস্কৃতি ও অপসংস্কৃতি নিয়ে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'স্বপ্নের চাবি' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। নিচের যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) মুক্তিযুদ্ধের চেতনা;
(খ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(গ) জাতীয় জীবনে আকাশ-সংস্কৃতির প্রভাব;
(ঘ) জীবাশ্ম জ্বালানী ও ভবিষ্যৎ পৃথিবী;
(ঙ) একটি পূর্ণিমার রাত।

মডেল টেস্ট ১৭

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) ম-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অধ্যক্ষ, অতি, ব্রাহ্মণ, আহ্বান, দক্ষ, গ্রীষ্মকাল, স্মর্তব্য, দ্রষ্টব্য।

২। (ক) ণ-ত্ব বিধান কী? ণ-ত্ব বিধানের চারটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
পিপিলিকা, উপরোক্ত, আকাঙ্খা, বয়জেষ্ঠ, শান্তনা, ভৌগলিক, পৈত্রিক, সায়ত্ত্বশাষন।

৩। (ক) বাংলা ভাষায় শব্দ কী কী উপায়ে গঠিত হয়? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
(i) সততা একটা মহৎ গুণ।
(ii) তোমরা নিজেরা নিজেরা সমস্যাটি মিনিয়ে ফেল।
(iii) গ্রীষ্ম অপেক্ষা বর্ষা ভালো।
(iv) আরে, তুমি আবার কখন এলে!
(v) তিল থেকে তৈল হয়।
(vi) মন্ত্রে সাধন কিংবা শরীর পাতন।
(vii) তখন টিপটিপ বৃষ্টি পড়ছিল।
(viii) ধান ভানতে শিবের গীত গেয়ো না।

৪। (ক) 'সংস্কৃত ও বাংলা ব্যাকরণে উপসর্গের সংজ্ঞার্থ এক নয়।'– আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
হিতাহিত, চাঁদমুখ, আয়কর, সপ্তাহ, অনতিবৃহৎ, তিমিরকুন্তলা, উপকণ্ঠ, মাথাপিছু।

৫। (ক) বাক্য বলতে কী বোঝ? বাক্যের গঠনগত শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)
(i) আমি এ সাক্ষী চাই না। (জটিল)
(ii) তিনি আর নেই। (যৌগিক)
(iii) ওকে চেনাই যায় না। (অস্তিবাচক)
(iv) ভুল সবার হয়। (প্রশ্নবোধক)
(v) শীতে দরিদ্র মানুষের খুব কষ্ট হয়। (বিস্ময়বোধক)
(vi) যাদের বুদ্ধি নেই তারাই একথা বিশ্বাস করবে। (সরল)
(vii) এখানে আসতেই হলো। (নেতিবাচক)
(viii) দয়া করে কিছু বলবেন না। (নির্দেশাত্মক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
ফজল স্যার ছাত্রদের ওপর রেগে গেছেন। তিনি বল্লেন, 'তোমরা এসএসসি পাশ করিয়া আসিলে কি করে? মুমুর্ষ, মনীষি, দন্দ, গীতাঞ্জলী, বানিজ্য ইত্যাদি পর্যন্ত ভুল কর। মনে রেখ, এই সমস্ত ভুলের জন্য তোমাদের ক্ষমা করা হবে না।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
(i) ইহার আবশ্যক নাই।
(ii) সব পাখিরা নীড় বাঁধে না।

(iii) আমি সাক্ষী দেব না।
(iv) চোরে চোরে চাচাতো ভাই।
(v) সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন।
(vi) এ কথা প্রমাণ হয়েছে।
(vii) বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
(viii) বিরাট গরু ছাগলের হাট।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Ad-hoc, Edition, White-paper, Aid, Copyright, Subsidy, Oath, Lien, Vehicle, X-ray, Referendum, Deposit, Census, Dialect, Zone.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teachers. A good teacher makes lessons interesting. He keeps pupils and students awake. He also make them confident and proves them clever. Everybody has something valuable in him. A good teacher discovers the treasure hidden inside each student.

৮। (ক) এলাকার একজন যুদ্ধাহত মুক্তিযোদ্ধার সাথে আলাপচারিতার অভিজ্ঞতা উল্লেখ করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) বর্তমানে নিত্যপ্রয়োজনীয় খাদ্য-দ্রব্যে ভেজাল মিশ্রণ প্রবণতা বিষয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৯। (ক) একুশে বইমেলা সম্পর্কে জানিয়ে প্রবাসী বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'বিপণন কর্মকর্তা' পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে আবেদন কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
ছাত্রজীবন আমাদের ভবিষ্যৎ জীবনের বীজ বপনের সময়। এ সময় যে যেমন বীজ বপন করবে, ভবিষ্যৎ জীবনে সে সেরূপ ফল ভোগ করবে। এ সময় যদি আমরা নিষ্ঠার সঙ্গে জ্ঞানের অনুশীলন করে যাই তবে ভবিষ্যৎ সম্ভাবনাময় হবে। আর যদি হেলায় সময় কাটিয়ে দেই, তাহলে জীবনের মহৎ উদ্দেশ্য ব্যর্থ হতে বাধ্য। যে শিক্ষা জীবন ও জীবিকার পথে কল্যাণকর, যে শিক্ষা মানুষকে উন্নত চরিত্রের অধিকারী করে তাই সর্বোৎকৃষ্ট শিক্ষা। ছাত্রদের জীবন গঠনে শিক্ষকসমাজ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তাঁদের সুষ্ঠু পরিচালনার মধ্য দিয়েই ছাত্রদের জীবন গঠিত হয় এবং উন্মুক্ত হয় মহত্তর সম্ভাবনার পথ।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
পড়িলে বই আলোকিত হই
না পড়িলে বই অন্ধকারে রই।

১১। (ক) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের পর ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত শিরোনাম অবলম্বনে **একটি** খুদে গল্প রচনা কর :
'মানুষ মানুষের জন্য'

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) অধ্যবসায়;
(খ) জাতি গঠনে নারী সমাজের ভূমিকা;
(গ) কৃষিকাজে বিজ্ঞান;
(ঘ) বাংলাদেশের সাহিত্যে মুক্তিযুদ্ধ;
(ঙ) মাদকাসক্তি ও যুবসমাজ।

মডেল টেস্ট ১৮

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অসীম, গ্রীষ্মকাল, জ্ঞাত, ব্যথা, পরীক্ষা, প্রণীত, দায়িত্ব, একতা।

২। (ক) আধুনিক বাংলা বানানে ই-কার ব্যবহারের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
প্রত্যুস, ইতমধ্যে, দৈন্যতা, শিরচ্ছেদ, শান্তনা, সম্বর্ধনা, বুদ্ধিজিবি, স্বত্বা।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
(i) তুমি যে আমার কবিতা।
(ii) আমাদের ছোট গায়ে ছোট ছোট ঘর।
(iii) উৎস ও উত্তাল দুই বন্ধু।
(iv) ভালো ফলটি খাও।
(v) বাঃ চমৎকার লিখেছ!
(vi) যথা ধর্ম তথা জয়।
(vii) শুভ্র সমুজ্জ্বল এ তাজমহল।
(viii) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?

৪। (ক) উপসর্গ কাকে বলে? বাংলা শব্দ গঠনে উপসর্গের গুরুত্ব আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ।
প্রভাকর, উপনদী, রাজপথ, উদ্বেল, জয়ন্তী, মকরমুখো, বিশালাক্ষী, অহোরাত্র।

৫। (ক) গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ কর। ৫

অথবা, (খ) বাক্যান্তর কর : (যেকোনো **পাঁচটি**)
(i) ধনীর কন্যা তার পছন্দ নয়। (অস্তিবাচক)
(ii) এখানে আসতেই হলো। (নেতিবাচক)
(iii) তিনি ধনী ছিলেন, কিন্তু সুখী ছিলেন না। (জটিল বাক্য)
(iv) মানুষ মরণশীল। (নেতিবাচক বাক্য)
(v) বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। (প্রশ্নবোধক বাক্য)
(vi) ফুলটি খুব সুন্দর। (বিস্ময়বোধক বাক্য)
(vii) যারা দেশপ্রেমিক তারা দেশকে ভালোবাসে। (সরল)
(viii) ছেলেটি গরিব হলেও মেধাবী। (যৌগিক)

৬। (ক) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
কিছুক্ষণ পর মিজান বলল, এটি লজ্জাস্কর ব্যাপার, আমরা থাকতে মেয়েরা উল্লম্ফন করবে এটি সঠিক নয়। এই বলে

মিজান একটি বৃক্ষ বেয়ে ওপরে উঠল। অন্যরা তা দেখে গৌরবান্বিত বোধ করল।

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) সব পাখিরা নীড় বাঁধে না।
(ii) পূর্ব দিকে সূর্য উদয় হয়।
(iii) পূর্বাহ্নে এসে মধ্যাহ্ন কাটিয়ে অপরাহ্নে চলে যেও।
(iv) বিদ্যান মুখ অপেক্ষা শ্রেষ্ঠ।
(v) মাধুর্য্য ও সদ্যজাদ বানান দুটি সুদ্ধ করে লেখ।
(vi) যাকে দেখতে নারী তার হাঁটা বাঁকা।
(vii) সময় বড় সংক্ষেপ।
(viii) সুশিক্ষার কোনো বিকল্প নেই।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Ad-hoc, cold war, Embargo, Gratuity, Myth, Power house, Sabotage, Violation, Galaxy, Nursery, Eye-wash, Circle, Pass-word, Blue-print, Publicity.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Students also very often put off their lessons for tomorrow. Nothing is more injurious than this habit. Men do not know what will happen tomorrow. Then a lot of troubles and danger may come and upset everything.

৮। (ক) তোমার কলেজে মহান বিজয় দিবস উদযাপনের একটি দিনলিপি প্রস্তুত কর। ১০

অথবা, (খ) তোমার কলেজ ছাত্রাবাসে বর্তমান অবস্থা বর্ণনা করে একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'অফিসার পদে' নিয়োগের জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

খুব ছোট ছিদ্রের মধ্য দিয়ে যেমন সূর্যকে দেখা যায়, তেমনি ছোট ছোট কাজের ভিতর দিয়েও কোন ব্যক্তির চরিত্রের পরিচয় ফুটে উঠে। বস্তুত মর্যাদাপূর্ণভাবে ও সুচারুরূপে সম্পন্ন ছোট ছোট কাজেই চরিত্রের পরিচয়। অন্যের প্রতি আমাদের ব্যবহার কিরূপ তাই হচ্ছে আমাদের চরিত্রের অন্যতম শ্রেষ্ঠ পরীক্ষা। বড়, ছোট ও সমবয়সীদের প্রতি সুশোভন ব্যবহার আনন্দের নিরবচ্ছিন্ন উৎস।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

সুশিক্ষিত লোকমাত্রই স্বশিক্ষিত।

১১। (ক) বাংলাদেশ ক্রিকেট দলের সম্প্রতি অর্জিত কোনো সাফল্য সম্পর্কে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে **একটি** খুদেগল্প লেখ :

পিতার আকস্মিক মৃত্যুর পর সংসারের হাল ধরতে গিয়ে লেখাপড়া ছেড়ে চাকরি নিয়েছে রাজু। ছোট ভাই মিঠু ও বোন মিনার মধ্যেই সে দেখতে পায় তার স্বপ্ন পূরণের.....।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) দৈনন্দিন জীবনে বিজ্ঞান;
(খ) অমর একুশে বইমেলা;
(গ) উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ;
(ঘ) একটি শীতের সকাল;
(ঙ) নারীশিক্ষা।

মডেল টেস্ট ১৯

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উদাহরণসহ আদ্য 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ :

প্রশংসা, ফলশ্রুতি, ঐতিহ্য, কৃষ্ণচূড়া, ভবিষ্যৎ, আবৃত্তি, চিহ্ন।

২। (ক) ণ-ত্ব বিধান কী? ণ-ত্ব বিধানের নিয়মগুলো লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

শান্তনা, সন্যাসী, প্রাণীকূল, অপরাহ্ন, শিরোচ্ছেদ, ইতিপূর্বে, স্বরশ্বতী।

৩। (ক) যোজক শব্দ কাকে বলে? উদাহরণসহ বিভিন্ন প্রকার যোজক শব্দের পরিচয় দাও। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

একটু মিটমিট করিয়া ক্ষুদ্র আলো জ্বলিতেছে– দেয়ালের উপর চঞ্চল ছায়া, প্রেতবৎ নাচিতেছে। আহার প্রস্তুত হয় নাই– এজন্য হুঁকা হাতে, নিমীলিতলোচনে আমি ভাবিতেছিলাম যে, আমি যদি নেপোলিয়ন হইতাম, তবে ওয়াটারলু জিতিতে পারিতাম কি না।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

রক্তারক্তি, যথাসাধ্য, শিক্ষামন্ত্রী, সপত্নীক, মুখচন্দ্র, প্রগতি, জ্ঞানালোক।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠনগত দিক থেকে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশানুসারে বাক্য রূপান্তর কর : (যেকোনো **পাঁচটি**)

(i) আমি রাতে ভাত খাই না। (অস্তিবাচক)
(ii) কথাটি বৈঠকে উঠিল। (নেতিবাচক)
(iii) ধনের ধর্মই অহংকার। (যৌগিক)
(iv) ভিক্ষুককে ভিক্ষা দাও। (জটিল)
(v) নতুন ধানে হোক নবান্ন। (বিবৃতি)
(vi) তোমার জীবনে সুখ চাই। (ইচ্ছাসূচক)
(vii) যখন বিপদ আসে তখন দুঃখও আসে। (সরল)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

আজকাল বানানের ব্যাপারে সকল ছাত্ররাই অমনোযোগি। তারা প্রায়ই সময়ে সান্তনা, মনোকষ্ট, পিপিলিকা নির্ভূল করিয়া লিখতে পারে না। শুধুমাত্র বই পড়িয়াই জ্ঞানের দৈন্যতা দূর করতে

চায়।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) অশ্রুজলে বুক ভেসে গেল।
(ii) অংক কষিতে ভুল করোনা।
(iii) দারিদ্র্যতা একটি অভিশাপ।
(iv) অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হা-হাকার।
(v) প্রতিযোগীতায় সকল প্রতিযোগীরাই পুরষ্কারের আষ্কাংখা করে।
(vi) মুমুর্ষ রোগীর সেবা করা সমিচীন।
(vii) তিনি মিথ্যা মামলায় সাক্ষী দিয়েছে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Ad-hoc, Boycott, Catalogue, Affidavit, Deputation, Sabotage, Lien, Mandate, Terminology, Venue, Walk-out, Up-to-date, Token, Quota, Manuscript.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Most of the students of our country are inattentive to their studies. They Waste their valuable time by involving themselves in political activity. In this way. They misuse their hard-earned money of their guardians. They should think that they are the future of the country. It is their duty to build the country nicely.

৮। (ক) সুন্দরবন ভ্রমণের বর্ণনা দিয়ে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে তোমার কলেজে আয়োজিত অনুষ্ঠানের ওপর একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) মনে কত তুমি নুহান। নিশাত তোমার ছোটবোন। সে এসএসসি পরীক্ষায় ভালো ফলাফল করেছে। তাকে অভিনন্দন জানিয়ে একটি ই-মেইল পাঠাও। ১০

অথবা, (খ) মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকের শূন্য পদে নিয়োগের জন্য প্রধান শিক্ষক বরাবর একটি আবেদন পত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

'বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। তাই বারবার সেদিকে তাকানো প্রয়োজন। মাটির রস টেনে নিয়ে নিজেকে মোটাসোটা করে তোলাতেই বৃক্ষের কাজের সমাপ্তি নয়। তাকে ফুল ফোটাতে হয়, ফল ধরাতে হয়। নইলে তার জীবন অসম্পূর্ণ থেকে যাবে। তাই বৃক্ষকে সার্থকতার প্রতীক হিসাবে গ্রহণ করার প্রয়োজনীয়তা, সজীবতা ও সার্থকতার এমন জীবন্ত দৃষ্টান্ত আর নেই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন
নহে বিদ্যা নহে ধন, হলে প্রয়োজন।

১১। (ক) ভবিষ্যৎ জীবনের উদ্দেশ্য সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'স্মৃতির মনিকোঠায়'– শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) বিজ্ঞান ও আধুনিক সভ্যতা;
(খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;
(গ) নারী শিক্ষার গুরুত্ব;
(ঘ) বাংলাদেশের পোশাক শিল্প;
(ঙ) শ্রমের মর্যাদা।

মডেল টেস্ট ২০

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১. (ক) 'অ' এবং 'হ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
সৌভাগ্য, দরখাস্ত, ঐকতান, বর্ণমালা, জাগ্রত, ঔপন্যাসিক, ঊর্ধ্বতন, অধ্যবসায়।

২. (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
নৃসংশ, ধুলিস্যাৎ, দুর্গাপূজা, ব্যাতীত, সমৃদ্ধশালী, ষড়ঋতু, মনিষী, পিপিলিকা।

৩. (ক) উদাহরণসহ ক্রিয়া পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর।
আদি কবি বাল্মীকি একদিন কাক ডাকা ভোরে সবুজ ঘাসের ওপর আনমনে বসে গাছের ডালে বসা চঞ্চল দুটি সাদা বক ও বকীর দিকে তাকাচ্ছিলেন। এমন সময় একজন শিকারি নিচ থেকে সোনালি রঙের তীর নিক্ষেপ করলেন। একটি বকের দেহে তীর বিদ্ধ হলো, বেখেয়ালি কবি বললেন দুটি শ্লোক। এভাবেই প্রথম কবিতার জন্ম।

৪. (ক) নিচের উপসর্গ যোগে শব্দ গঠন কর এবং বাক্য রচনা কর : (যেকোনো **পাঁচটি**) ৫
প্র, পরা, অনু, বি, পরি, প্রতি, অভি, উপ, নি।

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
পিতাপুত্র, ফেরিওয়ালা, মুক্তিযুদ্ধ, বাহুলতা, শিক্ষামন্ত্রী, যৌবনসূর্য, অনতিবৃহৎ, সুহৃদ।

৫. (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্য গঠনে কী কী গুণ থাকা আবশ্যক? ৫

অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যের রূপান্তর কর : (যেকোনো **পাঁচটি**)
i. একলা যেতে ভয় করবে না তো? (অস্তিবাচক)
ii. বিড়ালকে বোঝানো দায় হইল। (নেতিবাচক)
iii. সুসংবাদটা পেয়ে সে আনন্দিত হইল। (জটিল)
iv. জয় হোক, মহারাজের জয় হোক। (নির্দেশক)
v. তাকেও সঙ্গে নিলাম। (নেতিবাচক)
vi. যেতে পারলেও কেন যাবো? (যৌগিক)

vii. সে বাঁশির সুর ভারী মিষ্টি। (বিস্ময়)
viii. আমাদের এক হওয়ার সময় এসে গেছে। (প্রশ্নবাচক)

৬. (ক) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ : ৫
দারিদ্রতা আজ আর বাংলাদেশের প্রধান সমস্যা নয়। আমাদের দেশ এখন সমৃদ্ধশালী। কেবলমাত্র দুর্নীতিই আমাদের পেছনে টানছে। এ থেকে মুক্তির পাশাপাশি জাতীয় জীবনের সর্বক্ষেত্রে কৃচ্ছতা সাধন প্রয়োজন। প্রয়োজন দলমত নির্বিশেষ সখ্যতাও।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
i. আমাদের দেশ এক সময় ব্রিটিশের অধীনস্থ ছিল।
ii. ইদানীংকালে ইংরেজি ধাঁচে বাংলা বলার অপচেষ্টা দেখা যাচ্ছে।
iii. পাতায় পাতায় পড়ে শিশির নিশির।
iv. ম্যারাডোনা ফুটবলের মহারাজা।
v. তিনি স্বসম্মানে হল ত্যাগ করলেন।
vi. আমি তোমাকে অন্তরে অন্তস্থল হতে ধন্যবাদ দিলাম।

নির্মিতি অংশ : মান-৭০

৭. (ক) যেকোনো **দশটি** শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০
Agenda, Sanction, Dynamic, Sabotage, Surplus, Fine-Arts, Blue-print, Catalogue, Legend, Manifesto, Bureaucracy, Allotment, Embargo, Ad-hoc, Subsidy, Banquet.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
The aim of education to make a man fully fit for himself and the society. It means to develop the whole man who consists of body, mind and soul. It is education which aims at providing a child with opportunities so that it can bring to light its all latent qualities. An educated man should be gentle, thoughful, creative, kind, respectful, sympathetic and co-operative. If education offers no spiritual beauty, it has no value.

৮. (ক) তোমার চোখের সামনে ঘটে যাওয়া একটি মর্মান্তিক দুর্ঘটনার অভিজ্ঞতার উল্লেখ করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) খাদ্যে ভেজাল মেশানো ও এর প্রতিকার বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯. (ক) জরুরি রক্তের প্রয়োজনের কথা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি ই-মেইল লেখ। ১০

অথবা, (খ) সরকারি উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০. (ক) সারাংশ লেখ : ১০
কোন সভ্য জাতিকে অসভ্য করার ইচ্ছা যদি তোমার থাকে, তাহলে তাদের সব বই ধ্বংস করো এবং সকল পণ্ডিতকে হত্যা করো, তোমার উদ্দেশ্য সিদ্ধ হবে। লেখক, সাহিত্যিক, পণ্ডিতেরাই জাতির আত্মা। এই আত্মাকে যারা অবহেলা করে, তারা বাঁচে না। দেশকে বা জাতিকে উন্নত করতে চেষ্টা করলে, সাহিত্যের সাহায্যেই তা করতে হবে। মানব মঙ্গলের জন্য যত অনুষ্ঠান আছে, তার মধ্যে এটাই প্রধান ও সম্পূর্ণ। জাতির ভেতর সাহিত্যের ধারা সৃষ্টি করো, আর কিছুর আবশ্যকতা নেই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে।

১১. (ক) 'রোহিঙ্গা শরণার্থী' শিরোনামে শিক্ষক ও ছাত্রের মধ্যে সংলাপ তৈরি কর। ১০

অথবা, (খ) 'স্বনির্ভরতার জন্য চাই ইচ্ছা শক্তি' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২. নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে প্রবন্ধ লেখ : ২০
(ক) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(খ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(গ) পোশাক শিল্প : বর্তমান ও ভবিষ্যৎ;
(ঘ) স্বদেশপ্রেম;
(ঙ) মানবকল্যাণে বিজ্ঞান।

মডেল টেস্ট ২১

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) উচ্চারণ রীতি কাকে বলে? বাংলা উচ্চারণের চারটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ :
মন্তব্য, আবৃত্তি, অধ্যক্ষ, আহ্বান, উদাহরণ, পদ্য, খেলা, জ্ঞান।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :
বহিষ্কার, আকাঙ্খা, গীতাঞ্জলী, কৃর্তিবাস, মেধাবি, ঐক্যতান, দারিদ্রতা, পানিনী।

৩। (ক) 'আবেগ শব্দ' বলতে কী বোঝ? উদাহরণসহ শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষ পদ চিহ্নিত কর :
"নীল আকাশ। রোদেলা দুপুর। পাখিটি পাখনা মেলে দিগন্তের পথে পাড়ি জমাচ্ছে। দখিনা বাতাসে টকটকে লাল পলাশ ফুল দুলছে। তাই দেখে সাদা মেঘের দলও বলাকার মতো উড়ছে; যাব দূরে বহুদূরে।"

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"– আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
বেওয়ারিশ, সত্যভ্রষ্ট, মোহনিদ্রা, ধর্মান্তর, যথেষ্ট, রাজহংস, লেনদেন, শিক্ষামন্ত্রী।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যের বাক্যান্তর কর :
(i) বুড়ি বোধ হয় চোখে একটু কম দেখে। (নেতিবাচক)
(ii) গোপন ও নীরব সাধনা বৃক্ষেই অভিব্যক্ত, নদীতে নয়। (জটিল)
(iii) সৃজনশীল মানুষের প্রাপ্তি ও দানে পার্থক্য দেখা যায় না।

(অস্তিবাচক)

(iv) কষ্ট করলে কেষ্ট মেলে। (কার্যকারণাত্মক)

(v) কী সাংঘাতিক লোক। (নির্দেশাত্মক)

(vi) তোমার ওখানে না যাওয়াই ভালো। (অনুজ্ঞাবাচক)

(vii) সুসংবাদটা পেয়ে সে আনন্দিত হলো। (জটিল)

(viii) যে সৎ লোক সে কখনোই মিথ্যার সঙ্গে আপস করে না। (সরল)

৬। (ক) যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫

(i) ভুল লিখিতে ভুল করিও না।

(ii) একের লাঠি দশের বোঝা।

(iii) মাদকাশক্তি ভালো নয়।

(iv) বিষয়টি প্রমাণ হয়েছে।

(v) দারিদ্রতাকে জয় করতে হলে পরিশ্রম কর।

(vi) গীতাঞ্জলী পড়েছ কি?

(vii) কালীদাস বিখ্যাত কবি।

(viii) সমূলসহ বৃক্ষটি উৎপাটিত হয়েছে।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) এ কথা প্রমাণ হয়েছে।

(ii) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।

(iii) অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ অনুচিত।

(iv) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।

(v) সকল ছাত্ররা উপস্থিত আছে।

(vi) কলেজ চলাকালীন সময়ে হর্ন বাজানো নিষেধ।

(vii) ছেলেটি দুর্দান্ত মেধাবী।

(viii) আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানী ঘটে।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Acting, basic, Calendar, Donstion, Eyewash, Index, Global, Edition, Terminology, Literate, Mass education, note, pass-word, Bio-data, Census.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

A student is a learner. He must mind his studies first. He should go through with his homework and attend school regularly. A good student reads a lot oven outside his prescrined leat book. He loves knowledge for the sake of knowledge. He loves his teachers as he loves his parents.

৮। (ক) তোমার অসুস্থ বন্ধুকে দেখতে যাওয়ার অনুভূতি ব্যক্ত করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) 'সড়ক দুর্ঘটনা রোধে চাই সকলের সচেতনতা' শীর্ষক একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) তোমার কলেজে অনুষ্ঠিতব্য সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকার আমন্ত্রণ জানিয়ে একজন দেশসেবক ব্যক্তিত্ব বরাবর একটি ই-মেইল তৈরি কর। ১০

অথবা, (খ) কোনো কলেজে বাংলা বিষয়ের প্রভাষক পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

কোন সভ্য জাতিকে অসভ্য করার ইচ্ছা যদি তোমার থাকে তাহলে তাদের সব বই ধ্বংস কর এবং সকল পণ্ডিতকে হত্যা কর, তোমার উদ্দেশ্য সিদ্ধ হবে। লেখক, সাহিত্যিক ও পণ্ডিতেরাই জাতির আত্মা। এই আত্মাকে যারা অবহেলা করে, তারা বাঁচে না। দেশকে বা জাতিকে উন্নত করতে চেষ্টা করলে, সাহিত্যের সাহায্যেই তা করতে হবে। মানব মঙ্গলের জন্য যত অনুষ্ঠান আছে, তার মধ্যে এটাই প্রধান ও সম্পূর্ণ। জাতির ভেতর সাহিত্যের ধারা সৃষ্টি কর, আর কিছুর আবশ্যকতা নেই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

'মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।'

১১। (ক) উচ্চশিক্ষা গ্রহণে আগ্রহী দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত ইঙ্গিত অনুসরণে একটি খুদে গল্প রচনা কর।

'মায়ের চিঠিটা পড়ে থমকে গেল শাকিল .....।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) মুক্তিযুদ্ধের চেতনা ও আজকের বাংলাদেশ;

(খ) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;

(গ) বাংলাদেশের পর্যটন শিল্প;

(ঘ) মাদকাসক্তি ও আমাদের যুবসমাজ;

(ঙ) বাংলাদেশের নারী উন্নয়ন।

মডেল টেস্ট ২২

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) ব-ফলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ :

অনুভব, উত্তম, এক, জন্মোৎসব, দুর্নিবার, পূর্ণচন্দ্র, ব্রাহ্মসমাজ, মৃন্ময়ী।

২। (ক) ণ-ত্ব বিধান কী? ণ-ত্ব বিধানের চারটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

আকাংখা, শান্তনা, বুদ্ধিজীবি, নুন্যতম, কর্ণেল, স্বরস্বতী, শ্বাশত, প্রতিযোগিতা।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ হতে **পাঁচটি** বিশেষণ পদ নির্বাচন কর :

সকালে মা তার ঘুমন্ত শিশুটিকে জাগিয়ে গরম দুধ খাওয়ালেন। এরপর আড়াই বছরের অবুঝ শিশুটিকে নিয়ে বাগানে লাল লাল ফুল দেখালেন। সদ্যোজাত ফুলগুলো ছিল চমৎকার। ঝকঝকে রোদে পরিবেশও ছিল সুখকর।

৪। (ক) 'সংস্কৃত ও বাংলা ব্যাকরণে উপসর্গের সংজ্ঞার্থ এক নয়।'— আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)

জনমানব, মাঠে-ময়দানে, নীললোহিত, প্রীতিভোজ, নাতিশীতোষ্ণ, হিতৈশী, অনুক্ষণ, মিনাক্ষী।

৫। (ক) বাক্য কাকে বলে? উদাহরণসহ বাংলা বাক্যের গঠনগত শ্রেণিবিভাগ দেখাও। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যের বাক্যান্তর কর

:

(i) যখন মেঘ গর্জন করে তখন ময়ূর নৃত্য করে। (সরল)
(ii) বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। (নেতিবাচক)
(iii) ফুল সকলেই ভালোবাসে। (প্রশ্নবোধক)
(iv) শীতে দরিদ্র মানুষের খুব কষ্ট হয়। (বিস্ময়বাচক)
(v) তোমাকে এই খাতায় লিখতে হবে। (অনুজ্ঞাবাচক)
(vi) যদিও সে অশিক্ষিত, তবু সে দেশপ্রেমিক। (যৌগিক)
(vii) সূর্যোদয়ে অমানিশা কেটে যাবে। (জটিল)
(viii) তারা নিয়মিত শিক্ষার্থী নয়। (অস্তিবাচক)

৬। (ক) যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫

(i) এ কথা প্রমাণ হয়েছে।
(ii) তিনি আরোগ্য হলেন।
(iii) খাঁটি গরুর দুধ স্বাস্থ্যের জন্য উপযোগী।
(iv) গৌরব লোপ হয়েছে।
(v) এ কাজ আমার পক্ষে সম্ভব নয়।
(vi) জাতীয় প্রেস ক্লাবে তিনি এক সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন।
(vii) সভায় অনেক ছাত্রগণ এসেছিল।
(viii) পরবর্তীতে আপনি আসবেন।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(ক) আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানী ঘটে।
(খ) আসছে আগামীকাল কলেজ বন্ধ থাকবে।
(গ) দশচক্রে ঈশ্বর ভূত।
(ঘ) বাংলাদেশ একটি উন্নতিশীল দেশ।
(ঙ) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে।
(চ) মেয়েটি বিদ্বান কিন্তু ঝগড়াটে।
(ছ) আমি এই ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
(জ) উৎপন্ন বৃদ্ধির জন্য কঠোর পরিশ্রম প্রয়োজন।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

agreement, black-out, code, death penalty, equation, goodwill, humanity, index, iegend, tax, up-to-date, vanue, white-paper, zoo, note.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Time is very precious. It should not be neglected. The man who makes good use of time sure to succed. All the famous person of the world made good use of time. We should follow them.

৮। (ক) ট্রেনে করে ভ্রমণের অভিজ্ঞতা এবং পারিপার্শ্বিক সৌন্দর্য বর্ণনা করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) সড়ক দুর্ঘটনা ও তার প্রতিকার সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বন্ধুকে একটি ই-মেইল পাঠাও। ১০

অথবা, (খ) কোনো প্রতিষ্ঠানে ব্যবস্থাপকের শূন্য পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

অভাব আছে বলিয়াই জগৎ বৈচিত্র্যময় হইয়াছে। অভাব না থাকিলে জীব সৃষ্টি বৃথা হইত। অভাব আছে বলিয়া অভাব পূরণে এত উদ্যোগ। সংসার অভাবক্ষেত্র বলিয়া কর্মক্ষেত্র। অভাব না থাকিলে সকলেই স্থানু স্থবির হইত। মনুষ্যজীবন বিড়ম্বনাময় হইত। মহাজ্ঞানীগণ অপরের অভাব দূর করিতে সর্বদা ব্যস্ত। জগতে অভাব আছে বলিয়াই মহাপুরুষদের মানুষ সেবা করিবার সুযোগ হইয়াছে। সেবা মানব জীবনের পরম ধর্ম। সুতরাং অভাব হইতেই সেবাধর্মের সৃষ্টি হইয়াছে। আর এই সেবাধর্মের দ্বারাই মানুষের মনুষ্যত্বসুলভ গুণ সার্থকতা লাভ করিয়াছে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

'গতিই জীবন, স্থিতিতে মৃত্যু।'

১১। (ক) বৃক্ষের প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিম্নোক্ত ইঙ্গিত অবলম্বনে একটি খুদে গল্প রচনা কর :

ছুটিতে দাদু বাড়ি এসেছে আনন্দ। পড়ন্ত বিকেলে সে দাঁড়ায় তার স্মৃতি বিজড়িত নদীটির তীরে.....।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) স্বদেশপ্রেম;
(খ) মাদকাসক্তির কারণ ও প্রতিকার;
(গ) মহাকাশে বাংলাদেশ বা বঙ্গবন্ধু স্যাটেলাইট;
(ঘ) গ্রন্থপাঠের আনন্দ;
(ঙ) বাংলাদেশের পোশাক শিল্প : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ।

মডেল টেস্ট ২৩

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ :

ঐকতান, খাদ্য, চলন্ত, মন, বিজ্ঞপ্তি, মন্তব্য, চিহ্নিত, শুষ্ক।

২। (ক) প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

পুরষ্কার, মুমুর্ষ, দূরাবস্থা, উপরোক্ত, গিতাঞ্জলী, আকাঙ ক্ষা, সম্বর্ধনা, বুদ্ধিজীবি।

৩। (ক) বাংলা ভাষার ব্যাকরণিক শব্দশ্রেণিকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

অপরের জন্য তুমি তোমার প্রাণ দাও– আমি বলতে চাই না। অপরের ক্ষুদ্র ক্ষুদ্র দুঃখ তুমি দূর কর। অপরকে একটুখানি সুখ দাও। অপরের সঙ্গে একটুখানি মিষ্টি কথা বলো। পথের অসহায় মানুষটির দিকে একটা করুণ কটাক্ষ নিক্ষেপ কর– তাহলেই অনেক হবে।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে"– আলোচনা কর। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের সমাসের নামসহ সমাস নির্ণয় কর।

বিশালাক্ষী, আমরা, অতীন্দ্রিয়, রাজনীতি, আয়কর,

বজ্রকঠোর, তেপান্তর, কানাকানি।

৫। (ক) পদক্রম কী? বাংলা বাক্যে পদক্রমের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যের বাক্যান্তর কর :

(i) কীর্তিমানের মৃত্যু নেই। (জটিল)
(ii) মানুষটা সমস্ত রাত খেতে পারে না। (প্রশ্নবোধক)
(iii) আমাদের দেশ সুন্দরভাবে এগিয়ে যাচ্ছে। (বিস্ময়বোধক)
(iv) সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার্থে সকলের কাজ করা উচিত। (অনুজ্ঞা)
(v) যে সত্য কথা বলে, সবাই তাকে ভালোবসে। (সরল)
(vi) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক)
(vii) পৃথিবী চিরস্থায়ী নয়। (অস্তিবাচক)
(viii) বাড়িটা তারা দখল করেছে। (নেতিবাচক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫

দারিদ্রতা আজ আর বাংলাদেশের প্রধান সমস্যা নয়। আমাদের দেশ এখন সমৃদ্ধশীল। কেবলমাত্র দূর্নীতিই আমাদের পেছনে টানে। এ থেকে মুক্তির পাশাপাশি জাতীয় জীবনের সর্বক্ষেত্রে কৃচ্ছতাসাধন প্রয়োজন। প্রয়োজন দলমত নির্বিশেষে সখ্যতাও।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।
(ii) দৈন্যতা কোনো সময়ই প্রশংসনীয় নয়।
(iii) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ণ বাজানো নিষেধ।
(iv) অল্পদিনের মধ্যে তিনি আরোগ্য হলেন।
(v) শুধুমাত্র টাকার জোরে সব কিছু হয় না।
(vi) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।
(vii) প্রতিযোগীতায় অংশগ্রহণ করাই বড় কথা।
(viii) ইহার আবশ্যক নাই।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Agent, Dynamic, Fiction, White-paper, Gift, Virus, Tradition, Catalogue, Annexation, Bond, Idiom. Notification, Encyclopedia, Manuscript, Public-service.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Books are men's best companion in life. You must have very good friends but you cannot get them when you need them. They may not speak gently to you. One or two may prove false and do your much harm. But books are always ready to be by your side. Some books may make you laugh. Some other may give you much pleasure.

৮। (ক) 'বাংলা নববর্ষ' উদযাপন বিষয়ে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) 'নিরাপদ সড়ক চাই' শীর্ষক বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) মহান বিজয় দিবসের অনুষ্ঠানে আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুকে ই-মেইল পাঠাও। ১০

অথবা, (খ) তোমার এলাকায় ডেঙ্গুজ্বর প্রতিরোধের আবেদন জানিয়ে পৌরসভার চেয়ারম্যানের কাছে একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

অনেকে বলেন, স্ত্রীলোকদের উচ্চ শিক্ষার প্রয়োজন নাই। মেয়েরা চর্ব্যচোষ্য রাঁধিতে পারে, বিবিধ প্রকার সেলাই করিতে পারে, দুই-চারিখানা উপন্যাস পাঠ করিতে পারে, ইহাই যথেষ্ট, আর বেশি আবশ্যক নাই। কিন্তু ডাক্তার বলেন যে, আবশ্যক আছে, যেহেতু মাতার দোষ-গুণ লইয়া পুত্রগণ ধরাধামে অবতীর্ণ হয়। এই জন্য দেখা যায় যে, আমাদের দেশে অনেক বালক শিক্ষকদের বেত্রতাড়নায় কণ্ঠস্থ বিদ্যার জোরে এফএ, বিএ পাস হয় বটে; কিন্তু বালকের মনটা তাহার মাতার সহিত রান্নাঘরেই ঘুরিতে থাকে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

১১। (ক) বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও বিশ্ব জলবায়ু পরিবর্তনের সাম্প্রতিক প্রবণতা বিষয়ে দুই বন্ধুর কথোপকথন রচনা কর। ১০

অথবা, (খ) 'মানুষ মানুষের জন্যে'– শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) আধুনিক তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(খ) গণতন্ত্রে আমাদের উত্তরণ;
(গ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার;
(ঘ) আমার যা হতে ও করতে ইচ্ছে করে;
(ঙ) বিদ্যুৎ ও আধুনিক জীবন।

মডেল টেস্ট ২৪

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড :

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ অংশ : মান-৩০

১। (ক) বাংলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ :

কবিতা, বিজ্ঞান, ঐক্য, ব্যতীত, হিংস্র, মর্যাদা, সৃজনশীল, দক্ষ।

২। (ক) প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** শব্দের বানান শুদ্ধ করে লেখ :

কান্তনা, ষ্টেডিয়াম, মুমুর্ষ, অপরাহ্ন, গীতাঞ্জলী, দৈন্যতা, স্বরস্বতী, সন্ন্যাসী।

৩। (ক) বাংলা ব্যাকরণিক শব্দশ্রেণি কাকে বলে? এর শ্রেণিবিভাগ উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ নির্বাচন কর :

আদি কবি বাল্মীকি একদিন সন্ধ্যায় তমসা নদীর তীরে ভ্রমণরত অবস্থায় গাছের ডালে বসে দুটি পাখির ক্রীড়া-কৌতুক দেখছিলেন। এমন সময় একজন শিকারী এসে তীর নিক্ষেপ করে পুরুষ পাখিটিকে হত্যা করল। বেখেয়ালি কবির কণ্ঠে ধ্বনিত হলো একটি শ্লোক। এভাবেই পৃথিবীর প্রথম কবিতা

সৃষ্টি হলো।

৪। (ক) উপসর্গ কাকে বলে? বাংলা উপসর্গ কয় ভাগে বিভক্ত? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
সাত-সতের, চতুষ্পদী, আমরণ, ইন্দ্রজিৎ, সত্যভ্রষ্ট, চাঁদমুখ, রাজপুত্র, নদীমাতৃক।

৫। (ক) বাক্য কাকে বলে? বাক্যের গঠনগত শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো **পাঁচটি** বাক্যের বাক্যান্তর কর :

(i) যে লোক চরিত্রহীন, সে পশুর চেয়েও অধম। (সরল বাক্য)
(ii) বিদ্বান হলেও তাঁর অহঙ্কার নেই। (যৌগিক বাক্য)
(iii) তিনি ধনী ছিলেন কিন্তু সুখী ছিলেন না। (জটিল বাক্য)
(iv) যদি পরিশ্রম কর, তাহলে ফল পাবে। (যৌগিক বাক্য)
(v) মানুষ মরণশীল। (অস্বীকৃতি বাক্য)
(vi) বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। (প্রশ্নবাক্য)
(vii) ফুলটি খুব সুন্দর। (আবেগ-বাক্য)
(viii) আমরা নড়লাম না। (স্বীকৃতিবাক্য)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর : ৫
কিছুক্ষণ পর মিজান বলল, এটি লজ্জাষ্কর ব্যাপার; আমরা থাকতে মেয়েরা গাছে উল্লম্ফন করবে এটি সঠিক নয়। এই বলে মিজান একটি বৃক্ষ বেয়ে ওপরে উঠল। অন্যরা তা দেখে গৌরবান্বিত বোধ করল।

অথবা, (খ) যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

(i) বিধি ল ঘন হয়েছে।
(ii) সময় বড় সংক্ষেপ।
(iii) আদিয়া বুদ্ধিমান মেয়ে।
(iv) তার পানিতে সমাধি হয়েছে।
(v) নজরুল সাহেব স্বপরিবারে বেড়াতে গেলেন।
(vi) তাকে বাড়ি যাইতে দাও।
(vii) তিনি একজন বিদ্বান নারী।
(viii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।

নির্মিতি অংশ : মান-৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Edition. Blue-Print. Catalogue. Brand, Deputation. Fine-Arts, Password, Attestation, Concession, Surety, Myth, Subsidy, Publicity, While, Annexation.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Bangladesh is now a free country. She suffered much during the last twenty five years. But for her, the days of suffering are over. She is going to enter into a age of great Prosperity. The golden land of Bangladesh will again be flowing with milk and honey.

৮। (ক) তোমার এসএসসি পরীক্ষার ফল প্রকাশের দিন সম্পর্কে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) '১৫ আগস্ট জাতীয় শোক দিবস' পালন বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বন্ধুকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে পাঁচটি বাংলা বাক্যের একটি খুদে বার্তা লেখ। ১০

অথবা, (খ) নিজ এলাকায় বিজয় দিবস উদযাপনের বর্ণনা দিয়ে প্রবাসী বন্ধুর কাছে একটি পত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
অপরের জন্য তুমি প্রাণ দাও– আমি বলতে চাইনে। অপরের ক্ষুদ্র ক্ষুদ্র দুঃখ তুমি দূর কর। অপরকে একটুখানি সুখ দাও। অপরের সঙ্গে একটুখানি মিষ্টি কথা বল। পথের অসহায় মানুষটার দিকে একটু করুণ দৃষ্টি নিক্ষেপ কর– তাহলেই অনেক হবে। চরিত্রবান, মনুষ্যত্বসম্পন্ন মানুষ নিজের চেয়ে পরের অভাবে বেশি অধীর হন, পরের দুঃখ ঢেকে রাখতে বেশি গৌরববোধ করেন।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
সাহিত্য জাতির দর্পণস্বরূপ।

১১। (ক) বৃক্ষের প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ তৈরি কর। ১০

অথবা, (খ) নিম্নোক্ত ইঙ্গিত অবলম্বনে একটি খুদে গল্প রচনা কর :
ছুটিতে দাদাবাড়ি এসেছে আদেশ। পড়ন্ত বিকেলে সে দাঁড়ায় তার স্মৃতিবিজড়িত নদীটির তীরে.....।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) মানবকল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি;
(খ) মুক্তিযুদ্ধের চেতনা;
(গ) বাংলাদেশের পোশাক শিল্প;
(ঘ) জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশ;
(ঙ) অধ্যবসায়।

SINCE-1999 NABARUN PUBLICATION